# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
## শিক্ষাবর্ষ: 2022-23 [Set - F]

### বাংলা

**০১. "অ্যাঁ এ হইল কী? কলি কি সত্যই উল্টাইতে বসিল?"- 'বিলাসী' গল্পে কেন এই উক্তিটি করা হয়েছিল?**

A. সদ্যবিধবা স্ত্রী বিলাসী স্বামীর চিতায় সহমরণে যেতে অসম্মত ছিল বলে।
B. মৃত্যুঞ্জয় কায়েতের ছেলে হয়ে সাপুড়ে হয়েছিল বলে।
C. মৃত্যুঞ্জয় সাপুড়ের মেয়ের হাতে ভাত খেয়েছে বলে।
D. পল্লিগ্রামের মানুষজন গুরুতর অসুস্থ মৃত্যুঞ্জয়ের খোঁজ করেনি বলে।

ব্যাখ্যা : 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"মৃত্যুঞ্জয়ের সেই বাগানের অংশীদার খুড়া তোলপাড় করিয়া বেড়াইতেছেন যে, গেল গেল, গ্রামটা এবার রসাতলে গেল। লানতের মিত্তির বলিয়া সমাজে আর তাঁর মুখ বাহির করিবার যো রহিল না- অকালকুষ্মাণ্ডটা একটা সাপুড়ের মেয়ে নিকা করিয়া ঘরে আনিয়াছে। আর শুধু নিকা নয়, তাও না হয় চুলায় যাক, তাহার হাতে ভাত পর্যন্ত খাইতেছে। গ্রামে যদি ইহার শাসন না থাকে তো বনে গিয়া বাস করিলেই তো হয়। কোড়োলা, হরিপুরের সমাজ একথা শুনিলে যে - ইত্যাদি ইত্যাদি। তখন ছেলে বুড়ো সকলের মুখেই ওই এক কথা -অ্যাঁ এ হইল কী? কলি কি সত্যিই উল্টাইতে বসিল।?"
Ans : C.

**০২. 'বিদ্রোহী' কবিতা অনুসরণে কোন বাক্যাংশ ভুল?**

A. দক্ষিণ-বায়ু মলয়
B. শ্যামলিমা ছায়া-ছবি
C. আকুল নিদাঘ-তিয়াসা
D. ঝড় অকাল-বৈশাখীর

ব্যাখ্যা : প্রশ্ন-সংশ্লিষ্ট 'বিদ্রোহী' কবিতার চরণসমূহ-
- "আমি উত্তর-বায়ু মলয়-অনিল উদাস পূরবী হাওয়া"।
- "আমি মরু-নির্ঝর ঝর ঝর, আমি শ্যামলিমা ছায়া-ছবি"।
- "আমি আকুল নিদাঘ-তিয়াসা, আমি রৌদ্র-রুদ্র রবি"।
- "আমি ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর"।

Ans : A.

**০৩. মহানির্বাণ কী?**

A. পুজোর সময় মন্দিরে আলোকহীন অবস্থা।
B. মাটির খোলের দুপাশে চামড়া লাগানো একধরনের বাদ্যযন্ত্র।
C. তিন বাদ্যযন্ত্রে সৃষ্ট একতান বাদন।
D. যাবতীয় বন্ধন থেকে মুক্তি।

ব্যাখ্যা : 'মহানির্বাণ' অর্থ- সব রকমের বন্ধন থেকে মুক্তি। জীবের জন্ম ও মৃত্যুর বন্ধন থেকে মুক্ত হওয়ার অবস্থা।
- 'নি' উপসর্গের সাথে 'বার্ণ' শব্দের সমন্বয়ে 'নির্বাণ'। 'নি' অর্থ নেই আর 'বার্ণ' অর্থ তীর বা বন্ধন বা তৃষ্ণা। যেখানে বন্ধন বা তৃষ্ণা নেই, তা-ই নির্বাণ।

Ans : D.

**০৪. মধুসূদন দত্ত 'অরিন্দম' বলতে কাকে বুঝিয়েছেন?**

A. রাবণের পুত্র মেঘনাদকে
B. রাবণের অনুজ বিভীষণকে
C. রাবণের মধ্যম সহোদর কুম্ভকর্ণকে
D. উপরের সবগুলোই অশুদ্ধ

ব্যাখ্যা : অরি বা শত্রুকে দমন করে যে = অরিন্দম।
'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশে 'অরিন্দম' বলতে মেঘনাদকে বোঝানো হয়েছে। মেঘনাদ হলো লঙ্কারাজ রাবণের পুত্র।
Ans : A.

**০৫. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ নয়?**

A. অবরোধবাসিনী
B. সুলতানার স্বপ্ন
C. মতিচুর
D. অর্ধাঙ্গ

ব্যাখ্যা: রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত সাহিত্যকর্ম-

| | |
|---|---|
| গদ্যগ্রন্থ | মতিচুর (২ খণ্ড), অবরোধবাসিনী (নকশাধর্মী রচনা) |
| উপন্যাস | পদ্মরাগ, সুলতানার স্বপ্ন। |

Ans : D.

**০৬. নিচের কোন কবিতাংশটি শুদ্ধ?**

A. এতকাল নদীকূলে/যাহা লয়ে ছিনু ভুলে।
B. আমি বঞ্চিত ব্যথা পথবাসী চির গৃহহারা যত পথিকের।
C. শুদ্ধ A ও B
D. মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য আয়োজন?

ব্যাখ্যা : শুদ্ধ চরণ হলো-
- "এতকাল নদীকূলে/যাহা লয়ে ছিনু ভুলে।" (সোনার তরী)।
- "আমি বঞ্চিত ব্যথা পথবাসী চির গৃহহারা যত পথিকের" (বিদ্রোহী)।
- "মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন?" (তাহারেই পড়ে মনে)।

Ans : C.

**০৭. নিচের কোন বাক্যে কর্তা উহ্য রয়েছে?**

A. এই, এদিকে এসো তো!
B. শুনে যাও।
C. তুমি কোন কাননের ফুল?
D. মাগো, ভাবনা কেন?

ব্যাখ্যা: যখন কোনো বাক্যে সমাপিকা ক্রিয়ার কর্তাটি উহ্য থাকে, কিন্তু ক্রিয়াপদটির রূপ অনুসারে কর্তা নির্ণয় করা যায়, তখন সেই কর্তাকে উহ্য কর্তা বলে। যেমন: এই, এদিকে এসো তো! (তুমি/তোমরা)। শুনে যাও। (তুমি/তোমরা)
Ans : A & B.

**০৮. কোনটি শুদ্ধ?**

A. জ্ + ঞ = জ্ঞ
B. জ্ + ঞ = ঞ্জ
C. ঞ্ + জ = জ্ঞ
D. ঞ্ + চ = ষ্ণ

ব্যাখ্যা : কতিপয় যুক্তবর্ণের বিশ্লিষ্ট রূপ-

| যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ | যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ |
|---|---|---|---|
| জ্ঞ | জ্ + ঞ | ঞ্জ | ঞ্ + জ |
| ঞ্চ | ঞ্ + চ | ক্ষ | ক্ + ষ |
| ষ্ণ | ষ্ + ণ | হ্ম | হ্ + ম |
| ত্থ | ত্ + থ | ব্ধ | ব্ + ধ |

Ans : A.

**০৯. নিচের কোনটি বহুব্রীহি সমাস?**

A. কথামৃত
B. বহুব্রীহি
C. সংসারসমুদ্র
D. উপরের একটিও নয়

ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান [illegible] কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: বহু ব্রীহি(ধান) আছে যার = বহুব্রীহি, দশ আনন(মুখ) যার = দশানন।
- কথা অমৃতের ন্যায় = কথামৃত (উপমিত কর্মধারয়)।
- সংসার রূপ সমুদ্র = সংসার সমুদ্র (রূপক কর্মধারয়)।

Ans : B.

**১০. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ?**

A. সবিতা-সুন্দর নারী
B. সবিতা-সমুদ্র
C. সবিতা-সূর্য
D. সবিতা-চন্দ্র

ব্যাখ্যা: 'সবিতা' শব্দের কতিপয় সমার্থক শব্দ-
সূর্য, রবি, তপন, আদিত্য, ভাস্কর, ভানু, মার্তণ্ড, অরুণ, অংশুমালী, প্রভাকর, দিবাকর, দিনমণি, বিভাবসু ইত্যাদি।
Ans : C.

CamScanner

**১১.** 'কী বাংলা, কী ইংরেজি- উভয় ভাষায় তিনি পারদর্শী।'- এই বাক্যে 'কী' কোন পদ?

A. ক্রিয়া বিশেষণ পদ    B. বিশেষ্য পদ
C. যোজক পদ    D. বিশেষণ পদ

ব্যাখ্যা : যেসব শব্দ পদ, বর্গ ও বাক্যেকে যুক্ত করে, তাকে যোজক শব্দ বলে। যেমন: কী বাংলা, কী ইংরেজি- উভয় ভাষায় তিনি পারদর্শী।
Ans : C.

**১২.** শুদ্ধ বানান কোনটি?

A. অপরাহ্ন    B. নিরবচ্ছিন্ন
C. অংক    D. দারিদ্রতা

ব্যাখ্যা : • নির্ + অবচ্ছিন্ন = নিরবচ্ছিন্ন। তাই এটি শুদ্ধ।
- র-এর পর 'স্বরধ্বনি' ও 'হ' থাকার কারণে 'ণ' হবে। যেমন- অপরাহ্ণ, পূর্বাহ্ণ ইত্যাদি।
- ক, খ, গ ও ঘ -এর পূর্বে 'ং' না হয়ে 'ঙ' হবে। তবে সন্ধিতে পূর্বপদে 'ম' থাকলে সেখানে 'ং' হয়। যেমন- সম্ + গীত = সংগীত।
- 'অঙ্ক' শব্দটি সন্ধিজাত নয়, তাই শুদ্ধ বানান - অঙ্ক।
- 'দারিদ্রতা' বানানটি প্রত্যয়জনিত ভুল। শুদ্ধরূপ হবে- দরিদ্রতা বা দারিদ্র্য।

Ans : B.

**১৩.** গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ কোন দেশের লেখক?

A. কলম্বিয়া    B. স্পেন
C. মেক্সিকো    D. আর্জেন্টিনা

ব্যাখ্যা : 'গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ' সম্পর্কিত কিছু তথ্য-

| | |
|---|---|
| জন্ম | আরাকাতকা, কলম্বিয়া। ৬ মার্চ, ১৯২৭। |
| মৃত্যু | ম্যাক্সিকো সিটি। ১৭ এপ্রিল, ২০১৪। |
| পেশা | সাংবাদিকতা। |
| উল্লেখযোগ্য পুরস্কার | সাহিত্যে নোবেল পুরস্কার, ১৯৮২ সালে। |
| বিশেষ পরিচয় | গল্পকার, ঔপন্যাসিক ও সাংবাদিক। |

Ans : A.

**১৪.** কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?

A. উপকারীর উপকার স্বীকার করে না যে- কৃতঘ্ন
B. আপাতত মধুর কিন্তু পরিণামে নয়- আপাতমধুর
C. পথচলার সম্বল- পাথেয়
D. প্রিয় কথা বলে যে নারী- প্রিয়ংবদা

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-
- উপকারীর উপকার স্বীকার করে যে - কৃতজ্ঞ।
- উপকারীর উপকার স্বীকার করে না যে - অকৃতজ্ঞ।
- উপকারীর অপকার করে যে - কৃতঘ্ন।
- আপাতত মধুর কিন্তু পরিণামে নয় - আপাতমধুর।
- পথচলার সম্বল - পাথেয়।
- প্রিয় কথা বলে যে নারী - প্রিয়ংবদা।

Ans : A.

**১৫.** 'জননী সাহসিকা' বলা হয় কাকে?

A. সুফিয়া কামালকে    B. জাহানারা ইমামকে
C. রোকেয়া সাখাওয়াত হোসেনকে    D. কামিনী রায়কে

ব্যাখ্যা : কতিপয় সাহিত্যিক ও তাঁদের উপাধি-

| সাহিত্যিক | উপাধি |
|---|---|
| সুফিয়া কামাল | জননী সাহসিকা |
| জাহানারা ইমাম | শহিদ জননী |
| রোকেয়া সাখাওয়াত হোসেন | নারী জাগরণের অগ্রদূত |
| নুরুন্নেসা খাতুন | সাহিত্য সরস্বতী |

Ans : A.

## English

**16.** **She as well as her parents ____ going to spend the summer vacation in the countryside.**

A. are    B. is
C. were    D. will

ব্যাখ্যা: As well as, with, along with, together with, accompanied with/by , in addition to, and not, including, excluding, but, except দ্বারা যুক্ত একাধিক noun/pronoun এর ক্ষেত্রে পূর্বের বা প্রথম noun/pronoun অনুযায়ী verb হবে। অর্থাৎ প্রথম noun/pronoun টি singular হলে verb টি singular হবে এবং noun/pronoun টি plural হলে verb টি plural হবে।
প্রদত্ত বাক্যে as well as এর পূর্বের বা প্রথম pronoun টি হলো She যা singular। তাই উপরোক্ত নিয়মানুসারে এর জন্য প্রযোজ্য verb টি sungular হতে হবে। Are এবং were উভয়ে plural verb হওয়াতে এক্ষেত্রে সঠিক হবে না। অপশন (D) ও ভুল কেননা বাক্যটি present tense এ হওয়ায় verb হিসেবে will যথার্থ নয়। সুতরাং অপশন (B) হবে সঠিক উত্তর।
Ans : B.

**17.** **Well begun ___ half done.**

A. is    B. mean
C. are    D. meaning

ব্যাখ্যা: Well begun is half done একটি প্রচলিত প্রবাদবাক্য (Proverb)। এর অর্থ হচ্ছে- 'যদি কোনোকিছু ভালভাবে শুরু করা হয় তবে এটি ইতিমধ্যেই অর্ধেক সম্পন্ন হয়েছে বা সফলভাবে সম্পন্ন হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে'। এখানে 'Well begun' হলো subject এবং 'half done' হলো Predicate complement। এই দুয়ের মধ্যে সম্পর্ক স্থাপন করতে 'is' এক্ষেত্রে Linking verb হিসেবে কাজ করছে।
Ans : A.

**18.** **The black ___ shoes are very costly.**

A. runner    B. run
C. runs    D. running

ব্যাখ্যা: কোনো বাক্যে একাধিক adjective থাকলে সেক্ষেত্রে এর normal order টি হবে-Opinion → Size → Quality → Age → Colour → Origin → Material → Type → Purpose।
প্রদত্ত বাক্যে যেহেতু Black এবং Running উভয়েই adjective সেহেতু এক্ষেত্রে order টি হলো- Colour (Black), Purpose (Running)। এখানে 'running' একইসাথে verb ও adjective হিসেবে কাজ করে বিধায় এটি Present participle(v + ing)।
Ans : D.

**19.** **A synonym of the word 'exhaustion' is-**

A. tried    B. tired
C. tiredness    D. tiresome

ব্যাখ্যা: Exhaustion - ক্লান্তি/অবসাদ।
Tried(v) - চেষ্টা করেছিল
Tired(adj) - ক্লান্ত
Tiredness(n) - ক্লান্তি/পরিশ্রান্তি
Tiresome(adj) - ক্লান্তিকর

**Exhaustion এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Tiredness, Debilitation, Fatigue, Feebleness, Weariness.
**Antonyms:** Vigor, Liveliness, Energy, Strength, Ability.
Ans : C.

CamScanner

**20. An antonym of the word 'destruction' is-**

A. devastation　B. annihilation
C. creation　D. deletion

ব্যাখ্যা : Destruction - ধ্বংস/বিনাশ।
Devastation - বিধ্বংস/লুণ্ঠন।
Annihilation - ধ্বংস/বিনাশ।
Deletion - অপসারণ/দূরীকরণ।
Creation - সৃষ্টি/উদ্ভাবন।

**Destruction এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Carnage, Extermination, Massacre, Ruin, Elimination.
**Antonyms:** Creation, Construction, Building, Restoration, Reparation.

Ans : C.

**21. The glass contains ____ drinking water.**

A. many　B. a little　C. a few　D. several

ব্যাখ্যা: 'অল্প কয়েকটি' অর্থে Countable noun এর পূর্বে a few বসে এবং 'অল্প একটু বা সামান্য পরিমাণ' অর্থে Uncountable noun এর পূর্বে a little বসে।
যেমন- I have a few relatives in the city.
(শহরে আমার অল্প কয়েকজন আত্মীয় আছে)।
I have a little money in my wallet.
(আমার মানিব্যাগে অল্প কিছু টাকা আছে)।
'অনেকগুলি' অর্থে Countable noun এর পূর্বে many বসে।
যেমন- There are many people who are helpless.
(অনেক মানুষ আছে যারা অসহায়)।
'বেশ কিছু সংখ্যক/কতিপয়' অর্থে Countable noun এর পূর্বে several ব্যবহৃত হয়। এর অর্থ a few এবং many এর মাঝামাঝি।
যেমন- I invited several friends ot the party.
(আমি পার্টিতে বেশ কয়েকজন বন্ধুকে আমন্ত্রণ জানিয়েছিলাম)।
প্রদত্ত বাক্যে 'Water' একটি Uncountable noun বিধায় এক্ষেত্রে 'অল্প একটু বা সামান্য পরিমাণ' অর্থে a little ব্যবহৃত হবে।

Ans : B.

**22. The adjective of the word 'mother' is-**

A. motherly　B. motherhood
C. mothering　D. motherese

ব্যাখ্যা: Noun এর শেষে -ly যুক্ত করে Adjective গঠন করা হয়। সুতরাং, Mother (Noun) এর সাথে -ly যুক্ত করলে হয়- Motherly(adj)। তাই অপশন (A) হবে উত্তর।
পক্ষান্তরে, Adjective এর শেষে -ly যুক্ত করে adverb গঠন করা হয়।
যেমন- rude(adj) এর সাথে -ly যুক্ত হয়ে rudely(adv)গঠন করে।

Ans : A.

**23. Would you mind ___ the door?**

A. opens　B. to open　C. open　D. opening

ব্যাখ্যা : অনুরোধ বুঝাতে Will/Would you mind এর পরে gerund (verb + ing) বসে। যেমন-
i) Will you mind checking my account?
ii) Would you mind giving me your phone number?
iii) Would you mind opening the door?
আবার, অনুরোধ বুঝাতে Would you please এর পরে verb এর base form ব্যবহৃত হয়। যেমন-
i) Would you please open the door for me?
ii) Would you please go with me?

Ans : D.

**24. The boy always studies hard, ___?**

A. does he　B. doesn't he
C. does he not　D. does not he

ব্যাখ্যা : কোনো বাক্য affirmative এ থাকলে উক্ত বাক্যের Tag Question হবে negative। এক্ষেত্রে বাক্যে যদি auxiliary verb না থাকে, শুধুমাত্র principal verb(be verb ছাড়া) থাকে তাহলে tag question করতে don't/doesn't/didn't + subject pronoun? হবে। যেমন-
i) The girl hates her mother, doesn't she?
ii) They do whatever they like, don't they?
iii) We went there, didn't we?
iv) The boy always studies hard, doesn't he?

Ans : B.

**25. Choose the correct sentence:**

A. Every boy and every girl are treated equally in this department.
B. Every boy and every girl are being treated equally in this department.
C. Every boy and every girl is treated equally in this department.
D. Every boy and every girl be treated equally in this department.

ব্যাখ্যা : and দ্বারা যুক্ত দুই বা ততোধিক singular noun এর প্রত্যেকটির পূর্বে Each, Every বা No থাকলে verb টি singular হয়। যেমন-
i) Each boy and each girl has pen
ii) Every star and every planet is the handiwork of almighty.
iii) No relative and no friend cares for me.
iv) Every boy and every girl be treated equally in this department.
তবে তিন বা ততোধিক noun থাকলে প্রথমটির পূর্বে Every ব্যবহার করলেই চলে।
যেমন- Every man, woman and child is to be educated.

Ans : C.

**26. This is the gentleman ___ helped me meet you yesterday.**

A. who　B. whom　C. which　D. whose

ব্যাখ্যা : Who, Whom, Which, Whose এরা প্রত্যেকে Relative pronoun। এদের ব্যবহার নিম্নরূপ-
**Who(যে)-** ব্যক্তিবাচক antecedent(noun/pronoun) এর ক্ষেত্রে connective হিসেবে সাধারণত who বসে।
যেমন- It was I who wanted to sing.
**Which(যা)-** বস্তুবাচক antecedent এর ক্ষেত্রে relative pronoun হিসেবে which ব্যবহৃত হয়।
যেমন- This is the watch which she gave me.
**Whose(যার)-** Noun যদি possession (কর্তৃ) অথবা connection (সম্বন্ধ) বুঝায় তবে তার পূর্বে whose বসে। এক্ষেত্রে নির্দেশিত বিভক্তি হলো- র, এর।
যেমন: She could not tell whose books were left on the table.
**Whom(যাকে)-** Verb ও preposition এর ব্যক্তিবাচক object হিসেবে ব্যবহৃত হয়।
যেমন- She is the one whom I used to love.
• প্রশ্নোক্ত বাক্যের 'the gentleman' ব্যক্তিবাচক antecedent বিধায় এক্ষেত্রে relative pronoun হিসেবে who হবে সঠিক উত্তর।

Ans : A.

CamScanner

**27.** **The passive form of the sentence 'Complete the task as soon as possible' is-**

A. Let the task complete as soon as possible.
B. Let the task be complete as soon as possible.
C. Let the task be completed as soon as possible.
D. Let the task completed as soon as possible.

ব্যাখ্যা: মূল verb দ্বারা শুরু হলে Active voice থেকে Passive voice এ পরিবর্তনের নিয়ম-
**Active** - $V_1$ + Object.
**Passive** - Let + Object + be + $V_3$
তবে যে সকল Imperative sentence দ্বারা নৈতিক বা বাস্তবিক অপরিহার্য উপদেশ বোঝায় সে সকল ক্ষেত্রে Let এর পরিবর্তে should be ব্যবহার করে Passive voice করা যায়। যেমন-
**Active** - Keep your word.
**Passive** - Your word should be kept.
**প্রদত্ত বাক্যটি মূল verb(Complete) দ্বারা শুরু হওয়ায় Active voice থেকে Passive voice হবে নিম্নরূপ-**
**Active voice** - Complete the task as soon as possible.
**Passive voice** - Let the task be completed as soon as possible.
**Ans : C.**

**28.** **The patient died ___ the doctor had died.**

A. while B. when C. before D. after

ব্যাখ্যা: • অতীতকালে সংঘটিত দুটি কাজ after দ্বারা যুক্ত হলে after এর পরে Past perfect tense এবং after এর পূর্বে Past indefinite হবে।
• তবে কাজ দুটি before দ্বারা যুক্ত হলে before এর পরে Past indefinite এবং before এর পূর্বে Past perfect tense হবে।
প্রশ্নোক্ত বাক্যের প্রথম অংশটি Past indefinite এবং পরবর্তী অংশটি Past perfect tense এ আছে বিধায় এদের পরস্পরকে যুক্ত করতে উপযুক্ত Conjunction হবে after।
**Ans : D.**

**29.** **William Shakespeare is a great ___ playwright and poet.**

A. English B. American
C. Canadian D. Australian

ব্যাখ্যা: William Shakespeare একজন ইংরেজ নাট্যকার, কবি এবং সাহিত্যিক যাকে ইংরেজি ভাষার সবচেয়ে খ্যাতিমান লেখক হিসেবে বিবেচনা করা হয়। তিনি Elizabethan period(1558-1603) এর সাহিত্যিক ব্যক্তিত্ব। তাঁর উল্লেখযোগ্য রচনাসমূহত হলো- *'Romeo and Juliet', 'Hamlet', 'Macbeth', 'Othello', 'A Midsummer Night's Dream', 'Julius Caesar', 'The Tempest', 'King Lear'* ইত্যাদি। শেক্সপিয়র 154টি সনেটের একটি সংকলনও লিখেছিলেন, যেটিকে ইংরেজি কবিতার অন্যতম শ্রেষ্ঠ কৃতিত্ব হিসেবে গণ্য করা হয়।
**Ans : A.**

**30.** **Great Expectations is a Victorian ___.**

A. short story B. play C. novel D. poem

ব্যাখ্যা : Great Expectation ইংরেজ লেখক Charles Dickens (1812-1870) এর লেখা একটি বিখ্যাত উপন্যাস (novel), যার প্রথম প্রকাশকাল 1860-1861। এই Victorian novel টির কেন্দ্রীয় চরিত্র Pip এর মধ্যে দিয়ে Charles Dickens উচ্চাকাঙ্ক্ষা (High ambition), সামাজিক শ্রেণী (Social class), প্রেম (Love) এবং ব্যক্তিগত বিকাশ (Personal Growth) এই বিষয়গুলো সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। Dickens এর আরো কয়েকটি উল্লেখযোগ্য রচনা হলো- *A Tale Of Two Cities, Oliver Twist, David Copperfield, Bleak House*।
**Ans : C.**

## ইতিহাস

**০১.** **বাঙালি জাতি প্রধানত কোন জাতিগোষ্ঠী থেকে এসেছে?**

A. অস্ট্রিক জাতি B. ইন্দো ইউরোপীয় জাতি
C. দ্রাবিড় জাতি D. আর্য জাতি

ব্যাখ্যা: • বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে- অস্ট্রিক জাতিগোষ্ঠী থেকে।
• প্রায় পাঁচ হাজার বছর পূর্বে ইন্দোচীন থেকে আসাম হয়ে বাংলায় প্রবেশ করে- অস্ট্রিক জাতি।
• অস্ট্রিক জাতির অপর নাম- নিষাদ জাতি।
• বাংলার আদিম জনগোষ্ঠীর ভাষাও 'অস্ট্রিক'।
• অস্ট্রিকদের আদি বাসস্থান ছিলো- দক্ষিণ-পূর্ব এশিয়ায়।
**Ans : A.**

**০২.** **বাংলায় স্বাধীন সুলতানি যুগের সূচনা করেন কে?**

A. আলাউদ্দীন হোসেন শাহ B. ইলতুতমিশ
C. ফখরুদ্দিন মোবারক শাহ D. ইসলাম খান

ব্যাখ্যা :

| বাংলার স্বাধীন সুলতানি শাসন (১৩৩৮-১৫৩৮) | |
|---|---|
| প্রতিষ্ঠাতা | ফখরুদ্দিন মোবারক শাহ (১৩৩৮-৪৯) |
| প্রকৃত প্রতিষ্ঠাতা | শামসুদ্দিন ইলিয়াস শাহ্ |
| সর্বশেষ শাসক | গিয়াসউদ্দিন মাহমুদ শাহ্ |
| শ্রেষ্ঠ শাসক | আলাউদ্দিন হোসেন শাহ্ |
| রাজধানী | সোনারগাঁও এবং গৌড় |

**Ans : C.**

**০৩.** **বাংলাদেশে সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ কোনটি?**

A. ছোট সোনা মসজিদ B. ষাট গম্বুজ মসজিদ
C. বায়তুল মোকাররম মসজিদ D. আদিনা মসজিদ

ব্যাখ্যা :

| প্রাচীন বিখ্যাত মসজিদসমূহ | |
|---|---|
| ষাট গম্বুজ মসজিদ | • বাগেরহাট জেলায় অবস্থিত।<br>• খান জাহান আলী (উলুঘ খান) ১৫ শতকে মসজিদটি নির্মাণ করেন।<br>• এর গম্বুজ সংখ্যা - ৮১টি, পিলার সংখ্যা - ৬০টি।<br>• ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যের অন্তর্ভুক্ত করে- ১৯৮৫ সালে। |
| সাত গম্বুজ মসজিদ | • ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত।<br>• সুবেদার শায়েস্তা খান এটি নির্মাণ করেন। |
| ছোট সোনা মসজিদ | • চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত।<br>• এটি নির্মিত হয় হোসেন শাহ এর আমলে। |
| তারা মসজিদ | • পুরান ঢাকার আরমানিটোলায় অবস্থিত।<br>• নির্মাতা- মীর্জা গোলাম পীর। (মির্জা আহমেদ জান)। |

**Ans : B.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
◆ গুচ্ছ ভর্তি পরীক্ষা
(বিজ্ঞান - A Unit, মানবিক - B Unit, বাণিজ্য - C Unit)
◆ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

CamScanner

**৩৪. বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বপ্রথম শহিদ হন কে?**

A. মুন্সী আব্দুর রব
B. নূর মোহাম্মদ
C. মোস্তফা কামাল
D. মতিউর রহমান

ব্যাখ্যা: বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বপ্রথম শহীদ হন ল্যান্স নায়েক মুন্সি আব্দুর রউফ। তিনি ৮ এপ্রিল, ১৯৭১ সালে নিহত হন। বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষ শহীদ হন - ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর। তিনি ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে মৃত্যুবরণ করেন। আর বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বকনিষ্ঠ শহীদ সিপাহী হামিদুর রহমান।

| নাম | কর্মস্থল | সেক্টর | মৃত্যু | সমাধিস্থল |
|---|---|---|---|---|
| ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ | EPR | ৮নং | ৫ সেপ্টেম্বর, ১৯৭১ | কাশিমপুর, যশোর |
| ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ | EPR | ১নং | ৮ এপ্রিল, ১৯৭১ | নানিয়ারচর, রাঙ্গামাটি |
| ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর | সেনাবাহিনী | ৭নং | ১৪ ডিসেম্বর, ১৯৭১ | চাপাইনবাবগঞ্জ |
| স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রুহুল আমিন | নৌবাহিনী | ১০নং | ১০ ডিসেম্বর, ১৯৭১ | রূপসা, খুলনা |
| সিপাহী মোস্তফা কামাল | সেনাবাহিনী | ২নং | ১৭ এপ্রিল, ১৯৭১ | আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া |
| সিপাহী হামিদুর রহমান | সেনাবাহিনী | ৪নং | ২৮ অক্টোবর, ১৯৭১ | মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে |
| ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান | বিমানবাহিনী | - | ২০ আগষ্ট, ১৯৭১ | মিরপুর শহীদ, বুদ্ধিজীবী কবরস্থান |

**Ans : A.**

**৩৫. বাংলায় দ্বৈত শাসনের অবসান ঘটে কত সালে?**

A. ১৭৭২ সালে
B. ১৭৭৩ সালে
C. ১৭৭৪ সালে
D. ১৭৭৫ সালে

ব্যাখ্যা: একটি অঞ্চলে একই সাথে দুই ধরনের শাসনকাঠামোর প্রচলনকে দ্বৈত শাসন বলা হয়। লর্ড ক্লাইভ ১৭৬৫ সালে বাংলায় দ্বৈতশাসন চালু করেন। ওয়ারেন হেস্টিংস ১৭৭২ সাল সেই দ্বৈতশাসন ব্যবস্থা রহিত করেন।

| শাসক | সংস্কার কার্যক্রম |
|---|---|
| লর্ড ক্লাইভ | • ইংরেজ সাম্রাজ্যের গোড়াপত্তন করেন (১৭৫৭)।<br>• ভারতবর্ষের প্রথম ব্রিটিশ গর্ভনর।<br>• দ্বৈতশাসন প্রবর্তন (১৭৬৫)। |
| ওয়ারেন হেস্টিংস | • দ্বৈত শাসন ব্যবস্থার রহিতকরন (১৭৭২)।<br>• পাঁচশালা ভূমি বন্দোবস্ত (১৭৭৩)।<br>• সাম্রাজ্যবাদী স্বত্ব বিলোপ নীতি (১৭৭৪)।<br>• উপমহাদেশের প্রথম রাজস্ব বোর্ড গঠন। |

**Ans : A.**

**৩৬. লর্ড কর্নওয়ালিস গভর্নর জেনারেল নিযুক্ত হন কত সালে?**

A. ১৭৮৬ সালে
B. ১৭৮৭ সালে
C. ১৯৭২ সালে
D. ১৭৮৯ সালে

ব্যাখ্যা: ১৭৮৬ সালে লর্ড কর্নওয়ালিস বাংলার গর্ভনর জেনারেল পদে নিযুক্ত হন। তার সংস্কারমূলক কার্যক্রমের মধ্যে রয়েছে-

- জমিদারী প্রথার সূত্রপাত।
- দশশালা ভূমি ব্যবস্থার প্রবর্তন (১৭৯০)।
- চিরস্থায়ী বন্দোবস্ত এর প্রবর্তন (১৭৯৩)।
- সূর্যাস্ত আইন প্রবর্তন (১৭৯৩)।

**Ans : A.**

**৩৭. স্বাধীন বাংলা ফুটবল দল গঠিত হয় কত সালে?**

A. ১৯৭০ সালে
B. ১৯৭১ সালে
C. ১৯৭২ সালে
D. ১৯৭৩ সালে

ব্যাখ্যা: 'স্বাধীন বাংলা ফুটবল দল' মুক্তিযুদ্ধ চলাকালে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সংগ্রহ এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে ভারতের বিভিন্ন স্থানে প্রদর্শনী খেলায় অংশ নেয়। এই দলটি 'স্বাধীন বাংলা ফুটবল দল' নামে পরিচিত। পৃথিবীর ইতিহাসে যুদ্ধকালীন প্রথম ফুটবল দল এটি।

- স্বাধীন বাংলা ফুটবল দল গঠিত হয় - ১৯৭১ সালের জুন মাসে।
- স্বাধীন বাংলা ফুটবল দলের সদস্য ছিলেন - ৩১ জন।
- স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক ছিলেন - জাকারিয়া পিন্টু, কোচ- ননী বসাক।

**Ans : B.**

**৩৮. বাংলায় আগত প্রথম পরিব্রাজক কে ছিলেন?**

A. মেগাস্থিনিস
B. ফা হিয়েন
C. ইবনে বতুতা
D. হিউ য়েন সাং

ব্যাখ্যা: উপমহাদেশ এবং বাংলায় আগমনকারী পরিব্রাজক-

- **ফা হিয়েন:** বাংলায় আগমনকারী প্রথম পরিব্রাজক। দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসনামলে (৩৮০-৪১৪ খ্রি.) তিনি বাংলায় আগমন করেন। তার রচিত গ্রন্থ 'ফো-কুয়ো-কিং'।
- **মেগাস্থিনিস:** ভারতীয় উপমহাদেশে আগত প্রথম পর্যটক। রাজা চন্দ্রগুপ্ত মৌর্যের শাসনামলে মেগাস্থিনিসের আগমন ঘটে। তার রচিত গ্রন্থ 'ইন্ডিকা'।
- **ইবনে বতুতা:** মরক্কোর অধিবাসী এই পর্যটক ১৩৩৩ খ্রিস্টাব্দে ভারতে আসেন। বাংলায় তার আগমন ঘটে ১৩৪৫ সালে ফখরুদ্দিন মোবারক শাহ এর শাসনামলে। ইবনে বতুতা বাংলাদেশকে 'প্রাচুর্যপূর্ণ নরক' বলে অভিহিত করেছেন। তার রচিত গ্রন্থ 'কিতাবুল রেহালা'।
- **হিউ য়েন সাং:-** রাজা হর্ষবর্ধন এর আমলে হিউ য়েন সাং বাংলায় আগমন করেন। শিলভদ্র তার দীক্ষাগুরু।

**Ans : A.**

## দর্শন

নিচের অনুচ্ছেদ অনুসারে প্রশ্ন ৩৯ ও ৪০ এর উত্তর দাও।

It is sometimes argued that there is no point in studying philosophy as all philosophers ever do is sitting around quibbling over the meaning of words. They never seem to reach any conclusions of any importance and their contribution to society is virtually non-existent. They still argue about the same problems that interested the Ancient Greeks. Philosophy does not seem to change anything; philosophy leaves everything as it is.

অনুচ্ছেদটির বঙ্গানুবাদ-

কখনো কখনো যুক্তি দেওয়া হয় যে, দর্শন অধ্যয়নের কোন প্রয়োজন নেই। কারণ, দার্শনিকরা প্রায়শই দ্ব্যর্থবোধক (Confusional meaning) শব্দ ব্যবহার করে থাকেন। গুরুত্বপূর্ণ কোনো বিষয়ে তারা কখনোই চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছাতে পারেন না এবং সমাজে তাদের অবদান কার্যত অস্তিত্বহীন। তারা প্রাচীন গ্রিকদের সমস্যা নিয়ে এখনো আলোচনা করে। দর্শন কোনকিছুই পরিবর্তন করতে পারে বলে মনে হয় না। ইহা, সবকিছু প্রকৃতির উপর ছেড়ে দেয়।

**৩৯. উপরের অনুচ্ছেদ থেকে বোঝা যায়-**

A. অনুচ্ছেদটির রচয়িতা মনে করেন দর্শন প্রকৃতপক্ষে কোনো কিছুই পরিবর্তন করতে পারে না।
B. অনুচ্ছেদটির রচয়িতা মনে করেন দর্শন প্রকৃতপক্ষে সবকিছুই পাল্টে দিতে পারে।
C. প্রাচীন গ্রিক দার্শনিকদের তত্ত্বগুলোই সবচেয়ে চিত্তাকর্ষক।
D. উপরের কোনোটিই নয়।

ব্যাখ্যা: দর্শন প্রকৃতপক্ষে কোনো কিছুই পরিবর্তন করতে পারে না। অনুচ্ছেদটিতে মূলত সেটিই বোঝানো হয়েছে।

**Ans : A.**

**৪০. উপরের অনুচ্ছেদে ব্যবহৃত 'virtually non-existent' বাক্যাংশ দ্বারা বোঝানো হয়েছে-**

A. ইন্টারনেটে প্রাপ্তব্য নয় এমন
B. কার্যত অস্তিত্বহীন
C. কুসংস্কারমুক্ত
D. কুসংস্কারযুক্ত

ব্যাখ্যা: অনুচ্ছেদ অনুযায়ী "Virtually non-existent" অর্থ কার্যত অস্তিত্বহীন।

**Ans : B.**

CamScanner

**৪১.** নিচের কোন বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে?

A. অহধর্ম দিয়েও বুদ্ধিমত তার উদ্ভব কাল থেকেই প্রভাবিত বলে পণ্ডিতগণ অনুমান করেন।

B. অহধর্ম দিয়েও বোদ্ধমত তার উদ্ভব কাল থেকেই প্রভাবিত বলে পণ্ডিতগণ অনুমান করেন।

C. অহধর্ম দিয়েও বৌদ্ধমত তার উদ্ভবকাল থেকেই প্রভাবিত বলে পণ্ডিতগণ অনুমান করেন।

D. অহধর্ম দিয়েও বৌদ্ধমত তার উদ্ভব কাল থেকেই প্রভাবিত বলে পণ্ডিতসমূহ অনুমান করেন।

ব্যাখ্যা: প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুধু অপশন (C) সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে। অপশন (A) তে বুদ্ধিমত এর স্থলে বৌদ্ধমত, অপশন (B) তে বোদ্ধমত এর স্থলে বৌদ্ধমত, অপশন (D) তে পণ্ডিতসমূহ এর স্থলে পণ্ডিতগণ হলে বাক্যগুলো সঠিক হতো।

**Ans : C.**

**৪২.** নিচের কোন বাক্যটি সঠিক ইংরেজিতে লেখা হয়েছে?

A. Russell come close to believing that human beings were instinctively impelled to destruction without its own sake.

B. Russell will come close to believing that human beings were instinctively impelled to destruction for its own sake.

C. Russell came close to believing that human beings were instinctively impelled to destruction for its own sake.

D. Russell shall come close to believing that human beings was instinctively impelled to destruction off its own sake.

ব্যাখ্যা: Russell came close to believing that human beings were instinctively impelled to destruction without his own sake.- রাসেল বিশ্বাস করতেন যে মানুষ তার নিজের স্বার্থ ছাড়াই সহজাতভাবেই ধ্বংসের দিকে চালিত হয়েছিল।

**Ans : C.**

**৪৩.** মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়-

A. ২০১৬ সালে B. ২০১৮ সালে C. ২০২০ সালে D. ২০২২ সালে

ব্যাখ্যা: মার্কিন-তালেবান ঐতিহাসিক চুক্তি-

- চুক্তি স্বাক্ষর: ২৯ ফেব্রুয়ারি, ২০২০।
- স্থান: দোহা, কাতার।
- চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য: আফগানিস্তানে শান্তি ফেরানো বা আফগান যুদ্ধের অবসান ঘটানো।

**Ans : C.**

**৪৪.** **BRTA-এর পূর্ণরূপ কোনটি?**

A. Bangladesh Railway Transport Authority

B. Bangladesh Roads & Highway Transport Authority

C. Bangladesh Road Transport Authority

D. Bangladesh Rural Transport Authority

ব্যাখ্যা :

| নাম | পূর্ণরূপ |
|---|---|
| BRTC | Bangladesh Road Transport Corporation. |
| BRTA | Bangladesh Road Transport Authority. |
| BFIU | Bangladesh Financial Intelligence Unit. |
| BIDS | Bangladesh Institute of Development Studies. |
| BRDB | Bangladesh Rural Developement Board. |
| BRRI | Bangladesh Rice Research Institute. |
| BREB | Bangladesh Rural Electrification Board. |

**Ans : C.**

**৪৫.** নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?

৪০, ৩০, ২২, ১৬, ?

A. ৭ B. ১৪

C. ৮ D. ১২

ব্যাখ্যা : ৪০ ৩০ ২২ ১৬ ১২

১০ ৮ ৬ ৪

৪০ − ১০ = ৩০ ২২ − ৬ = ১৬

৩০ − ৮ = ২২ ১৬ − ৪ = ১২

**Ans : D.**

**৪৬.** **Smile : Amusement** শব্দ-জোড়ার সদৃশ শব্দ-জোড়:

A. Angry : Happy B. Animal : Zoology

C. Tragedy : Hero D. Yawn : Boredom

ব্যাখ্যা : Smile- অর্থ হাসি, Amusement- অর্থ আনন্দ বা পরিতৃপ্তি। Yawn - হাই তোলা, Boredom - বিষণ্ণতা বা একঘেয়েমি। আনন্দ বা পরিতৃপ্তি মানুষ হাসির মাধ্যমে প্রকাশ করে। একইভাবে হাই তোলার মাধ্যমে মানুষের একঘেয়েমি প্রকাশ পায়।

**Ans : D.**

## প্রত্নতত্ত্ব

নিচের অনুচ্ছেদটি পড় এবং 47-50 নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও।

Thermoluminescence dating method based on the fact that every material on earth receives a low level of radiation from the radioactive elements in the environment. Many solid materials store small fractions of this energy, which accumulates steadily over time. When the solid material is heated, the stored energy releases and emits light, a phenomenon called thermoluminescence. The age of the sample is assumed to be the length of time since the object was heated to a very high temperature. Thermoluminescence dating has obvious applications for dating volcanic rocks and other geological formations, but it can also be applied to humanly heated objects such as clay vessels, heat-treated stone artifacts, or fired bricks. Samples are taken by crumbling an object such as a potsherd or by drilling any holes in it for core samples. The laboratory measures the natural thermoluminescence of the object with an alpha radiation counter.

অনুচ্ছেদটির বঙ্গানুবাদ-

থার্মোলুমিনিসেন্স ডেটিং পদ্ধতি এই সত্যের উপর ভিত্তি করে যে, পৃথিবীর প্রতিটি উপাদান পরিবেশের তেজস্ক্রিয় উপাদান থেকে নিম্ন স্তরের বিকিরণ গ্রহণ করে। অনেক কঠিন পদার্থ এই শক্তির ছোট ভগ্নাংশ সঞ্চয় করে, যা সময়ের সাথে সাথে স্থিরভাবে জমা হয়। যখন কঠিন পদার্থ উত্তপ্ত হয়, তখন সঞ্চিত শক্তি মুক্ত হয় এবং আলো খুব উচ্চ তাপমাত্রায় উত্তপ্ত হয়। আগ্নেয়গিরির শিলা এবং অন্যান্য ভূতাত্ত্বিক গঠনের ডেটিং করার জন্য থার্মোলুমিনেসেন্স ডেটিং- এর সুস্পষ্ট প্রয়োগ রয়েছে। তবে এটি মাটির পাত্র, তাপ-পরীক্ষা করা পাথরের নিদর্শন, বা নিক্ষেপ করা ইটগুলির মতো মানব দ্বারা উত্তপ্ত বস্তুতেও প্রয়োগ করা যেতে পারে। পটশার্ডের মতো কোনো বস্তুকে টুকরো টুকরো করে বা মূল নমুনার জন্য এতে কোনো গর্ত ড্রিল করে নমুনা নেওয়া হয়। পরীক্ষাগারটি একটি আলফা বিকিরণ কাউন্টার দিয়ে বস্তুর প্রাকৃতিক থার্মোলুমিনেসেন্স পরিমাপ করে।

CamScanner

**৪৭. থার্মোলুমিনিসেন্স কালনিরূপণ পদ্ধতির ভিত্তি হচ্ছে-**

A. পৃথিবীর প্রতিটি বস্তু পরিবেশের অন্তর্গত তেজস্ক্রিয় মৌলিক পদার্থ থেকে মৃদু তেজস্ক্রিয়তা গ্রহণ করে।

B. পৃথিবীর প্রত্যেক বস্তু তেজস্ক্রিয়তা গ্রহণ করে পরিবেশে মৃদু তেজস্ক্রিয় মৌলিক পদার্থ তৈরী করে।

C. পৃথিবীর মৃদু তেজস্ক্রিয় মৌলিক পদার্থ সকল বস্তুতে তেজস্ক্রিয়তা গ্রহণ করার পরিবেশে ঘটায়।

D. পৃথিবীর পরিবেশের অন্তর্গত তেজস্ক্রিয় মৌলিক পদার্থ প্রতিটি বস্তু থেকে মৃদু তেজস্ক্রিয়তা গ্রহণ করে।

ব্যাখ্যা: পৃথিবীর প্রতিটি উপাদান পরিবেশের তেজস্ক্রিয় উপাদান থেকে নিম্ন স্তরের বিকিরণ গ্রহণ করে। এটিই থার্মোলুমিনিসেন্স কালনিরূপণ পদ্ধতির ভিত্তি।

**Ans : A.**

**৪৮. থার্মোলুমিনিসেন্স কালনিরূপণ পদ্ধতির দ্বারা নিম্নের বস্তুগুলোর কালনিরূপণ করা যায়-**

A. পাললিক শিলা, জৈব বস্তু, মাটির পাত্র ও প্রাকৃতিক বস্তু।

B. আগ্নেয় শিলা, মানব দ্বারা আগুনে উত্তপ্ত মাটির পাত্র, উত্তপ্ত ঝকমকি পাথর ও ইট।

C. কাঠকয়লা, প্রাণির হাড়, কাদামাটি ও অনুত্তপ্ত যে কোনো বস্তু।

D. পৃথিবীর পরিবেশে প্রাপ্ত সকল বস্তু।

ব্যাখ্যা: যখন কঠিন পদার্থ উত্তপ্ত হয়, তখন সঞ্চিত শক্তি মুক্ত হয় এবং আলো নির্গত করে, এই ঘটনাকে থার্মোলুমিনেসেন্স বলা হয়। থার্মোলুমিনিসেন্স কালনিরূপণ পদ্ধতির দ্বারা আগ্নেয় শিলা, মানব দ্বারা আগুনে উত্তপ্ত মাটির পাত্র, উত্তপ্ত ঝকমকি পাথর ও ইটের কালনিরূপণ করা যায়।

**Ans : B.**

**৪৯. পরীক্ষাগারে বস্তুর প্রাকৃতিক থার্মোলুমিনিসেন্স মাপার যন্ত্রের নাম-**

A. গাইগার-মুলার কাউন্টার

B. এক্সরে ডিফ্রেকশন যন্ত্র

C. আলফা তেজস্ক্রিয় কাউন্টার

D. উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা: পরীক্ষাগারটি একটি আলফা বিকিরণ কাউন্টার দিয়ে বস্তুর প্রাকৃতিক থার্মোলুমিনেসেন্স পরিমাপ করে।

**Ans : C.**

**৫০. থার্মোলুমিনিসেন্স পেতে কালনিরূপণকৃত নমুনাটিকে-**

A. মৃদু তাপে উত্তপ্ত করতে হয়।

B. স্বাভাবিকভাবে রাখতে হয়।

C. মধ্যম তাপে উত্তপ্ত করতে হয়।

D. অতি উচ্চতাপে উত্তপ্ত করতে হয়।

ব্যাখ্যা: থার্মোলুমিনিসেন্স পেতে কালনিরূপণকৃত নমুনার সময়কে ধরে নেওয়া হয়। সে সময় ধরে বস্তুটি খুব উচ্চ তাপমাত্রায় উত্তপ্ত হয়।

**Ans : D.**

**৫১. মেঘনা নদীর উপনদী-**

A. সুরমা ও কুশিয়ারা

B. করতোয়া ও তিস্তা

C. ফেণী ও হালদা

D. মহানন্দা ও পুনর্ভবা

ব্যাখ্যা: 'সুরমা' ও 'কুশিয়ারা' মেঘনার দুটি উপনদী। নদী দুটি হবিগঞ্জের আজমেরিগঞ্জে মিলিত হয়েছে। মিলনস্থলে এর নাম 'কালনী'।

| মেঘনা | তথ্যসমূহ |
|---|---|
| উৎপত্তি | আসামের লুসাই পাহাড়। উৎপত্তিস্থলে মেঘনা নদীর নাম - বরাক ও তুইভাই। |
| বাংলাদেশে প্রবেশ | সিলেট জেলা হয়ে। |
| মেঘনা নদীর উপনদী | সুরমা ও কুশিয়ারা |

**Ans : A.**

**৫২. একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ মিলিত হলে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি হবে-**

A. ৩৬০ ডিগ্রি


B. ২৭০ ডিগ্রি

C. ৯০ ডিগ্রি

D. ১৮০ ডিগ্রি

ব্যাখ্যা: একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ মিলিত হলে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি হবে দুই সমকোণ বা ১৮০ ডিগ্রি।

- দুটি সন্নিহিত কোণের পরিমাণ ৯০° হলে, একটি কোণ অপর কোণের - পূরক কোণ।
- দুটি সন্নিহিত কোণের পরিমাণ ১৮০° হলে, একটি কোণ অপর কোণের - সম্পূরক কোণ।




**Ans : D.**

**৫৩. নাটেশ্বর প্রত্নস্থানটির অবস্থান-**

A. নরসিংদি

B. মুন্সিগঞ্জ

C. নারায়ণগঞ্জ

D. দিনাজপুর

ব্যাখ্যা: "নাটেশ্বর দেউল" বাংলাদেশের মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ী উপজেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন। এটি বিক্রমপুর অঞ্চলে ৭৮০ থেকে ৯৫০ খ্রিস্টাব্দ এবং ৯৫০ থেকে ১২৫০ খ্রিস্টাব্দের মধ্যে দুই ধাপে বৌদ্ধ স্থাপত্যশৈলীতে নির্মিত একটি নগরের ধ্বংসাবশেষ। ২০১৩ হতে ২০১৫ সাল পর্যন্ত এখানে খনন কাজ করা হয়। ১৬টি বৌদ্ধস্তুপের পাশাপাশি নাটেশ্বরে বাংলাদেশের সর্ববৃহৎ পিরামিড আকৃতির স্তুপ পাওয়া গেছে।

**Ans : B.**

**৫৪. হরপ্পা সভ্যতা যে নদীর তীরে অবস্থিত তার নাম-**

A. রাভি

B. শতদ্রু

C. ঝিলাম

D. ঘর্ঘরা

ব্যাখ্যা: হরপ্পা (সিন্ধু সভ্যতা) সিন্ধু নদীর উপনদী রাভি নদীর তীরে অবস্থিত। রাভি নদীটি 'ইরাবতি' নামেও পরিচিত।

**সিন্ধু সভ্যতা**

- উপমহাদেশের সবচেয়ে পুরাতন সভ্যতা। এটি ব্রোঞ্জযুগীয় সভ্যতা।
- আবিষ্কারক: স্যার জন মার্শাল রায় বাহাদুর দয়ারাম-সহানী রাখালদাস বন্দ্যোপাধ্যায় (১৯২২)
- হরপ্পার বর্তমান অবস্থান - পাকিস্তানের পাঞ্জাবে।
- অর্থনৈতিক ব্যবস্থা ছিল-কৃষি নির্ভর।

**Ans : A.**

## আন্তর্জাতিক সম্পর্ক

**৫৫. নিচের কোন দেশটি ন্যাটো-এর সদস্য নয়?**

A. মেক্সিকো

B. তুরস্ক

C. এস্তোনিয়া

D. বুলগেরিয়া

ব্যাখ্যা : NATO(ন্যাটো) সম্পর্কিত কিছু তথ্য:

- পূর্ণরূপ : North Atlanic Treaty Organization.
- প্রতিষ্ঠা : ৪ এপ্রিল, ১৯৪৯ সালে।
- সদর দপ্তর : ব্রাসেলস, বেলজিয়াম।
- উদ্যোক্তা রাষ্ট্র : যুক্তরাষ্ট্র।
- প্রতিষ্ঠাকালীন সদস্য: ১২টি দেশ।
- বর্তমান সদস্য সংখ্যা : ৩২টি (সর্বশেষ সুইডেন, ৭ মার্চ, ২০২৪)।
- NATO ভুক্ত মুসলিম দেশ : ২টি (আলবেনিয়া ও তুরস্ক)।
- NATO ভুক্ত ইউরোপের বাইরের দেশ : যুক্তরাষ্ট্র ও কানাডা।
- ন্যাটো'র বহুজাতিক বাহিনী : ISAF (Inter Security Assistance Force)।
- সামরিক বাহিনী নেই কিন্তু ন্যাটো'র সদস্য: আইসল্যান্ড।

**Ans : A.**

CamScanner

**৫৬.** ইসরাইলের মার্কিন দূতাবাস ২০১৮ সালে একটি নতুন শহরে স্থানান্তরিত হয়েছে। এর বর্তমান অবস্থান কোথায়?

A. জেরুসালেম    B. তেল আবিব
C. হাইফা    D. নিউ ইয়র্ক সিটি

ব্যাখ্যা: ইসরাইলে মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন দূতাবাস জেরুজালেমে অবস্থিত। ২০১৮ সালে তেল আবিব থেকে মার্কিন দূতাবাস জেরুজালেমে স্থানান্তর করা হয়।
**Ans : A.**

**৫৭.** বিশ্বের কোন গ্রুপটি **Paris Agreement**-এর সাথে যুক্ত?

A. জি-৭    B. জি-২০
C. কমনওয়েলথ নেশনস    D. CCXG

ব্যাখ্যা: CCXG বা Climate Change Expert Group জলবায়ু বিষয়ক চুক্তি 'Paris Agreement'এর সাথে যুক্ত। ২২ এপ্রিল, ২০১৬ সালে সর্বজনীন প্যারিস জলবায়ু চুক্তি স্বাক্ষরিত হয়। এটি 'কপ-২১' নামেও পরিচিত। প্যারিস জলবায়ু চুক্তি স্বাক্ষরকারী প্রথম দেশ- ফ্রান্স, সর্বশেষ স্বাক্ষরকারী - চীন।
**Ans : D.**

**৫৮.** ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে কোন দলের নেতা ছিলেন?

A. কনজার্ভেটিভ পার্টি    B. রিপাবলিক পার্টি
C. লেবার পার্টি    D. এলবা পার্টি

ব্যাখ্যা: • ব্রিটেনের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী থেরেসা মে'র দল- কনজার্ভেটিভ পার্টি।
• ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী- রবার্ট ওয়ালপোল।
• ব্রিটেনের প্রথম নারী প্রধানমন্ত্রী ছিলেন- মার্গারেট থ্যাচার (লৌহ মানবী)।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন- উইনস্টন চার্চিল (তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন)।
• যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী- কিয়ার স্টারমার।
• কিয়ার স্টারমার এর দলের নাম - লেবারপার্টি।
**Ans : A.**

**৫৯.** প্রথম **Ministerial Conference of the World Trade Organization** হয় _____ সালে।

A. ১৯৭৯    B. ১৯৮০
C. ১৯৯৮    D. ১৯৯৬

ব্যাখ্যা : 'WTO' বা World Trade Organization এর প্রথম Ministerial Conference অনুষ্ঠিত হয়- ১৯৯৬ সালে।
• 'WTO' প্রতিষ্ঠা- ১ জানুয়ারি, ১৯৯৫।
• সদর দপ্তর- জেনেভা, সুইজারল্যান্ড।
• WTO এর সিদ্ধান্ত গ্রহণ কাঠামো- Ministerial Conference.
• Ministerial Conference অনুষ্ঠিত হয়- ২ বছর পর পর।
**Ans : D.**

**৬০.** **Father of Political Science** কাকে বলা হয়?

A. সেভিরাস    B. হোমার
C. হেরোডোটাস    D. অ্যারিস্টটল

ব্যাখ্যা:

| বিষয় | জনক/প্রবক্তা | বিষয় | জনক/প্রবক্তা |
|---|---|---|---|
| অঙ্ক | আর্কিমিডিস | রাষ্ট্রবিজ্ঞান | এরিস্টটল |
| অপরাধ বিজ্ঞান | লামব্রাসো | জীববিজ্ঞান | এরিস্টটল |
| অর্থনীতি | এডাম স্মিথ | সমাজ বিজ্ঞান | আগাস্ট কোঁৎ |
| ভূগোল | ইরাটস থেনিস | | |

**Ans : D.**

**৬১.** মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?

A. বেনজামিন ফ্রাঙ্কলিন    B. জর্জ ওয়াশিংটন
C. টি৭ডি পি    D. দ্যাগ হ্যামারশোল্ড

ব্যাখ্যা :

| প্রেসিডেন্ট | তথ্য কণিকা |
|---|---|
| জর্জ ওয়াশিংটন | • মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট(১৭৮৯-১৭৯৭)। • আমেরিকার স্বাধীনতা আন্দোলনের নায়ক( মার্কিন জাতির জনক)। • আমেরিকার স্বাধীনতা যুদ্ধে ওয়াশিংটন ছিলেন- কন্টিনেন্টাল আর্মির সর্বাধিনায়ক। |
| আব্রাহাম লিংকন | • ১৬তম প্রেসিডেন্ট। • যুক্তরাষ্ট্রে ক্রীতদাস প্রথা বিলোপ করেন (১৮৬৩)। • বিখ্যাত উক্তি- "Democracy is a government of the people, by the people and for the people. • ১৯ নভেম্বর, ১৮৬৩ গেটিসবার্গ ভাষণ প্রদান করেন। |
| উড্রো উইলসন | • ২৮তম প্রেসিডেন্ট, জাতিপুঞ্জ প্রতিষ্ঠায় ১৪ দফা ঘোষণা করেন। |
| রিচার্ড নিক্সন | • বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মার্কিন প্রেসিডেন্ট। |
| জো বাইডেন | • ৪৬তম মার্কিন প্রেসিডেন্ট (সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট)। |

**Ans : B.**

**৬২.** **United Nations**-এর কোন অঙ্গসংস্থা ১৯৯৪ সাল থেকে কার্যক্রম বন্ধ রেখেছে?

A. সচিবালয়    B. ইকনোমিক এন্ড সোশ্যাল কাউন্সিল
C. ট্রাস্টিশিপ কাউন্সিল    D. ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস

ব্যাখ্যা: অছি পরিষদ (Trusteeship Council) জাতিসংঘের একটি অঙ্গ সংস্থা। পরাধীন রাষ্ট্রগুলোকে স্বাধীন করা (আস্থা বা নিরপেক্ষ), অঞ্চলের বাসিন্দাদের সেরা স্বার্থে শাসিত হওয়া এবং আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা করা অছি পরিষদের মূল কাজ। ১৯৯৪ সালে পালাউয়ের স্বাধীনতার পর থেকে সংস্থাটির কার্যক্রম বন্ধ রয়েছে।
**Ans : C.**

## জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ

**৬৩.** ২০২৩ সালে সাংবাদিকতার 'নোবেল' খ্যাত পুলিৎজার পুরস্কারের পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড কে পেল?

A. এপি    B. রয়টার্স
C. এএফপি    D. কোনোটিই নয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• ২০২৩ সালে পুলিৎজার পুরস্কার লাভ করে- যুক্তরাষ্ট্রের এপি এবং নিউইয়র্ক টাইমস।
• ২০২৪ সালে পুলিৎজার পুরস্কার লাভ করে- ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স, মার্কিন সংবাদ মাধ্যম নিউইয়র্ক টাইমস ও ওয়াশিংটন পোস্ট।
• পুলিৎজার পুরস্কার চালু হয়- ১৯১৭ সালে।
• পুলিৎজার পুরস্কার প্রদান করা হয়- সাংবাদিকতা সাহিত্য, সংগীতে অবদানের জন্য।
• মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি সাহিত্যে অবদানের জন্য পুলিৎজার পুরস্কার লাভ করেন।
**Ans : A.**

CS CamScanner

**৬৪. কোন পত্রিকাটি এখন আর প্রকাশিত হয় না?**

A. দৈনিক বাংলা B. বাংলার বাণী
C. দেশ রূপান্তর D. জনকণ্ঠ

ব্যাখ্যা: • 'বাংলার বাণী' পত্রিকা প্রথম প্রকাশিত হয় - ১৯৬৯ সালে।
• প্রকাশক- হাফেজ হাবিবুর রহমান এবং শেখ ফজলুল হক মনি।
• ১৯৭১ সালে দৈনিক বাংলার বাণী' প্রকাশিত হয় - কলকাতা থেকে।
• ১৯৮৭ সালে সেনাবাহিনীর কাছে অস্ত্র সরবরাহের অভিযোগে এরশাদ সরকার 'বাংলার বাণী' পত্রিকাটি নিষিদ্ধ করে।

**Ans : B.**

**৬৫. চিত্রনায়ক ফারুক অভিনীত চলচ্চিত্র নয় কোনটি?**

A. আলোর মিছিল B. নাগরদোলা
C. রাজধানীর বুকে D. নয়নমনি

ব্যাখ্যা: • এহতেশাম পরিচালিত "রাজধানীর বুকে" একটি নাট্য চলচ্চিত্র। এই চলচ্চিত্রের অভিনয় শিল্পীরা হলেন- শবনম, সুভাষ দত্ত ও গোলাম মুস্তাফা।
**চিত্রনায়ক ফারুক সম্পর্কিত তথ্য-**
• আসল নাম- আকবর হোসেন পাঠান দুলু।
• চলচ্চিত্র অভিষেক ঘটে- ১৯৭১ সালে এইচ আকবর পরিচালিত 'জলছবির' মাধ্যমে।
• জাতীয় চলচ্চিত্র পুরষ্কার লাভ করেন- ১৯৭৫ সালে (চলচ্চিত্র-লাঠিয়াল)।
• তাঁর অন্যান্য বিখ্যাত চলচ্চিত্র - আলোর মিছিল, সুজন সাথী, নয়নমনি, সারেং বৌ, গোলাপী এখন ট্রেনে, দিন যায় কথা থাকে, নাগরদোলা, সাহেব মিয়া ভাই ইত্যাদি।

**Ans : C.**

**৬৬. কোনটি বাংলাদেশের সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল নয়?**

A. চ্যানেল টুয়েন্টি ফোর B. ইনডিপেনডেন্ট টেলিভিশন
C. বৈশাখী টেলিভিশন D. সময় টেলিভিশন

ব্যাখ্যা : **গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
• চ্যানেল টুয়েন্টি ফোর - সংবাদভিত্তিক।
• ইনডিপেন্ডেন্ট - সংবাদভিত্তিক।
• বৈশাখী - সংবাদও বিনোদন মূলক।
• সময় টিভি - সংবাদভিত্তিক।

**Ans : C.**

**৬৭. কোনটি ওটিটি প্ল্যাটফর্ম নয়?**

A. চরকি B. বালাজি
C. হইচই D. হুলু

ব্যাখ্যা: ওটিটি (OTT) এর পূর্ণরূপ Over The Top. ঘরে বসে অনলাইনে বিনোদনমূলক অনুষ্ঠান দেখার একটি প্লাটফর্ম হলো ওটিটি।
• চরকি - বাংলাদেশের ওটিটি প্লাটফর্ম ।
• আল্ট বালাজি - ভারতের ওটিটি প্লাটফর্ম।
• হইচই - ভারতের ওটিটি ফ্লাটফর্ম।
• হুলু - যুক্তরাষ্ট্রের ওটিটি ফ্লাটফর্ম।

**Ans : B.**

**৬৮. জাতীয় সম্প্রচার নীতিমালা কোন সালে প্রণীত হয়?**

A. ২০১৪ B. ২০১৫
C. ২০১৬ D. ২০১৭

ব্যাখ্যা: সম্প্রচার আইন তৈরি এবং একটি স্বাধীন সম্প্রচার কমিশন গঠনের লক্ষ্যে ২০১৪ সালে জাতীয় সম্প্রচার নীতিমালা প্রণীত হয়।

**Ans : A.**

**৬৯. বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন কোন মন্ত্রণালয়ের অধীনে?**

A. যোগাযোগ B. তথ্য
C. সম্প্রচার D. তথ্য ও সম্প্রচার

ব্যাখ্যা : • জাতীয় চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এর সংক্ষিপ্ত রূপ - বিএফডিসি।
• বিএফডিসি যে মন্ত্রণালয়ের অধীনে - তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
• বিএফডিসি প্রতিষ্ঠিত হয়- ১৯৫৭ সালে।
• বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের প্রথম চেয়ারম্যান - আবুল কায়ের (১৯৫৭-৫৮)।

**Ans : D.**

**৭০. নিচের কোন ব্যক্তি 'চিফ হিট অফিসার' নন?**

A. জেন গিলবার্ট B. বুশরা আফরিন
C. অগাস্টাস নিকি D. এলিজাবেথ বার্গায়েনি

ব্যাখ্যা: • জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট চরম তাপের ক্রমবর্ধমান হুমকি মোকাবিলা করার কাজে নেতৃত্ব দেন - চিফ হিট অফিসার।
• বিশ্বের প্রথম চিফ হিট অফিসার নিয়োগ দেওয়া হয় - ২০২১ সালের এপ্রিলে (ফ্লোরিডার মিয়ামির ডেইড কাউন্টিতে)।
• ঢাকায় তথা এশিয়ার মধ্যে প্রথম নিয়োগ প্রাপ্ত হিট অফিসার - বুশরা আফরিন।
• চিফ হিট অফিসারের তালিকা - জেন গিলবার্ট, এলেনি মাইরিভিলি, এলিসাবেথ বারজিয়ান্নি, ইওইনা কার্গাবো, ক্রিস্টিনা হুইদোরবো তোরনাবোল, ক্রিস্টা মিলনে, টিফানি ক্রোফোর্ড এবং বুশরা আফরিন।

**Ans : C.**

**৭১. In an Antique Land (1992) গ্রন্থটির রচয়িতা কে ছিলেন?**

A. এডওয়ার্ড ডব্লিউ সাইদ B. অমিতাভ ঘোষ
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. শেরী ওর্টনার

ব্যাখ্যা: •'In an Antique Land' গ্রন্থটির রচয়িতা - অমিতাভ ঘোষ।
• অতিতাভ ঘোষ - ভারতীয় বাঙালি লেখক ও সাহিত্য সমালোচক। তার প্রকাশিত উপন্যাস সংখ্যা- ৬।
• 'In an Antique Land' বইটিতে প্রকাশিত হয়েছে- দুটি মিশরীয় গ্রামে একটি অজানা ভারতীয় ক্রীতদাসের বিবরণ পুনরুদ্ধার করার চেষ্টা।
• ২০০৪ সালে প্রকাশিত 'দ্য হাংগ্রি টাইড' এর পটভূমি - সুন্দরবন।
• 'সি অভ পপিজ' (সর্বশেষ) উপন্যাসের পটভূমি - ব্রিটিশ চীনের আফিম যুদ্ধ।

**Ans : B.**

**৭২. চিনুয়া আচেবে কোন দেশে জন্মগ্রহণ করেন?**

A. চিন B. কেনিয়া
C. ঘানা D. নাইজেরিয়া

ব্যাখ্যা: **চিনুয়া আচেবে (১৯৩০-২০১৩) সম্পর্কিত তথ্য-**
• জন্ম- আফ্রিকার দেশ নাইজেরিয়া।
• উপাধি - আফ্রিকার আধুনিক সাহিত্যের জনক।
• উল্লেখযোগ্য সাহিত্য - দি আফ্রিকান ত্রয়ী, থিংস ফল এ্যাপার্ট, নো লংগার এট ইজি, অ্যারো অব গড, এ ম্যান অব দ্য পিপল, অ্যান্টহিলস অব দ্য সাভানা।
• আফ্রিকা এবং পশ্চিমের মধ্যে সেতুবন্ধন হিসাবে কাজ করেছিলেন (লেখক হিসেবে) - চিনুয়া আচিবে।

**Ans : D.**

**৭৩. 'বিশ্ব সাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেছিলেন?**

A. জোহান ওলফো গং ফন গ্যোয়েটে
B. স্যার বিদ্যাধর সূর্য প্রসাদ নাইপল
C. স্যামুয়েল বাটলার ইয়েটস
D. ডোরিস লেসিং

ব্যাখ্যা: বস্তুত, কোনো সাহিত্যকর্ম দেশের সীমানা পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনে প্রবেশ করলে তাকে বিশ্বসাহিত্যের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হয়।
• বিশ্বসাহিত্য শব্দের প্রথম ব্যবহার করেন - গ্যোটে।
• গ্যোটে ছিলেন - জার্মান সাহিত্যিক।

**Ans : A.**

CamScanner

**৭৪.** **পাঙনরা কোন ধর্মাবলম্বী?**

A. হিন্দু
B. খ্রিষ্টান
C. বৌদ্ধ
D. ইসলাম

ব্যাখ্যা: বাংলাদেশের একমাত্র মুসলিম উপজাতি 'পাঙন'। এদের বসবাস মৌলভী বাজার জেলার কমলগঞ্জ থানায়। বর্তমানে উপজাতিটির আনুমানিক সংখ্যা প্রায় ১০ হাজার।

| ধর্ম | উপজাতি |
|---|---|
| বৌদ্ধ | চাকমা, মারমা, খুমি, রাখাইন, তঞ্চঙ্গা |
| হিন্দু/সনাতন | সাঁওতাল, হাজং, ত্রিপুরা, পাংখোয়া |
| ইসলাম | পাঙন |
| খ্রিষ্টান | খাসিয়া, গারো, লুসাই, বম ও মাহালি |
| বৈষ্ণব | ডালু, মনিপুরি |
| প্রকৃতি পূজারী | রাজবংশী, মুন্ডা |
| জড় উপাসক | ওঁরাও |

**Ans : D.**

**৭৫.** **নৃ-গোষ্ঠীর বৈশিষ্ট্য কোনটি?**

A. বৃহৎ জনগোষ্ঠীর ন্যায় ভাষা
B. স্বাজাত্যবোধের অনুপস্থিতি
C. ধর্ম, নরবংশে আলাদা
D. ক্ষুদ্র জনগোষ্ঠীর বৃহৎ অংশ

ব্যাখ্যা: নৃগোষ্ঠী হলো এমন একটি নির্দিষ্ট মানব সম্প্রদায় যারা বংশ-পরম্পরায় কিছু সাধারণ ও অভিন্ন দৈহিক বৈশিষ্ট্য ধারণ করে থাকে।

- বাংলাদেশে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা - প্রায় ১৬ লক্ষ ৫০ হাজার ১৫৯ জন (৬ষ্ট জনশুমারি ও গৃহ গণনা-২০২২)।
- বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকাংশের বসবাস - পার্বত্য চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট এবং রাজশাহীতে।
- বাংলাদেশের সর্ববৃহৎ ক্ষুদ্র নৃগোষ্ঠী - চাকমা।

**Ans : C.**

**৭৬.** **আদাম কী?**

A. চাকমা পরিবারগুচ্ছ
B. মারমাদের গ্রাম
C. গারোদের গ্রাম প্রধান
D. খাসিয়াদের গোত্র

ব্যাখ্যা : চাকমা সমাজে পাড়া বা এলাকা 'আদাম' নামে পরিচিত। কয়েকটি চাকমা পরিবারের সমন্বয়ে 'আদাম' গঠিত হয়। আদামের প্রধানকে বলা হয় 'কারবারি'। চাকমা আদাম বা পাড়ার চেয়ে বৃহৎ সংগঠন হলো গ্রাম বা মৌজা। মৌজার প্রধানকে 'হেডম্যান' বলা হয়।

**Ans : A.**

**৭৭.** **এথনোগ্রাফি কী?**

A. ফিকশন
B. উপন্যাস
C. ছোটগল্প
D. গ্রন্থবিশেষ

ব্যাখ্যা : • আদিম মানুষ এবং তাদের সংস্কৃতি সম্পর্কে তথ্যসংগ্রহের জন্য নৃবিজ্ঞানীগণ সর্বপ্রথম সূচনা করেন- এথনোগ্রাফি অধ্যয়ন।
• এথনোগ্রাফি অধ্যয়নের উদ্ভাবক - ব্রিটিশ সামাজিক নৃবিজ্ঞানী রেডফিল্ড এবং রিভার্স।

**Ans : D.**

**৭৮.** ***Writing Culture* (1986) গ্রন্থের সম্পাদকদ্বয়ের নাম কী?**

A. জেমস ক্লিফোর্ড ও জর্জ মাকার্স
B. বিষ্ণু দে ও বুদ্ধদেব বসু
C. রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলাম
D. কার্ল মার্ক্স ও সিগমুন্ড ফ্রয়েড

ব্যাখ্যা: *Writing Culture* গ্রন্থের সম্পাদকদ্বয়ের নাম - জেমস ক্লিফোর্ড ও জর্জ মাকার্স। জাতিতত্ত্ব বর্তমানে যে একটি রাজনৈতিক এবং জ্ঞানতাত্ত্বিক সংকটের মধ্যে রয়েছে, বইটিতে সে সম্পর্কে যুক্তি উপস্থাপন করা হয়েছে।

**Ans : A.**

**৭৯.** **মুক্তিযুদ্ধে পার্বত্য চট্টগ্রাম কোন সেক্টরের অধীনে ছিল?**

A. ১
B. ২
C. ৩
D. ৪

ব্যাখ্যা:

| সেক্টর নং | অঞ্চল | সেক্টর কমান্ডার (মোট ১৬ জন)ও |
|---|---|---|
| ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত | মেজর জিয়াউর রহমান<br>মেজর রফিকুল ইসলাম |
| ২ | নোয়াখালী, কুমিল্লা, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ | মেজর খালেদ মোশাররফ<br>মেজর এটি এম হায়দার |
| ৩ | ব্রাহ্মণবাড়িয়া জেলার কিছু অংশ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ | মেজর কে এম শফিউল্লাহ<br>মেজর এম এন নুরুজ্জামান |
| ৪ | সিলেট জেলার পূর্বাঞ্চল | মেজর সি আর দত্ত |
| ৫. | সিলেট জেলার পশ্চিমাঞ্চল | মেজর মীর শওকত আলী |
| ৬ | সমগ্র রংপুর বিভাগ | উইং কমান্ডার এম কে বাশার |
| ৭ | সমগ্র রাজাশাহী বিভাগ | মেজর নাজমুল হক<br>কাজী নুরুজ্জামান |
| ৮. | কুষ্টিয়া, যশোর, ভোলা ও ফরিদপুরের কিছু অংশ | মেজর আবু ওসমান চৌধুরী<br>মেজর এম এ মঞ্জুর |
| ৯ | সাতক্ষীরা খুলনার নিচের অংশ | মেজর এম এ জলিল |
| ১০ | সমগ্র নৌপথ ও সমুদ্র উপকূলীয় এলাকা | নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না |
| ১১ | সমগ্র ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলার অংশবিশেষ। | মেজর আবু তাহের<br>ফ্লাইট লে. এম হামিদুল্লাহ |

**Ans : A.**

**৮০.** **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আগরতলা ষড়যন্ত্র মামলায় কত নম্বর আসামি করা হয়েছিল?**

A. ৩৫
B. ৩৪
C. ১
D. ২

ব্যাখ্যা: আগরতলা ষড়যন্ত্র মামলা সম্পর্কিত কিছু তথ্য-

| | |
|---|---|
| মামলার আনুষ্ঠানিক নাম | "রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য" |
| মামলার মোট আসামী | ৩৫ জন |
| ৩ জানুয়ারি, ১৯৬৮ | মামলা দায়ের |
| ১৮ জানুয়ারি, ১৯৬৮ | শেখ মুজিবুর রহমান ছয় দফা আন্দোলনের মামলায় জামিন পেয়ে ঐদিনই এই মামলায় জেলগেট থেকে গ্রেফতার হন। |
| আসামী পক্ষের আইনজীবী | আব্দুস সালাম ও স্যার টমাস উইলিয়াম |
| ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ | আইয়ুব খান মামলা প্রত্যাহার করে শেখ মুজিবুর রহমান সহ অন্যান্য বন্দীদের মুক্তি প্রদান করে। |

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
## শিক্ষাবর্ষ: 2022-23 [Set - G]

### বাংলা

১. "দেখ, এমন করে মানুষ ঠকায়ো না"- 'বিলাসী' গল্পে কেন এই উক্তিটি করা হয়েছিল?
A. নির্বিষ সাপের মুখ থেকে বিষ বের করার অভিনয় করায়।
B. শনিবারে সাপ ধরা নিষেধ বলে সাপ ধরতে না যাওয়ায়।
C. মৃত্যুঞ্জয় মিথ্যে মন্ত্র পড়ে বিষ ঝাঁড়তো বলে।
D. সাপ তাড়ানোর শিকড় বিক্রি করতো বলে।

ব্যাখ্যা : 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"সাপুড়েদের সবচেয়ে লাভের ব্যবসা শিকড় বিক্রি করা, যা দেখাইবা মাত্র সাপ পালাইতে পথ পায় না। কিন্তু তার পূর্বে সামান্য একটু কাজ করিতে হইত। যে সাপটা শিকড় দেখিয়া পালাইবে, তাহার মুখে একটা লোহার শিক পুড়াইয়া বার কয়েক ছ্যাঁকা দিতে হয়। তারপর তাহাকে শিকড় দেখানো হোক বা একটা কাঠিই দেখান হোক, সে কোথায় পালাইবে তা ভাবিয়া পায় না। এই কাজটার বিরুদ্ধে বিলাসী ভয়ানক আপত্তি করিয়া মৃত্যুঞ্জয়কে বলিত, "দেখ, এমন করে মানুষ ঠকায়ো না"।"
Ans : D.

২. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার মতো ক্ষ্যাপা বলেছেন?
A. দুর্বাসা B. বিশ্বামিত্র
C. নটরাজ D. ধূর্জটি

ব্যাখ্যা : 'বিদ্রোহী' কবিতার উদ্ধৃতি-
"আমি ক্ষ্যাপা দুর্বাসা, বিশ্বামিত্র-শিষ্য,
আমি দাবানল-দাহ, দাহন করিব বিশ্ব।"
Ans : A.

৩. 'অপরিচিতা' গল্প অবলম্বনে কোন বাক্যাংশটি ঠিক?
A. আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি।
B. এ জীবনটা না অঙ্কের হিসেবে বড়ো, না গুণের হিসাবে।
C. সংগীতলক্ষীর পদ্মবন দলিত বিদলিত করিয়া আমি তো বিবাহ-বাড়িতে গিয়া উঠিলাম।
D. উপরের সবগুলোই ঠিক।

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের উদ্ধৃতি- "আজও আমাকে দেখিলে মনে হইবে, আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি।"
Ans : A.

৪. মধুসূদন দত্ত 'রামানুজ' বলতে কাকে বুঝিয়েছেন?
A. রাবণের অনুজ বিভীষণকে B. রামের অনুজ লক্ষ্মণকে
C. রাবণের পুত্র মেঘনাদকে D. রামের অনুসারী ধর্মগোষ্ঠীকে

ব্যাখ্যা : রাম + অনুজ = রামানুজ। 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রামানুজ' বলতে রামের অনুজ লক্ষ্মণকে বোঝানো হয়েছে।
Ans : B.

৫. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ?
A. পদ্মমণি B. পদ্মচূর
C. মতিরাগ D. উপরের একটিও নয়

ব্যাখ্যা : রোকেয়া সাখাওয়াত হোসেন এর সাহিত্যকর্ম-
- মতিচূর (১ম খণ্ড - ১৯০৪; ২য় খণ্ড - ১৯২২)।
- Sultana's Dream (১৯০৮)।
- পদ্মরাগ (১৯২৪) - উপন্যাস।
- অবরোধবাসিনী (১৯৩১) - নকশাধর্মী রচনা।
- সুলতানার স্বপ্ন (১৯০৫)।

Ans : D.

৬. নিচের কোন কবিতাংশটি শুদ্ধ?
A. ঠাঁই নাই ঠাঁই নাই ভরা সে তরী।
B. আমি বঞ্চিত হৃদি পরবাসী চির গৃহহারা যত পথিকের।
C. শুদ্ধ A ও B
D. উপরের সবগুলোই অশুদ্ধ

ব্যাখ্যা : প্রশ্নে উল্লিখিত চরণগুলোর শুদ্ধরূপ-
- "ঠাঁই নাই, ঠাঁই নাই - ছোটো সে তরী" (সোনার তরী)।
- "আমি বঞ্চিত ব্যথা পথবাসী চির গৃহহারা যত পথিকের " (বিদ্রোহী)।

Ans : D.

৭. নিচের কোনটি জটিল বাক্য?
A. আমি শুনেছি যে আজ পরীক্ষা হবে না।
B. তিনি এলেন, দেখলেন ও জয় করলেন।
C. উত্তাল সমুদ্রে নৌকাটি ভাসছে।
D. তিনি বই পড়তে পড়তে পায়চারি করছেন।

ব্যাখ্যা : জটিল বা মিশ্র বাক্য: একটি পূর্ণবাক্যে যদি একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর নির্ভরশীল হয়ে সংযুক্ত থাকে, তাকে জটিল বাক্য বলে। যেমন: আমি শুনেছি যে, আজ পরীক্ষা হবে না। যদিও লোকটি গরিব, কিন্তু মেধাবী।
Ans : A.

৮. কোনটি শুদ্ধ নয়?
A. ম্ + ম = হ্ম B. হ্ + ম = হ্ম
C. ক্ + ষ = ক্ষ D. ক্ষ + ম = ক্ষ্ম

ব্যাখ্যা : কতিপয় যুক্তবর্ণের বিশ্লিষ্ট রূপ-

| যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ | যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ |
|---|---|---|---|
| হ্ম | হ্ + ম | ক্ষ | ক্ + ষ |
| ক্ষ্ম | ক্ + ষ্ + ম | ত্থ | ত + থ |
| দ্ধ | দ্ + ধ | ট্ট | ট্ + ট |
| হ্ন | হ্ + ন | হ্ণ | হ্ + ণ |

Ans : A.

৯. নিচের কোনটি কর্মধারয় সমাস?
A. শিশিরসিক্ত B. বধূবরণ C. শ্বেতপত্র D. উপরের সবগুলোই

ব্যাখ্যা : যে সমাসে পরপদের অর্থ-প্রাধান্য থাকে এবং পূর্বপদটি পরপদের বিশেষণের মতো কাজ করে, তাকে কর্মধারয় সমাস বলে।
যেমন: শ্বেত যে পত্র = শ্বেতপত্র; মহান যে নবি = মহানবি।
- শিশির দ্বারা সিক্ত = শিশিরসিক্ত। এটি তৃতীয়া তৎপুরুষ সমাস।
- বধূকে বরণ = বধূবরণ। এটি ২য়া তৎপুরুষ সমাস।

Ans : C.

১০. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ?
A. অনিল - বাতাস B. অনিল - সমুদ্র
C. অনিল - যা নীল নয় D. অনিল - তারকা

ব্যাখ্যা : 'অনিল' শব্দের কতিপয় সমার্থক শব্দ- বাতাস, বায়ু, পবন, হাওয়া, সমীর, সমীরণ, বাত, বায়, মারুত, প্রভঞ্জন ইত্যাদি।
Ans : A.

১১. 'তুমি সকালে কী কী খেলে?'- এই বাক্যে 'কী' কোন পদ?
A. অব্যয় B. বিশেষ্য C. সর্বনাম D. ক্রিয়াবিশেষণ

ব্যাখ্যা : 'কি' ও 'কী' -এর বিভিন্ন ব্যবহার-

| কি/কী | পদ | বাক্যে ব্যবহার |
|---|---|---|
| কি | অব্যয় | তুমি কি যাবে?<br>জানলে কি আর বলতাম! |
| কী | সর্বনাম | তুমি কী খেয়েছো?<br>কী ভয়ানক দৃশ্য!<br>তুমি সকালে কী কী খেলে? |
| কী | আলঙ্কারিক অব্যয় | সত্যি বলতে কী, তোমাকে আমি বিশ্বাস করি না। |

Ans : C.

CamScanner

**১২. শুদ্ধ বানান কোনটি?**

A. প্রবাহমান B. শুভাশীষ C. পল্লিসমাজ D. ধরনধারন

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| প্রবাহমান | প্রবহমান | শুভাশীষ | শুভাশিস |
| পল্লীসমাজ | পল্লিসমাজ | ধরণধারণ | ধরনধারণ |
| স্বাশ্বত | শাশ্বত | স্বরস্বতী | সরস্বতী |

Ans : C.

**১৩. ঘুম নেই কাব্যগ্রন্থের লেখক কে?**

A. আহসান হাবীব B. সুকান্ত ভট্টাচার্য
C. রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ D. সুফিয়া কামাল

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের কতিপয় সাহিত্যকর্ম-
ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস, অভিযান (নাটিকা), মিঠেকড়া, হরতাল ইত্যাদি।

Ans : B.

**১৪. কোন বাক্য সংকোচনটি শুদ্ধ?**

A. বিনা আয়াসে লাভ করা যায় যা - আয়াসলভ্য
B. উদিত হচ্ছে এমন - উড্ডীয়মান
C. অতিক্রম করা যায় না যা - অনতিক্রম্য
D. মৃত্তিকা দিয়ে নির্মিত যা - মৃন্ময়

ব্যাখ্যা : কতিপয় বাক্য সংকোচন-
- বিনা আয়াসে লাভ করা যায় যা- অনায়াসলভ্য।
- উদিত হচ্ছে এমন- উদীয়মান।
- অতিক্রম করা যায় না যা- অনতিক্রম্য।
- মৃত্তিকা দিয়ে নির্মিত যা- মৃন্ময়।
- যে বিষয়ে কোনো বিতর্ক নেই- অবিসংবাদিত।
- অতি উচ্চ স্বরে হাসি- দুঃহাসি।

Ans : C.

**১৫. 'শওকত ওসমান' কার ছদ্মনাম?**

A. শাহ মো. সগীরের B. আল মাহমুদের
C. শেখ আজিজুর রহমানের D. সৈয়দ শামসুল হকের

ব্যাখ্যা : কতিপয় লেখক ও ছদ্মনাম-

| লেখক | ছদ্মনাম |
|---|---|
| মীর আবদুস শুকুর আল মাহমুদ | আল মাহমুদ |
| শেখ আজিজুর রহমান | শওকত ওসমান |
| আবদুল মান্নান সৈয়দ | অশোক সৈয়দ |
| সৈয়দ শামসুল হক | নবী মুন্সী |

Ans : C.

## English

**16. The boy with his friends ___ helping the old woman cross the road.**

A. are B. is C. were D. will

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যে with এর পূর্বের বা প্রথম noun টি হলো the boy, যা singular। তাই নিয়মানুসারে verb টি sungular 'is' হবে।

Ans : B.

**17. All's well that ____ well.**

A. ends B. end C. ending D. to end

ব্যাখ্যা : "All's well that ends well" একটি প্রবাদবাক্য (Proverb), যার অর্থ 'সব ভাল তার শেষ ভাল যার'।

Ans : A.

**18. He is not used to ___ so much at lunchtime.**

A. ate B. eats
C. eat D. eating

ব্যাখ্যা : অতীতে কেউ কোনো কাজ করত বা করতে অভ্যস্ত ছিল কিন্তু বর্তমানে আর করে না অর্থে used to + verb এর base form ব্যবহৃত হয়।
যেমন- I used to watch TV a lot when I was 10.
আবার, বর্তমানে কোনো কাজ করে অভ্যস্ত, যা করা তার কাছে অদ্ভুত/কঠিন/নতুন কিছু নয় এমন অর্থে be/get used to + verb + ing ব্যবহৃত হয়। যেমন-
i) I am used to living alone.
ii) She gets used to eating a lot.
একইভাবে বর্তমানে কোনো কাজ করে অভ্যস্ত অর্থে be/get accustomed to + verb + ing ব্যবহৃত হয়। যেমন-
i) I am accustomed to ignoring toxic people.
ii) They get accustomed to coming here every Friday.
• প্রশ্নে যেহেতু be(is) + not used to আছে সেহেতু 'বর্তমানে অভ্যস্ত নয়' অর্থে verb + ing(eating) হবে উত্তর। এক্ষেত্রে সম্পূর্ণ বাক্যটি হবে- "He is not used to eating so much at luch time (সে দুপুরের খাবারের সময় এত খেতে অভ্যস্ত নয়)"।

Ans : D.

**19. A synonym of the word 'extinction' is-**

A. existence B. appearance
C. vanishing D. prevailing

ব্যাখ্যা : Extinction - বিলুপ্তি/বিলোপ। Existence - অস্তিত্ব।
Appearance - আবির্ভাব/রূপ। Prevailing - বিরাজমান।
Vanishing - বিলুপ্তি/অন্তর্ধান।

**Extinction এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**

**Synonyms:** Vanishing, Demolition, Desolation, Eradication, Havoc.

**Antonyms:** Creation, Restoration, Preservation, Construction, Erection.

Ans : C.

**20. An antonym of the word 'relaxed' is-**

A. comfort B. comfortably
C. comfortable D. comforter

ব্যাখ্যা : Relaxed - নিরুদ্বেগ/নিশ্চিন্ত।
Comfort - আরাম/স্বস্তি।
Comfortable - আরামদায়ক/সুখকর।
Comfortably - আরামদায়কভাবে/সহজেই।

**Relaxed এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**

**Synonyms:** Calm, Carefree, Composed, Tranquil, Nonchalant.

**Antonyms:** Wild, Violent, Rigid, Worried, Intolerant.

Ans : Blank.

**21. The bottle contains ___ mango juice.**

A. many B. much C. a few D. several

ব্যাখ্যা : প্রশ্নোক্ত বাক্যে 'mango juice' Uncountable noun বিধায় অনেকটা অর্থে এর পূর্বে much বসবে। সেক্ষেত্রে বাক্যের সম্পূর্ণ অর্থ হবে- "বোতলে অনেকটা আমের জুস আছে।"

Ans : B.

**22. The noun of the word 'manage' is-**

A. management B. manageable
C. managerial D. managed

ব্যাখ্যা : Manage(V) - পরিচালনা করা/ব্যবস্থা করা।
Management(n) - পরিচালনা/ব্যবস্থাপনা।
Manageable(adj) - পরিচালনাযোগ্য/শাসনযোগ্য।
Managerial(adj) - পরিচালনাসংক্রান্ত/শাসনসংক্রান্ত।
Managed(v/adj) - পরিচালিত/শাসিত।

**Manage** দ্বারা গঠিত আরো কিছু **word** ও তাদের **Parts of speech-**
**Noun** - Manager, Managership, Mismanagement, Manageress.
**Adjective** - Unmanageable, Mismanaged.
**Adverb** - Manageably.
**Ans : A.**

**23. Please try to avoid ____ poor persons.**
A. to insult B. insulted
C. insult D. insulting

ব্যাখ্যা : Admit, anticipate, appreciate, avoid, complete, consider, delay, dislike, discuss, defer, deny, detest ইত্যাদি verb এর পর gerund(verb + ing) বসে। Transitive verb এর object রূপে gerund ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যে ব্যবহৃত avoid একটি Transitive verb। সুতরাং এর object রূপে gerund ব্যবহার করতে হবে। তাই অপশন (D) হবে সঠিক উত্তর।
**Ans : D.**

**24. The girl does the domestic chores, ___?**
A. does she B. doesn't she
C. does she not D. does not she

ব্যাখ্যা : প্রশ্নোক্ত বাক্যটি Present indefinite tense এবং affirmative sentence। এর কোনো auxiliary verb নেই এবং এর sub (the girl) একটি 3rd person singular number তাই নিয়মানুসারে এর tag হবে doesn't he?
**Ans : B.**

**25. Choose the correct sentence:**
A. He is neither a meritorious student or a good cricketer.
B. He is neither a meritorious student not a good cricketer.
C. He is neither a meritorious student nor a good cricketer.
D. He is neither a meritorious student never a good cricketer.

ব্যাখ্যা : Either দ্বারা দুইয়ের প্রত্যেকটি এবং Neither দ্বারা দুইয়ের কোনোটিই নয় বুঝানো হয়। Either এর সাথে or এবং Neither এর সাথে nor ব্যবহৃত হয়। এদেরকে co-relatives বলা হয়। কারণ এরা জোড়া আকারে ব্যবহৃত হয়।
আরো কিছু গুরুত্বপূর্ণ co-relatives হলো- Not only-but also, whether-or, not-but, No sooner-than, Both-and, Scarely-when, Hardly- before/when ইত্যাদি।
**Ans : C.**

**26. The mobile set ___ I bought yesterday is out of order now.**
A. that B. whom C. what D. whose

ব্যাখ্যা : দুটি clause বিশিষ্ট বাক্যে gap এর পরে noun/pronoun থাকলে এবং antecedent টি person হলে gap এ whom বসে। কিন্তু antecedent টি thing বা animal হলে gap এ which/that বসে। তবে which না থাকলে that কে ব্যবহার করা যায়।
প্রশ্নোক্ত বাক্যে 'The mobile set(antecedent)' একটি বস্তু বিধায় এর পরে connective হিসেবে which/that ব্যবহৃত হবে। অপশনে which না থাকায় that হবে সঠিক উত্তর।
**Ans : A.**

**27. The passive form of the sentence 'Who finished the task?' is-**
A. By who was the task finished?
B. By whom the task was finished?
C. By whom was the task finished?
D. By who the task was finished?

ব্যাখ্যা : **Who যুক্ত Interrogative sentence কে passive করার নিয়ম-**
**Passive** - By/To/With whom + auxiliary verb(tense অনুযায়ী) + subject + $V_3$ +?
Or, Who + auxiliary verb (tense অনুযায়ী) + subject + $V_3$ + by +?
**Active** -Who finished the task?
**Passive** - By whom was the task finished?
উল্লেখ্য, auxiliary verb দুইটি হলে প্রথমটি subject এর পূর্বে ও দ্বিতীয়টি subject এর পরে বসে। যেমন-
**Active** - Who will do the work?
**Passive** - By whom will the work be done?
**Ans : C.**

**28. No sooner had she said it ____ she burst into tears.**
A. then B. when C. before D. than

ব্যাখ্যা : 'যেইমাত্র/যখনি' অর্থে দুটি clause কে যুক্ত করতে no sooner had ..... than, scarcely had ..... when, hardly had ..... when ইত্যাদি ব্যবহৃত হয়। এক্ষেত্রে ১ম clauseটির verb past perfect tense ২য় clause টির verb এর simple past tense হয়। যেমন-
i) No sooner had we reached the school than the bell rang.
ii) Scarcely had I attended the meeting when he called me.
iii) Hardly had he finished his dinner when his parents came.
iv) No sooner had she said it then she burst into tears.
**Ans : D.**

**29. Walt Whitman is a great ___ poet.**
A. American B. English C. Canadian D. Australian

ব্যাখ্যা : Walt Whitman (পূর্ণনাম Walter Whitman Jr.) একজন আমেরিকান মহান কবি ও প্রাবন্ধিক যিনি "Bard of Democracy" নামে সমধিক পরিচিত। তাঁর উল্লেখযোগ্য রচনাগুলির মধ্যে রয়েছে ***"Leaves of Grass"*** নামে কবিতার একটি যুগান্তকারী সংগ্রহ যা ব্যক্তি, প্রকৃতি এবং সমস্ত কিছুর আন্তঃসম্পর্কের সৌন্দর্য তুলে ধরে। তাঁর বিখ্যাত কবিতাসমূহ হলো- ***"Song of Myself", "O Captain! My Captain!",*** এবং ***"When Lilacs Lst in the Dooryard Bloom'd"***।
**Ans : A.**

**30. *Arms and the Man* by G. B. Shaw is a ___.**
A. novel B. tragedy C. comedy D. poem

ব্যাখ্যা : 'Arms and the Man' আইরিশ নাট্যকার, সমালোচক এবং প্রাবন্ধিক George Bernard Shaw এর লেখা একটি হাস্যকর নাটক (Comedic play)। এটি একটি ব্যঙ্গাত্মক নাটক যা প্রেম, যুদ্ধ এবং সামাজিক বিভিন্ন প্রথার বিষয়বস্তুকে হাস্যরসাত্মকভাবে উপস্থাপন করে। G.B. Shaw এর লেখা আরো কয়েকটি উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো- ***"Pygmalion", "Man and Superman", "Major Barbara", "Saint Joan"***।
**Ans : C.**

## ইতিহাস

**৩১. বঙ্গবন্ধুকে জাতির জনক আখ্যা দেন কে?**
A. আ স ম আবদুর রব B. তোফায়েল আহমদ
C. তাজউদ্দীন আহমদ D. সৈয়দ নজরুল ইসলাম

ব্যাখ্যা: ১৯৭১ সালের ১ মার্চ স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হয়। এই পরিষদের উদ্যোগে ৩ মার্চ পল্টন ময়দানে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়। উক্ত অনুষ্ঠানে ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে তৎকালীন ঢাকসু ভিপি আ স ম আবদুর রব বঙ্গবন্ধুকে 'জাতির জনক' হিসেবে আখ্যায়িত করেন। উল্লেখ্য, শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেন তৎকালীন ছাত্র নেতা তোফায়েল আহমেদ (২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯)।
**Ans : A.**

CamScanner

**৩২** ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মিত হয় কোথায়?

A. কলকাতায় B. দিল্লিতে C. লাহোরে D. ইসলামাবাদে

ব্যাখ্যাঃ ফোর্ট উইলিয়াম কলকাতা শহরে অবস্থিত একটি প্রাচীন সামরিক দুর্গ। ভারতে ব্রিটিশদের সামরিক শক্তির সবচেয়ে বড় নিদর্শন এটি। ১৭০৬ সালে দুর্গটির নির্মাণ কাজ শেষ হয়। ইংল্যান্ডের রাজা তৃতীয় উইলিয়ামের সম্মানে দুর্গটির নামকরণ করা হয়।

Ans : A.

**৩৩** দীন-ই-ইলাহী কী?

A. একটি ধর্মমত B. একটি রাজনৈতিক মতবাদ
C. একটি গ্রন্থ D. একটি আদর্শ

ব্যাখ্যাঃ 'দীন-ই-ইলাহী' মোঘল সম্রাট আকবর প্রবর্তিত একটি ধর্মমত। এর অর্থ 'ঈশ্বরের ধর্ম'। মূলত একেশ্বরবাদের ধারণা প্রচারের জন্য আকবর 'দীন-ই-ইলাহী' প্রবর্তন করেন। সম্রাট আকবরের অন্যান্য সংস্কারমূলক কার্যক্রমের মধ্যে রয়েছে-

- বাংলা সনের প্রবর্তন (১৫৭৬), নববর্ষের প্রচলন।
- জিজিয়া কর ও তীর্থকর রহিতকরণ।
- মানবসদারি প্রথার প্রচলন।
- ফতেহপুর সিক্রি নির্মাণ করেন।

Ans : A.

**৩৪** ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?

A. বঙ্গ B. পুণ্ড্র C. সমতট D. হরিকেল

ব্যাখ্যাঃ প্রাচীন বাংলা ছোটো ছোটো অনেকগুলো জনপদে বিভক্ত ছিল। এসময়ে মোটামুটি ১৬টি জনপদের কথা জানা যায়।

| জনপদ | তথ্য কণিকা |
|---|---|
| পুণ্ড্র | • অবস্থান - বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর<br>• প্রাচীনতম জনপদ; রাজধানী- পুণ্ড্রনগর (বর্তমান মহাস্থানগড়) |
| বঙ্গ | • অবস্থান - ঢাকা, ময়মনসিংহ, বরিশাল ও ফরিদপুর।<br>• আয়তনে বৃহত্তম ও ২য় স্বাধীন জনপদ।<br>• বিক্রমপুর ও নাব্য ২ ভাগে বিভক্ত ছিল। |
| সমতট | • অবস্থান বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী<br>• রাজধানী- বড় কামতা (রোহিতগিরি) |
| গৌড় | • অবস্থান - চাপাইনবাবগঞ্জ, ভারতের মুর্শিদাবাদ, মালদহ ও নদীয়া<br>• রাজধানী- কর্ণসুবর্ণ<br>• গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন রাজা শশাংক। |
| রাঢ় | • ভাগীরথী নদীর পশ্চিম তীর; রাঢ়ের অপর নাম 'সুহ্ম' |
| হরিকেল | • সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম |
| বাকেরগঞ্জ | • বরিশাল, খুলনা ও বাগেরহাট |
| বরেন্দ্র | • গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চল |
| সপ্তগাঁও | • খুলনা এবং বঙ্গোপসাগরের তীরবর্তী অঞ্চল |
| বিক্রমপুর | • মুন্সিগঞ্জ |
| চন্দ্রদ্বীপ | • বরিশাল |

Ans : A.

**৩৫** সম্রাট হুমায়ুনকে পরাজিত করে দিল্লির সিংহাসনে বসেন কে?

A. শেরশাহ B. নাদির শাহ C. ইলতুতমিশ D. ইব্রাহিম লোদী

ব্যাখ্যাঃ ১৫৪০ সালে কনৌজের যুদ্ধে শেরশাহের নিকট পরাজিত হন সম্রাট হুমায়ুন। শেরশাহ প্রায় ১৫ বছর দিল্লীর সিংহাসন তার দখলে রেখেছিলেন। ১৫৫৫ সালে সম্রাট হুমায়ুন তার হারানো সিংহাসন পুনরুদ্ধার করেন।

| হুমায়ুন | শেরশাহ |
|---|---|
| • পুরো নাম- নাসিরউদ্দীন মুহাম্মদ হুমায়ুন<br>• বাংলার নাম রাখেন 'জান্নাতাবাদ'<br>• গ্রন্থগারের সিঁড়ি থেকে পড়ে মারা যান | • আসল নাম - ফরিদ খান<br>• 'গ্রান্ড ট্রাঙ্ক' রোড নির্মাণ<br>• 'ঘোড়ার ডাক' ও 'দাম মুদ্রার' প্রচলন |

Ans : A.

**৩৬** শান্তিতে অবদানের জন্য শেখ মুজিবুর রহমান কোন পদক পেয়েছিলেন?

A. জুলিও কুরি B. শান্তি পদক
C. একুশে পদক D. স্বর্ণ পদক

ব্যাখ্যাঃ শান্তিতে অবদান রাখার জন্য ১৯৭২ সালের ১০ অক্টোবর 'বিশ্ব শান্তি পরিষদ' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' পদকে ভূষিত করেন। তবে, বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন ১৯৭৩ সালের ২৩ মে।

Ans : A.

**৩৭** মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?

A. তানভীর কবির B. শামীম শিকদার
C. মৃণাল হক D. নিতুন কুন্ডু

ব্যাখ্যাঃ ভাস্কর্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য-

| স্থপতি | ভাস্কর্য |
|---|---|
| তানভীর কবির | মুজিবনগর স্মৃতিসৌধ |
| হামিদুর রহমান | কেন্দ্রীয় শহিদ মিনার |
| সৈয়দ মঈনুল হোসেন | জাতীয় স্মৃতিসৌধ |
| সৈয়দ আব্দুল্লাহ খালেদ | অপরাজেয় বাংলা |
| শামীম শিকদার | স্বোপার্জিত স্বাধীনতা, স্বাধীনতা সংগ্রাম |
| মৃণাল হক | বলাকা, দুর্জয় |
| নিতুন কুন্ডু | সাবাস বাংলাদেশ, সার্ক ফোয়ারা |

Ans : A.

**৩৮** সম্রাট হুমায়ুন বাংলার কী নাম দিয়েছিলেন?

A. জান্নাতাবাদ B. সুবর্ণভূমি C. সোনার বাংলা D. সুবে বাংলা

ব্যাখ্যাঃ সম্রাট হুমায়ুন বাংলার নাম দিয়েছিলেন 'জান্নাতাবাদ'। বাংলায় আগমনের পর বাংলার আবহাওয়া, ভূপ্রকৃতি ও অফুরন্ত সম্পদ দেখে তিনি এমন নামকরণ করেন। উল্লেখ্য, হুমায়ুন মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা সম্রাট বাবরের পুত্র এবং সম্রাট আকবরের পিতা।

Ans : A.

## দর্শন

নিচের অনুচ্ছেদ অনুসারে প্রশ্ন ৩৯ ও ৪০ এর উত্তর দাও।

Studying philosophy isn't an alternative to studying art, literature, history, psychology, anthropology, sociology, politics, and science. These different subjects concentrate on different aspects of human life and provide different sorts of insight. Some aspects of anyone's life will defy philosophical analysis, and perhaps analysis of any other kind too. It is important, then, not to expect too much of philosophy.

অনুচ্ছেদটির বঙ্গানুবাদঃ
দর্শন অধ্যয়ন শিল্প, সাহিত্য, ইতিহাস, মনোবিজ্ঞান, নৃবিজ্ঞান, সমাজবিজ্ঞান, রাজনীতি এবং বিজ্ঞান অধ্যয়নের বিকল্প নয়। এই বিষয়গুলো মানব জীবনের বিভিন্ন দিকে মনোনিবেশ করে এবং বিভিন্ন ধরনের অন্তর্দৃষ্টি প্রদান করে। কারও জীবনের কিছু দিক দার্শনিক বিশ্লেষণকে অস্বীকার করবে, এবং সম্ভবত অন্য কোনও ধরনের বিশ্লেষণও। এটা গুরুত্বপূর্ণ যে, দর্শনে খুব বেশি আশা করা উচিত নয়।

**৩৯** উপরের অনুচ্ছেদে বোঝানো হয়েছে যে,

A. কলা, সাহিত্য, ইতিহাস বা বিজ্ঞানের বিষয়বস্তু দর্শনের বিষয়বস্তুর সাথে অভিন্ন।
B. কলা, সাহিত্য, ইতিহাস বা বিজ্ঞানের বিষয়বস্তু দর্শনের বিষয়বস্তুর সাথে সম্পূর্ণ ভিন্ন।
C. কলা, সাহিত্য, ইতিহাস বা বিজ্ঞান দর্শনের বিকল্প পাঠ হতে পারে।
D. উপরের কোনোটিই নয়

ব্যাখ্যাঃ দর্শন অধ্যয়ন এবং শিল্প, সাহিত্য, ইতিহাস, মনোবিজ্ঞান, নৃবিজ্ঞান, সমাজবিজ্ঞান, রাজনীতি এবং বিজ্ঞান অধ্যয়ন দুটি ভিন্ন বিষয়।

Ans : B.

**৪০. উপরের অনুচ্ছেদে 'defy' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে-**

A. অস্বীকার করা B. মিশে যাওয়া C. আলোকিত করা D. বিনষ্ট করা

ব্যাখ্যা: 'Defy' অর্থ অস্বীকার করা/চ্যালেঞ্জ করা। মানুষের জীবনের কিছু দিক দার্শনিক বিশ্লেষণকে যে অস্বীকার করে, উপরের অনুচ্ছেদে 'Defy' শব্দটি দ্বারা সেটিই বুঝানো হয়েছে।

Ans : A.

**৪১. নিচের কোন বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে?**

A. বাংলার ভাবুক পথ ফিরে অনুভব গ্রাহ্য করে প্রকাশ করতে চেয়েছেন।
B. বাংলার ভাবুকবৃন্দপথ ফিরে অনুভবগ্রাহ্য করে প্রকাশ করতে চেয়েছেন।
C. বাংলার ভাবুকগণ ফিরে অনুভবগ্রাহ্যতা করে প্রকাশ করতে চেয়েছেন।
D. বাংলার ভাবুকগণ ফিরে অনুভবগ্রাহ্য করে প্রকাশ করতে চেয়েছেন।

ব্যাখ্যা : অপশনের চারটি বাক্যের মধ্যে শুধুমাত্র অপশন (D) তে সঠিক ও অর্থপূর্ণ বাংলায় বাক্যটি লেখা হয়েছে।

Ans : D.

**৪২. নিচের কোন বাক্যটি সঠিক ইংরেজিতে লেখা হয়েছে?**

A. It was so obvious with Russell that war between nation state was unnecessary.
B. It was so obvious to Russell that war between nation states was unnecessary.
C. It was so obvious about Russell that war between nations states was unnecessary.
D. It was so obvious to Russell that war between nation states were unnecessary.

ব্যাখ্যা : • It was so obvious to Russell that war Between nation state was unnecessary - noun plural (states) হবে।
• It was so obvious to Russell that war Between nation states was unnecessary. (সঠিক)
• It was so obvious to Russell that war Between nations was unnecessary. - adjective singualr (nation) হবে।
• It was so obvious to Russell that war Between nation states were unnecessary. - verb singular (was) হবে।

Ans : B.

**৪৩. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর প্রধান কার্যালয় কোথায়?**

A. যুক্তরাষ্ট্র B. জার্মানি C. যুক্তরাজ্য D. কানাডা

ব্যাখ্যা: • TI - Transparency International.
• জার্মানির বার্লিনভিত্তিক দুর্নীতি বিরোধী বেসরকারী আন্তর্জাতিক সংস্থা।
• সদর দপ্তর - বার্লিন, জার্মানি। • প্রতিষ্ঠাকাল - ১৯৯৩ সাল।

| সংস্থা | সদর দপ্তর | সংস্থা | সদর দপ্তর |
|---|---|---|---|
| ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল | বার্লিন, জার্মানি | অক্সফাম | নাইরোবি, কেনিয়া |
| WIPO | জেনেভা, সুইজারল্যান্ড | রেডক্রস | জেনেভা, সুইজারল্যান্ড |
| UNESCO | প্যারিস, ফ্রান্স | NATO | ব্রাসেলস, বেলজিয়াম |

Ans : B.

**৪৪. ১৯৭১ সালে 'The Concert for Bangladesh' কোথায় অনুষ্ঠিত হয়?**

A. লন্ডন, যুক্তরাজ্য B. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
C. কলকাতা, ভারত D. টরন্টো, কানাডা

ব্যাখ্যা: The Concert for Bangladesh
• অনুষ্ঠিত হয় - নিউইয়র্কের মেডিসন স্কয়ারে (১ আগস্ট, ১৯৭১)।
• উদ্যোক্তা - জর্জ হ্যারিসন ও রবিশঙ্কর।
• পরিচালক - অল সুইমার। • প্রযোজক - জর্জ হ্যারিসন ও অ্যালেন ক্লেইন।
• উদ্দেশ্য - মুক্তিযুদ্ধকালে বাংলাদেশী শরণার্থীদের পক্ষে জনমত ও তহবিল গঠন।

Ans : B.

**৪৫. নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?**

২, ৩, ৬, ১১, ১৮, ২৭, ?

A. ৩৪ B. ৩৬ C. ৩৮ D. ৪০

ব্যাখ্যা : ২, ৩, ৬, ১১, ১৮, ২৭, ৩৮
১ ৩ ৫ ৭ ৯ ১১

২ + ১ = ৩, ৩ + ৩ = ৬, ৬ + ৫ = ১১, ১১ + ৭ = ১৮, ১৮ + ৯ = ২৭, ২৭ + ১১ = ৩৮ প্রতিবার যোগ করার সময় ২ করে বাড়বে।

Ans : C.

**৪৬. Smoke : Pollution শব্দ-জোড়ার সদৃশ শব্দ-জোড়া**

A. Water : Fish B. War : Death
C. Cigarette : Packet D. Iron : Strength

ব্যাখ্যা : Here, 'Smoke' is the cause and 'Pollution' is the negative result. Similarly 'Death' is the negative result of 'War'. So, option 'B' is correct.

Ans : B.

## প্রত্নতত্ত্ব

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪৭-৫০ নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও।

The radiocarbon dating method is based on the fact that cosmic radiation produces neutrons that enter the earth's atmosphere and react with nitrogen. They produce carbon-14, a carbon; isotope with eight rather than the usual six neutrons in the nucleus. With these additional neutrons, the nucleus is unstable and is subject to gradual radioactive decay. Willard Libby calculated that it took 5,568 years for half the carbon-14 in any sample to decay, its so-called half-life. (The half-life is now more accurately measured to be 5,730 years.) He found that the neutrons emitted radioactive particles when they left the nucleus, and he arrived at a method for counting the number of emissions in a gram of carbon. Carbon-14 is believed to behave exactly like ordinary carbon from a chemical standpoint, and together with ordinary carbon it enters into the carbon dioxide of the atmosphere. The tempo of the process corresponds to the rates of supply and disintegration. Because living vegetation builds up its own organic matter through photosynthesis and by using atmospheric carbon dioxide, the proportion of radiocarbon present in it is equal to that in the atmosphere. As soon as an organism dies, no further radiocarbon is incorporated into it. Radiocarbon dating is the most widely used dating method for dating the past from 40,000 years ago until 1500 AD.

অনুচ্ছেদটির বঙ্গানুবাদ:

রেডিওকার্বন ডেটিং পদ্ধতিটি এই সত্যের উপর ভিত্তি করে যে, মহাজাগতিক বিকিরণ নিউট্রন তৈরি করে, যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে এবং নাইট্রোজেনের সাথে বিক্রিয়া করে। তারা উৎপাদন করে কার্বন-14; যেটা এমন একটি কার্বন আইসোটোপ যা নিউক্লিয়াসের স্বাভাবিক ছয়টি নিউট্রনের পরিবর্তে আইসোটোপসহ আটটি নিউট্রনের সমষ্টি। এই অতিরিক্ত নিউট্রনগুলির সাথে নিউক্লিয়াসটি অস্থির এবং ধীরে ধীরে তেজস্ক্রিয় ক্ষয়সাপেক্ষ। উইলার্ড লিবি গণনা করেছেন যে, যে কোনো নমুনার অর্ধেক কার্বন-14 এর ক্ষয় হতে 5,568 বছর লেগেছে, এটির তথাকথিত অর্ধ-জীবন (অর্ধ-জীবন এখন সঠিকভাবে গণনা করা হয় 5,730 বছরে)।

তিনি দেখতে পান যে নিউট্রনগুলি নিউক্লিয়াস ছেড়ে যাওয়ার সময় তেজস্ক্রিয় কণা নির্গত করে এবং তিনি এক গ্রাম কার্বনে নির্গমনের সংখ্যা গণনার পদ্ধতিতে পৌঁছেছিলেন। কার্বন-14 রাসায়নিক দৃষ্টিকোণ থেকে সাধারণ কার্বনের মতো আচরণ করে এবং সাধারণ কার্বনের সাথে এটি বায়ুমণ্ডলের কার্বন ডাই অক্সাইডে প্রবেশ করে বলে বিশ্বাস করা হয়। প্রক্রিয়ার গতি সরবরাহ এবং সংহতকরণের হারের সাথে মিলে যায়। যেহেতু জীবন্ত গাছপালা সালোকসংশ্লেষণের মাধ্যমে এবং বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইড ব্যবহার করে তার নিজস্ব জৈব পদার্থ তৈরি করে, এতে উপস্থিত রেডিওকার্বনের অনুপাত বায়ুমণ্ডলের সমান হয়। যখন একটি জীব মারা যায় এতে আর কোন রেডিও কার্বন যুক্ত হয় না। রেডিও কার্বন ডেটিং হল 40,000 বছর আগে থেকে 1500 খ্রিস্টাব্দ পর্যন্ত অতীত ডেটিং করার জন্য সর্বাধিক ব্যবহৃত ডেটিং পদ্ধতি।

**৪৭** তেজস্ক্রিয় কার্বন কালনিরূপণ পদ্ধতির ভিত্তি হচ্ছে-

A. মহাজাগতিক তেজস্ক্রিয়তা নিউট্রন কণা উৎপাদন করে যা বায়ুমণ্ডলস্থ নাইট্রোজেনের সাথে বিক্রিয়া করে তেজস্ক্রিয় কার্বন তৈরি করে।

B. বায়ুমণ্ডলস্থ নাইট্রোজেন মহাজাগতিক তেজস্ক্রিয়তা উৎপাদন করে যা নিউট্রন কণার সাথে বিক্রিয়া করে তেজস্ক্রিয় কার্বন তৈরি করে।

C. তেজস্ক্রিয় কার্বন নিউট্রন কণার সাথে বিক্রিয়া করে মহাজাগতিক তেজস্ক্রিয়তা উৎপাদন করে যা বায়ুমণ্ডলস্থ নাইট্রোজেন তৈরি করে।

D. নিউট্রন কণা তেজস্ক্রিয় কার্বন তৈরি করে যা মহাজাগতিক তেজস্ক্রিয়তা উৎপাদন করে এবং বায়ুমণ্ডলস্থ নাইট্রোজেনের সাথে বিক্রিয়া করে।

ব্যাখ্যা: রেডিওকার্বন ডেটিং পদ্ধতিটি এই সত্যের উপর ভিত্তি করে যে, মহাজাগতিক বিকিরণ নিউট্রন তৈরি করে যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে এবং নাইট্রোজেনের সাথে বিক্রিয়া করে। তারা উৎপাদন করে কার্বন-১৪; এটি এমন একটি কার্বন আইসোটোপ যা নিউক্লিয়াসের স্বাভাবিক ছয়টি নিউট্রনের পরিবর্তে আইসোটোপসহ আটটি নিউট্রনের সমষ্টি।

**Ans : A.**

**৪৮** তেজস্ক্রিয় কার্বনের ঠিক অর্ধায়ু কত?

A. ৫৫৬৮ বছর
B. ৫৭৩০ বছর
C. ৫৬২০ বছর
D. ৫৮১০ বছর

ব্যাখ্যা: তেজস্ক্রিয় কার্বনের অর্ধ-জীবন গণনা করা হয় ৫,৭৩০ বছরে।

**Ans : B.**

**৪৯** তেজস্ক্রিয় কার্বন জীবন্ত উদ্ভিদে প্রবেশ করে-

A. শ্বসন প্রক্রিয়ায়
B. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায়
C. রেচন প্রক্রিয়ায়
D. প্রজনন প্রক্রিয়ায়

ব্যাখ্যা: তেজস্ক্রিয় কার্বন সালোকসংশ্লেষন প্রক্রিয়ায় জীবন্ত উদ্ভিদে প্রবেশ করে। কারণ, যেহেতু জীবন্ত গাছপালা সালোকসংশ্লেষণের মাধ্যমে এবং বায়ুমণ্ডলীয় কার্বন ডাই-অক্সাইড ব্যবহার করে তার নিজস্ব জৈব পদার্থ তৈরি করে। এতে উপস্থিত রেডিওকার্বনের অনুপাত বায়ুমণ্ডলের সমান হয়।

**Ans : B.**

**৫০** তেজস্ক্রিয় কার্বন কালনিরূপণ পদ্ধতি নিয়ে নিম্নের রেঞ্জের অতীতের কাল নিরূপিত হয়েছে-

A. ৪০০০০ বছর পূর্ব থেকে ১৫০০ বছর পূর্ব পর্যন্ত
B. ৪০০০০ বছর পূর্ব থেকে ১৫০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত
C. খ্রিষ্টপূর্ব ৪০০০০ থেকে ১৫০০ বছর পর্যন্ত
D. উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা: রেডিওকার্বন ডেটিং হল ৪০,০০০ বছর আগে থেকে ১৫০০ খ্রিস্টাব্দ পর্যন্ত অতীত ডেটিং করার জন্য সর্বাধিক ব্যবহৃত ডেটিং পদ্ধতি।

**Ans : B.**

**৫১** যমুনা নদীর উপনদী-

A. সুরমা ও কুশিয়ারা
B. করতোয়া ও তিস্তা
C. চেঙ্গী ও হালদা
D. মহানন্দা ও পুনর্ভবা

ব্যাখ্যা: কোনো একটি উৎস থেকে উৎপন্ন হয়ে অন্য একটি নদীতে পতিত নদীকে প্রথম নদীটির উপনদী বলে। 'করতোয়া' ও 'তিস্তা' যমুনার দুটি উপনদী।

| নদীর নাম | উপনদী |
|---|---|
| পদ্মা | মহানন্দা |
| মহানন্দা | পুনর্ভবা, নাগর, ট্যাংগন, কুলিক, পাগলা |
| মেঘনা | মনু, বাউলাই, তিতাস, গোমতী |
| ব্রহ্মপুত্র | ধরলা, তিস্তা |
| যমুনা | করতোয়া, আত্রাই, তিস্তা, ধরলা |
| কর্ণফুলী | হালদা, বোয়ালখালী, কাসালং |

**Ans : B.**

**৫২** উয়ারী-বটেশ্বর প্রত্নস্থানটি অবস্থিত-

A. নরসিংদী জেলায়
B. মুন্সিগঞ্জ জেলায়
C. নারায়নগঞ্জ জেলায়
D. দিনাজপুর জেলায়

ব্যাখ্যা: উয়ারী বটেশ্বর নরসিংদীর জেলার বেলাবো ও শিবপুর উপজেলায় অবস্থিত। ২০০০ খ্রিস্টাব্দে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের উদ্যোগে উয়ারী বটেশ্বরে খননকার্য শুরু হয়। মুহাম্মদ হানিফ পাঠান নামের একজন স্কুলশিক্ষক উয়ারী বটেশ্বরের গুরুত্ব সর্বপ্রথম জনসম্মুখে তুলে ধরেন। উল্লেখ্য, উয়ারী বটেশ্বর বাংলাদেশে প্রাপ্ত সবচেয়ে প্রাচীন এবং সর্বশেষ প্রাপ্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শন।


**Ans : A.**

**৫৩** একটি ত্রিভুজের ভূমি বাহু সংলগ্ন দুটি কোণের পরিমাণ সমান হলে, ত্রিভুজটি-

A. সমদ্বিবাহু
B. সমকোণী
C. স্থূলকোণী
D. সূক্ষ্মকোণী

ব্যাখ্যা : একটি ত্রিভুজের ভূমি বাহু সংলগ্ন দুটি কোণের পরিমাপ সমান হলে ত্রিভুজটিকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে।
সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহু দুইটির ছেদবিন্দুতে যে কোণ উৎপন্ন হয় তাকে শীর্ষ কোণ বলে।
শীর্ষ কোণ সবসময়ই ভূমির বিপরীত কোণ।

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল, $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$



চিত্র: সমদ্বিবাহু ত্রিভুজ

**Ans : A.**

**৫৪** মেসোপটেমিয়া সভ্যতা গড়ে উঠেছিলো-

A. দজলা ও ফোরাত নদীর মধ্যবর্তী অঞ্চলে
B. নীল নদের অববাহিকায়
C. সিন্ধু নদীর তীরে
D. জাম্বেজি নদীর অববাহিকায়

ব্যাখ্যা : মেসোপটেমীয় সভ্যতা-
- অবস্থান - দজলা (টাইগ্রিস) ও ফোরাত (ইউফ্রেটিস) নদীর তীরে।
- বর্তমান অবস্থান- ইরাক, ইরান, সিরিয়া, তুরস্ক ও কুয়েতের কিছু অংশ।
- এটি বিশ্বের প্রাচীনতম সভ্যতা (খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে)।
- মেসোপটেমিয়া একটি গ্রিক শব্দ, যার অর্থ - 'দুই নদীর মধ্যবর্তী ভূমি'।
- সেচ নির্ভর প্রাচীন সভ্যতা- মেসোপটেমিয়া।

**Ans : A.**

## আন্তর্জাতিক সম্পর্ক

**৫৫** Kyoto Protocol কোন ক্ষেত্রটির সাথে যুক্ত?

A. অ্যারোস্পেস
B. খেলাধুলা
C. জলবায়ু ঝুঁকি
D. বিনোদন

ব্যাখ্যা : কিয়োটো প্রটোকল (Kyoto Protocol):
স্বাক্ষর: ১১ ডিসেম্বর, ১৯৯৭। কার্যকর: ১৬ ফেব্রুয়ারি, ২০০৫।
স্থান: কিয়োটো, জাপান। উদ্দেশ্য: পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি প্রতিরোধ।
স্বাক্ষরকারী দেশ: ১৯২টি (অন্তর্ভুক্ত নয়- যুক্তরাষ্ট্র, কানাডা, দক্ষিণ সুদান ও অ্যান্ডোরা)।
চুক্তি ত্যাগকারী দেশ: কানাডা (২০১২)।
[Note: Carbon Trade এর ধারণা দেয়া হয় কিয়োটো প্রটোকলে।]

**Ans : C.**

৫৬. ২০২২ সালে কোন সোশ্যাল মিডিয়া প্রতিষ্ঠান প্রথম বার্ষিক human rights report প্রকাশ করে?
A. টুইটার B. মেটা C. লিংকডইন D. স্ন্যাপচ্যাট

ব্যাখ্যা : ২০২২ সালের ১৪ জুলাই সোশ্যাল মিডিয়া প্রতিষ্ঠান 'মেটা' প্রথম বার্ষিক 'হিউম্যান রাইটস রিপোর্ট' প্রকাশ করে। প্রকাশিত এ হিউম্যান রাইটস রিপোর্টে অন্তর্ভুক্ত রয়েছে-
- সাংবাদিক ও মানবাধিকার কর্মীদের গোপনীয়তা রক্ষার অধিকার।
- বাক স্বাধীনতা বা মতামত প্রকাশের অধিকার।
- পেশা বা বৃত্তির স্বাধীনতা।

Ans : B.

৫৭. Pearl of Puerto কোন দেশে পাওয়া যায়?
A. ইউএসএ B. ফিলিপাইন C. জাপান D. নিউজিল্যান্ড

ব্যাখ্যা: 'Pearl of Puerto' ফিলিপাইন সাগরে প্রাপ্ত একটি বিশালাকৃতির মুক্তা। মুক্তাটির ওজন প্রায় ৭৫ পাউন্ড। 'Pearl of Puerto' পুয়ের্তো প্রিন্সেসার মুক্তা নামেও পরিচিত। বিশ্বের বৃহত্তম তিনটি প্রাকৃতিক মুক্তা যথাক্রমে- দ্য পার্ল অফ লাওজু (১৯৩৪), দ্য পালোয়ান প্রিন্সেস (২০০৯), পুয়ের্তো প্রিন্সেসার মুক্তা (২০১৬) আবিষ্কৃত হয়েছিল ফিলিপাইনে। ফিলিপাইনের পালোয়ান দ্বীপে মুক্তার চাষ করা হয়।

Ans : B.

৫৮. Russian Revolution হয় কত সালে?
A. ১৯১৭ B. ১৯৪৫ C. ১৯৫০ D. ১৯৬০

ব্যাখ্যা: ১৯১৭ সালে ভ্লাদিমির লেনিনের নেতৃত্বে বলশেভিক পার্টি তথা রাশিয়ার সর্বহারা শ্রেণীকর্তৃক রাষ্ট্রক্ষমতা দখলই ইতিহাসে রুশবিপ্লব (Russian Revolution) নামে পরিচিত । এই বিপ্লব 'বলশেভিক বা অক্টোবর বিপ্লব' নামেও পরিচিত। এক নজরে রুশ বিপ্লব-

| | |
|---|---|
| সময়কাল | ১৯১৭ সাল |
| নেতৃত্বদানকারী | ভ্লাদিমির লেনিন |
| স্থায়িত্বকাল | ১০ দিন |
| বিপ্লবের কেন্দ্র | পেট্রোগ্র্যাদ (বর্তমান সেন্ট পিটার্সবার্গ) |
| ফলাফল | ১. বলশেভিকদের বিজয়। ২. রাশিয়ায় জারতন্ত্রের পতন। ৩. বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক দেশ হিসেবে যাত্রা শুরু করে- রাশিয়া। উল্লেখ্য, বিপ্লবকালীন আলোচিত রুশ পত্রিকার নাম ছিল- প্রাভদা। |

Ans : A.

৫৯. কোন চুক্তিটি অটোমান সাম্রাজ্য বিলুপ্ত করে?
A. ট্রিটি অব ফ্রান্স B. ট্রিটি অব আমেরিকা
C. ট্রিটি অব সেভার্স D. ট্রিটি অব জেনেভা

ব্যাখ্যা : 'ট্রিটি অব সেভার্স' বা 'সেভার্স চুক্তির' (১৯২০) মাধ্যমে অটোমান সাম্রাজ্যের বিলুপ্তি ঘটে। প্রথম বিশ্বযুদ্ধের সময় তুরস্ক অটোমান সাম্রাজ্যের অধীনে ছিল। যুদ্ধে বিজয়ের পর মিত্রশক্তি তুরস্কের উপর এই অপমানজনক চুক্তি চাপিয়ে দেয়। সেভার্স সন্ধি আসলে কোনো সমঝোতা চুক্তি ছিল না। এটা ছিল বিজয়ী মিত্রশক্তি কর্তৃক পরাজিত তুর্কি সাম্রাজ্যের জন্য চরম অপমানজনক কিছু শর্ত যা তুর্কি সাম্রাজ্যকে খণ্ড-বিখণ্ড করে ফেলে। উল্লেখ্য যে, ১৯২৩ সালে মোস্তাফা কামাল পাশা আতার্তুকের নেতৃত্বে তুরস্ক প্রজাতন্ত্রে পরিণত হয়।

Ans : C.

৬০. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয় ____ ।
A. ১৯১৪ সালে B. ১৯৪২ সালে C. ১৯৪৫ সালে D. ১৯৪৮ সালে

ব্যাখ্যা: দ্বিতীয় বিশ্বযুদ্ধ-
যুদ্ধ শুরু: ১ সেপ্টেম্বর, ১৯৩৯ সাল (জার্মানি কর্তৃক পোল্যান্ড আক্রমণের মাধ্যমে)।
যুদ্ধ শেষ হয়: ২ সেপ্টেম্বর, ১৯৪৫।
অক্ষশক্তি: জাপান, জার্মানি, ইতালি।
মিত্রশক্তি: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সোভিয়েত ইউনিয়ন, চীন।
দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয়: রাশিয়াকে।
যুদ্ধের বাফার স্টেট ছিল: বেলজিয়াম।
'ডেজার্ট ফক্স' নামে পরিচিত: ফিল্ড মার্শাল রোমেল।
'হিরোশিমা' ও 'নাগাসাকিতে' বোমা নিক্ষেপ: যথাক্রমে ৬ আগস্ট ও ৯ আগস্ট।
জাপান পার্ল হারবারে আক্রমণ করে: ৭ ডিসেম্বর, ১৯৪১ (এর পরিপ্রেক্ষিতে ৮ ডিসেম্বর, ১৯৪১ যুক্তরাষ্ট্র সরাসরি যুদ্ধে যোগ দেয়)।
হিটলার কর্তৃক ইহুদীদের উপর চালানো গণহত্যার নাম - হলোকাস্ট।

Ans : C.

৬১. APEC -এর মোট প্রতিষ্ঠাকালীন সদস্য কত ছিল?
A. ১০ B. ১১
C. ১২ D. ১৫

ব্যাখ্যা : APEC-
পূর্ণরূপ: Asia Pacific Economic Co-operation.
পরিচয়: এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক জোট।
প্রতিষ্ঠাকাল: ৬ নভেম্বর, ১৯৮৯ (ক্যানবেরা, অস্ট্রেলিয়া)।
সদর দপ্তর: সিঙ্গাপুর সিটি, সিঙ্গাপুর।
বর্তমান সদস্য: ২১টি।
প্রতিষ্ঠাকালীন সদস্য: ১২টি।
উদ্যোক্তা: বব হক (অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী)।
লক্ষ্য ও উদ্দেশ্য: সদস্য দেশগুলোর মধ্যে পারস্পারিক বাণিজ্যের সুবিধা দিয়ে শুল্কমুক্ত বাণিজ্যের এক বিশাল এলাকা গড়ে তোলা।

Ans : C.

৬২. WTO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
A. ওয়াশিংটন ডিসি B. প্যারিস
C. জেনেভা D. হেগ

ব্যাখ্যা : WTO-
পূর্ণরূপ: World Trade Organization.
প্রতিষ্ঠা: ১ জানুয়ারি, ১৯৯৫
সদর দপ্তর: জেনেভা, সুইজারল্যান্ড।
বর্তমান সদস্য সংখ্যা: ১৬৪টি (সর্বশেষ-আফগানিস্তান)।
বাংলাদেশে 'WTO' -এর সদস্যপদ লাভ করে: ১ জানুয়ারি, ১৯৯৫।
পূর্বনাম: GATT (General Agreement On Tariffs and Trade)
উল্লেখ্য, ব্রেটন উডস সম্মেলনের পরিপ্রেক্ষিতে ১৯৪৭ সালে গঠিত হয় GATT। ১ জানুয়ারি, ১৯৪৮ সাল থেকে GATT কাজ শুরু করে। ১৯৯৫ সালে উরুগুয়ে রাউন্ডের আলোচনা শেষে GATT বিলুপ্ত হয়ে WTO গঠন করা হয়।

Ans : C.

## জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ

৬৩. ২০২২ সালে মুক্তিপ্রাপ্ত 'হাওয়া' চলচ্চিত্রের পরিচালক কে?
A. তৌকীর আহমেদ B. অমিতাভ রেজা চৌধুরী
C. আশফাক নিপুন D. মেজবাউর রহমান সুমন

ব্যাখ্যা : "হাওয়া" চলচ্চিত্র সম্পর্কিত তথ্য-
পরিচালক ও রচয়িতা: মেজবাউর রহমান সুমন
প্রযোজক: অঞ্জন চৌধুরী পিন্টু
অভিনয়শিল্পী: চঞ্চল চৌধুরী, নাজিফা তুষি, শরিফুল রাজ, সুমন আনোয়ার, সোহেল মন্ডল, নাসির উদ্দিন খান
মুক্তি: ২৯ জুলাই, ২০২২
ধরণ: নাট্যধর্মী

Ans : D.

CamScanner

**৬৪.** কোনটি বাংলাদেশের সংবাদপত্র নয়?

A. দ্য ডেইলি স্টার B. দ্য ট্রিবিউন
C. দ্য বিজনেস স্ট্যান্ডার্ড D. দ্য ফিন্যান্সিয়াল এক্সপ্রেস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সংবাদপত্র-

| সংবাদপত্রের নাম | বিশেষ তথ্য |
|---|---|
| দ্য ট্রিবিউন | • ভারতীয় দৈনিক, যা ইংরেজি ভাষায় প্রকাশিত হয়। |
| দ্য ডেইলি স্টার | • বাংলাদেশে প্রকাশিত ইংরেজি ভাষার একটি সংবাদপত্র।<br>• সম্পাদক: মাহফুজ আনাম। |
| দ্য বিজনেস স্ট্যান্ডার্ড | • ইংরেজি এবং বাংলা উভয় ভাষায় প্রকাশিত একটি বাংলাদেশী দৈনিক।<br>• বাংলাদেশের অর্থনৈতিক বিষয়সমূহ বিশ্লেষণ করে। |
| দ্য ফিন্যান্সিয়াল এক্সপ্রেস | • ইংরেজি ভাষায় প্রকাশিত বাংলাদেশের একটি জাতীয় দৈনিক।<br>• সম্পাদক: শামসুল হক জাহিদ। |

**Ans : B.**

**৬৫.** বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা প্রদান করা হয়েছে?

A. ৩৮ B. ৩৯(১) C. ৩৯(২) D. ৪০

ব্যাখ্যা: বাংলাদেশ সংবিধানের মৌলিক অধিকার সম্পর্কিত গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ-

| অনুচ্ছেদসমূহ | বিষয়বস্তু ও শিরোনাম |
|---|---|
| ২৭নং | আইনের দৃষ্টিতে সমতা |
| ২৯নং | সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা |
| ৩৬নং | চলাফেরার স্বাধীনতা |
| ৩৭নং | সমাবেশের স্বাধীনতা |
| ৩৮নং | সংগঠনের স্বাধীনতা |
| ৩৯(১)নং | চিন্তা ও বিবেকের স্বাধীনতা |
| ৩৯(২-ক)নং | বাক-স্বাধীনতা |
| ৩৯(২-খ)নং | সংবাদক্ষেত্রের স্বাধীনতা |
| ৪০নং | পেশা বা বৃত্তির স্বাধীনতা |
| ৪১নং | ধর্মীয় স্বাধীনতা |
| ৪৪নং | মৌলিক অধিকার বলবৎকরণ |

**Ans : B.**

**৬৬.** ইউএনবি-এর পূর্ণরূপ কী?

A. ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ B. ইউনিভার্সাল নিউজ অব বাংলাদেশ
C. ইন্টারন্যাশনাল নিউজ অব বাংলাদেশ D. ইউনাইটেড নিউজ বাংলাদেশ

ব্যাখ্যা : ইউএনবি (UNB) সম্পর্কিত তথ্য-
পূর্ণরূপ: ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ।
ধরন: সংবাদ সংস্থা (বেসরকারি)। প্রতিষ্ঠাকাল: ১৯৮৮ সাল।
সদর দপ্তর: ঢাকা, বাংলাদেশ। প্রতিষ্ঠাতা: এনায়েতউল্লাহ খান।
পরিচয়: বাংলাদেশের প্রথম ডিজিটাল সংবাদ সংস্থা।
বাংলাদেশের জাতীয় সংবাদ সংস্থা: বাসস (বাংলাদেশ সংবাদ সংস্থা)।

**Ans : A.**

**৬৭.** ওটিটি প্লাটফর্ম চরকি-র কার্যক্রম শুরু হয় কোন সালে?

A. ২০২০ সালে B. ২০২১ সালে C. ২০২২ সালে D. ২০২৩ সালে

ব্যাখ্যা: চরকি সম্পর্কিত তথ্যসমূহ-
চালু হয়: ১২ জুলাই, ২০২১। ধরন: ওটিটি ভিডিও স্ট্রিমিং প্লাটফর্ম।
মালিক: ডিজিটাল প্রথম। প্রধান পরিচালনা কর্মকর্তা: রেদওয়ান রনি।
পণ্যসমূহ: • স্ট্রিমিং মিডিয়া। • ভিডিও অন ডিমান্ড। • ডিজিটাল বিতরণ।
মাতৃ কোম্পানি: প্রথম আলো। ওয়েবসাইট: chorki.com

**Ans : B.**

**৬৮.** দেশের সর্ববৃহৎ ও সর্বাধুনিক পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের দেনা কত?

A. ১৫ কোটি ডলার B. ২২ কোটি ডলার
C. ৩৬ কোটি ডলার D. ৪৩ কোটি ডলার

ব্যাখ্যা: অবস্থান: কলাপাড়া, পটুয়াখালী উৎপাদন ক্ষমতা: ১৩২০ মেগাওয়াট
সহায়তাকারী দেশ: চীন জ্বালানি: কয়লা
উদ্বোধন: ২১ মার্চ, ২০২২
আল্ট্রা-সুপার-ক্রিটিকাল প্রযুক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদনে বাংলাদেশ বিশ্বের ১৩তম
পায়রা বিদ্যুৎ কেন্দ্রের জন্য কয়লা আমদানি হবে: ইন্দোনেশিয়া থেকে

**Ans : উত্তর পরিবর্তনশীল।**

**৬৯.** বাংলাদেশ টেলিভিশন কোন সালে সম্প্রচার শুরু করে?

A. ১৯৬২ সালে B. ১৯৬৩ সালে C. ১৯৬৪ সালে D. ১৯৬৫ সালে

ব্যাখ্যা: "বাংলাদেশ টেলিভিশন" সম্পর্কিত তথ্য-
প্রতিষ্ঠা: ২৫ ডিসেম্বর, ১৯৬৪
প্রতিষ্ঠাকালীন কেন্দ্র: বর্তমান রাজউক ভবন
বাংলাদেশে রঙিন টেলিভিশন চালু হয়: ১ ডিসেম্বর, ১৯৮০
বিটিভি ওয়ার্ল্ড চালু হয়: ২০০৪ সালে
বিটিভির প্রথম নাটক: একতলা-দোতলা (১৯৬৫)
প্রথম সঙ্গীত শিল্পী: ফেরদৌসী রহমান
বাংলাদেশে প্রথম বেসরকারি ট্যাভেল চ্যানেল: এটিএন বাংলা(১৯৯৭)

**Ans : C.**

**৭০.** ঘূর্ণিঝড় মোখার নামকরণ করে কোন দেশ?

A. তিউনেশিয়া B. ইয়েমেন C. সৌদি-আরব D. মিয়ানমার

ব্যাখ্যা : ঘূর্ণিঝড় মোখা সম্পর্কিত তথ্য-
• ঘূর্ণিঝড় মোখার নামকরণ করেছে- ইয়েমেন।
• ইয়েমেনের লোহিত সাগর উপকূলে একটি বন্দরশহর মোখা যা কফি বাণিজ্যের জন্য বিখ্যাত ছিল।
• বাংলাদেশে সর্বশেষ আঘাত হানা ঘূর্ণিঝড় - রেমাল (মে, ২০২৪)।
• রেমাল আরবি শব্দ, যার অর্থ বালি।
• রেমাল নামকরণ করে যে দেশ - ওমান।

**Ans : B.**

## বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট

**৭১.** পাশ্চাত্য জগতে অভিধানের সূত্রপাত কোথায় হয়?

A. গ্রিসে B. রোমে C. জার্মানিতে D. ইংল্যান্ডে

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• একটি নির্দিষ্ট ভাষার শব্দসমূহ বর্ণানুক্রমে তালিকাভুক্ত এবং শব্দসমূহের অর্থ, উচ্চারণ, ব্যুৎপত্তি, ব্যবহার ইত্যাদি বর্ণিত ও ব্যাখ্যায়িত থাকে যে গ্রন্থে তাকে বলে - অভিধান।
• সবচেয়ে পুরাতন অভিধান - আকাডিয়ান সাম্রাজ্যের সময়কার দ্বিভাষিক (সুমেরীয়-আকাডিয়ান) শব্দমালার।
• প্রথম ইংরেজি অভিধান সংকলন করেন - রিচার্ড হুলোয়েট (১৫৫২)।
• বর্তমান বিশ্বের সবচেয়ে বড় অভিধান -The Oxford English Dictionary (২০ খণ্ড)।
• বাংলা ভাষায় (বাংলা থেকে বাংলা) প্রথম অভিধান সংকলন করেন - রামচন্দ্র বিদ্যাবাগীশ (১৮১৭)।
• বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান প্রকাশিত - ১৯৯২ সালে।

**Ans : B.**

**৭২.** কোন সাহিত্যকর্মটি ডায়াসপোরা লেখকের লেখা?

A. দ্য ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি B. এ হাউস ফর মিস্টার বিশ্বাস
C. জার্মিনাল D. দ্য ম্যাজিক মাউন্টেইন

ব্যাখ্যা: ডায়াসপোরা পরিস্থিতিতে বাস করছেন অর্থাৎ কোনো কারণে নির্বাসনে থেকে বা জীবিকার তাগিদে নিজ দেশ ছেড়ে ভিনদেশে বাস করছেন - এমন পরিস্থিতিতে কোনো লেখক যে-সৃজনশীল সাহিত্য রচনা করেন সেটি 'ডায়াসপোরা সাহিত্য'।

| ডায়াসপোরা সাহিত্যিক | সাহিত্য | ডায়াসপোরা সাহিত্যিক | সাহিত্য |
|---|---|---|---|
| ইশিগুরো | 'দ্য রিমেইন্স অব দ্য ডে' | সুদেশ মিশ্র | ডায়াসপোরা ক্রিটিসিজম |
| সালমান রুশদি | মিডনাইট চিলড্রেন | ভি.এস. নাইপল | এ হাউস ফর মিস্টার বিশ্বাস |

Ans : B.

৭৩ ডব্লিউ বি ইয়েটস কোন বইয়ের ভূমিকা লিখেছেন?
A. গীতাঞ্জলি B. বনলতা সেন C. সং অফারিংস D. দ্য প্যারটস টেল

ব্যাখ্যা: রবীন্দ্রনাথের গীতাঞ্জলি কাব্যের ইংরেজি অনুবাদ - 'Song Offerings' এর ভূমিকা লিখেন আইরিশ কবি ডব্লিউ বি ইয়েটস। তিনি একাধারে কবি, লেখক এবং নাট্যকার।
- মূল গীতাঞ্জলি'র ১৫৭টি গান/কবিতার মধ্যে 'Song Offerings' এ স্থান পেয়েছে - মাত্র ৫১টি।
- রবীন্দ্রনাথ গীতাঞ্জলির অনুবাদ 'Song Offerings' এর জন্য ১৯১৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

Ans : C.

৭৪ রূপসী বাংলা কাব্যগ্রন্থের প্রচ্ছদ আঁকেন কোন চলচ্চিত্রকার?
A. মৃণাল সেন B. ঋত্বিক ঘটক C. সত্যজিৎ রায় D. অপর্ণা সেন

ব্যাখ্যা: 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কবি - জীবনানন্দ দাশ।
- জীবনানন্দ দাশের সপ্তম কাব্যগ্রন্থ - 'রূপসী বাংলা'।
- কবি এ গ্রন্থটির প্রচ্ছদনাম নির্বাচন করেছিলেন - 'বাংলার ত্রস্ত নীলিমা'।
- 'রূপসী বাংলা'র প্রচ্ছদ শিল্পী - চলচ্চিত্রকার সত্যজিৎ রায়।

Ans : C.

৭৫ সৈয়দ ওয়ালিউল্লাহর জন্মশতবার্ষিকী কোন সালে?
A. ১৯৯৯ B. ২০২০ C. ২০২২ D. ২০২৩

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালিউল্লাহ-
- জন্ম-মৃত্যু: ১৯২২-১৯৭১। • জন্মস্থান: ষোলশহর, চট্টগ্রাম। মৃত্যু: প্যারিস, ফ্রান্স
- ছদ্মনাম: আবু শরিয়া • পেশা: কূটনীতিক, কথা সাহিত্যিক, সমালোচক
- ভাষাগত দক্ষতা: বাংলা, ইংরেজি ও ফরাসি
- সাহিত্যকর্ম: লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, কদর্য এশীয়, নয়নচারা, একটি তুলসী গাছের কাহিনী।

Ans : C.

৭৬ মৃণাল সেনের জন্ম কোথায়?
A. ফরিদপুর B. বিক্রমপুর C. পুরুলিয়া D. কলকাতা

ব্যাখ্যা: মৃণাল সেন ছিলেন প্রখ্যাত ভারতীয় বাঙালি চলচ্চিত্র পরিচালক, চিত্রনাট্যকার ও লেখক।
জন্ম: ১৪ মে, ১৯২৩। জন্মস্থান: ফরিদপুর
মৃত্যু: ৩০ ডিসেম্বর, ২০১৮(কলকাতা) জাতীয়তা ও নাগরিকত্ব: ভারতীয়
পুরস্কার: পদ্মভূষণ, দাদাসাহেব ফালকে, অর্ডার অফ ফ্রেন্ডশিপ, কমান্ডার অফ দি অর্ডার অফ আর্টস এন্ড লেটারস।
চলচ্চিত্রসমূহ: • নীল আকাশের নিচে • বাইশে শ্রাবণ
• কাঁচ কাটা হীরে • জেনেসিস, প্রভৃতি
গ্রন্থতালিকা: • চার্লি চ্যাপলিন • ভিউস অব সিনেমা
• মন্তেজ: লাইফ, পলিটিক্স, সিনেমা

Ans : A.

৭৭ চাতাই তুর্কিতে কোন সম্রাট আত্মজীবনী লেখেন?
A. সম্রাট শাহজাহান B. সম্রাট বাবর C. সম্রাট আকবর D. সম্রাট জাহাঙ্গীর

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- 'তুজুক-ই-বাবুরী' নামে সম্রাট বাবরের জীবন স্মৃতি রচিত - তুর্কি ভাষায়।
- মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা - জহিরউদ্দিন মুহম্মদ বাবর।
- প্রথম আত্মজীবনী রচনাকারী মোগল সম্রাট - সম্রাট বাবর।
- মোগল সম্রাট জাহাঙ্গীরের আত্মচরিত বা স্মৃতিকথা - 'তুজুক-ই-জাহাঙ্গীরী'।

Ans : B.

৭৮ অব্যক্ত গ্রন্থটি কোন বিজ্ঞানীর লেখা?
A. সত্যেন বোস B. প্রফুল্ল চন্দ্র রায়
C. জগদীশচন্দ্র বসু D. রামানুজ

ব্যাখ্যা : স্যার জগদীশ চন্দ্র বসু সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্ম-মৃত্যু: ১৮৫৮-১৯৩৭।
- জন্মস্থান: ময়মনসিংহ, বাংলাদেশ।
- 'অব্যক্ত' প্রবন্ধগ্রন্থের প্রকাশকাল - ১৯২১ সাল। এটি একটি বিজ্ঞানের বই।
- উদ্ভিদের প্রাণ আছে কথাটি সবার আগে প্রমাণ করেন - জগদীশ চন্দ্র বসু

Ans : C.

৭৯ মুক্তিযুদ্ধে ময়মনসিংহ কোন সেক্টরের অধীনে ছিল?
A. ৮ B. ৯ C. ১০ D. ১১

ব্যাখ্যা :

| সেক্টর নং | অঞ্চল | সেক্টর কমান্ডার (মোট ১৬ জন)ও |
|---|---|---|
| ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত | মেজর জিয়াউর রহমান<br>মেজর রফিকুল ইসলাম |
| ২ | নোয়াখালী, কুমিল্লা, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ | মেজর খালেদ মোশাররফ<br>মেজর এটিএম হায়দার |
| ৩ | ব্রাহ্মণবাড়িয়া জেলার কিছু অংশ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ | মেজর কে এম শফিউল্লাহ<br>মেজর এম এন নুরুজ্জামান |
| ৪ | সিলেট জেলার পূর্বাঞ্চল | মেজর সি আর দত্ত |
| ৫. | সিলেট জেলার পশ্চিমাঞ্চল | মেজর মীর শওকত আলী |
| ৬ | সমগ্র রংপুর বিভাগ | উইং কমান্ডার এম কে বাশার |
| ৭ | সমগ্র রাজশাহী বিভাগ | মেজর নাজমুল হক<br>কাজী নুরুজ্জামান |
| ৮. | কুষ্টিয়া, যশোর, ভোলা ও ফরিদপুরের কিছু অংশ | মেজর আবু ওসমান চৌধুরী<br>মেজর এম এ মঞ্জুর |
| ৯ | সাতক্ষীরা, খুলনার নিচের অংশ | মেজর এম এ জলিল |
| ১০ | সমগ্র নৌপথ ও সমুদ্র উপকূলীয় এলাকা | নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না |
| ১১ | সমগ্র ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলার অংশ | মেজর আবু তাহের<br>ফ্লাইট লে. এম হামিদুল্লাহ |

Ans : D.

৮০ যুক্তফ্রন্ট মন্ত্রীসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কী বিষয়ক মন্ত্রী ছিলেন?
A. স্বরাষ্ট্র B. কৃষি C. পররাষ্ট্র D. বন ও পাট

ব্যাখ্যা: ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর পূর্ব পাকিস্তানের চারটি বিরোধী রাজনৈতিক দলের সমন্বয়ে গঠিত হয় "যুক্তফ্রন্ট"।
- যুক্তফ্রন্টের নির্বাচনী দফা ছিল- ২১টি।
- ২১ দফার প্রথম দফা- বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়া।
- যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল- নৌকা।
- যুক্তফ্রন্টের দল ছিল- ৪টি।

| দলের নাম | নেতা |
|---|---|
| আওয়ামী মুসলিম লীগ | মাওলানা ভাসানী |
| কৃষক প্রজা পার্টি | শেরে বাংলা এ কে ফজলুল হক |
| নেজামে ইসলাম | মাওলানা আতাহার আলী |
| গণতন্ত্রী দল | হাজী দানেশ |

- শেরে বাংলা এ কে ফজলুল হকের নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়- ৩ এপ্রিল, ১৯৫৪।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন যুক্তফ্রন্ট সরকারের - কৃষি, সমবায় ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের মন্ত্রী।
- যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সর্বকনিষ্ঠ মন্ত্রী ছিলেন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল - মাত্র ৫৬দিন।

Ans : B.

CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)

## শিক্ষাবর্ষ: 2022-23 [Set - I]

### বাংলা

০১. কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত গ্রন্থ নয়-
A. মৃণালিনী B. রাজসিংহ
C. বিজ্ঞানরহস্য D. রাজর্ষি

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর কতিপয় সাহিত্যকর্ম-

| | |
|---|---|
| উপন্যাস | দুর্গেশনন্দিনী (১৮৬৫), রাজসিংহ, কপালকুণ্ডলা, আনন্দমঠ, মৃণালিনী, দেবী চৌধুরাণী, সীতারাম, চন্দ্রশেখর, রজনী, কৃষ্ণকান্তের উইল। |
| প্রবন্ধগ্রন্থ | লোকরহস্য, বিজ্ঞানরহস্য, সাম্য, কৃষ্ণ চরিত্র, বিবিধ সমালোচনা, ধর্মতত্ত্ব অনুশীলন। |

• 'রাজর্ষি' রবীন্দ্রনাথ ঠাকুর-এর একটি উপন্যাস।
**Ans : D.**

০২. অমিত্রাক্ষর ছন্দের উৎস কোনটি?
A. অক্ষরবৃত্ত B. মাত্রাবৃত্ত
C. স্বরবৃত্ত D. কলাবৃত্ত

ব্যাখ্যা : • 'অমিত্রাক্ষর' ছন্দে সাধারণত চরণের শেষে মিল থাকে না। এটি অক্ষরবৃত্ত ছন্দের একটি প্রকার।
• বাংলায় অমিত্রাক্ষর ছন্দের জনক - মাইকেল মধুসূদন দত্ত। ইংরেজি 'Blank Verse' ছন্দের অনুকরণে তিনি এটি বাংলায় প্রয়োগ করেন।
**Ans : A.**

০৩. মোপাসাঁ কোন দেশের কোন শহরে জন্মগ্রহণ করেন?
A. ইতালির নেপোলি B. ফ্রান্সের নর্মান্ডি
C. স্পেনের বার্সেলোনা D. জার্মানির নর্থ রাইন

ব্যাখ্যা : 'মোপাসাঁ' সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য-
• জন্ম: ফ্রান্সের নর্মান্ডি শহরে, ১৮৫০।
• মৃত্যু: ৬ই জুলাই, ১৮৯৩।
• পুরোনাম: Henri-Renri-Albert-Guy de Maupassant.
• পিতা: গুস্তাভ দ্য মোপাসাঁ।
• মাতা: লরা লি পয়টিভিন।
**Ans : B.**

০৪. 'বিলাসী' গল্পের মৃত্যুঞ্জয় মূলত কার নাম?
A. ব্রহ্মা B. বিষ্ণু
C. মহেশ্বর D. কৃষ্ণ

ব্যাখ্যা : 'মৃত্যুঞ্জয়' নামের অর্থ- যিনি মৃত্যুকে জয় করেন। বিষকণ্ঠ শিব বা মহেশ্বরের অন্য নাম মৃত্যুঞ্জয়।
**Ans : C.**

০৫. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গ্রন্থ নয়-
A. রাজা B. চতুরঙ্গ
C. গৃহদাহ D. ঘরে বাইরে

ব্যাখ্যা : প্রশ্নে উল্লিখিত গ্রন্থের ধরন ও রচয়িতা-

| গ্রন্থ | ধরন | রচয়িতা |
|---|---|---|
| রাজা | সাংকেতিক নাটক | রবীন্দ্রনাথ ঠাকুর |
| চতুরঙ্গ | উপন্যাস | |
| ঘরে বাইরে | উপন্যাস | |
| গৃহদাহ | উপন্যাস | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |

**Ans : C.**

০৬. 'হায় তাত উচিত কি তব এ কাজ'- এখানে 'তাত' কাকে বলা হয়েছে?
A. বিভীষণ B. মেঘনাদ
C. রাবণ D. লক্ষণ

ব্যাখ্যা : রাবণের কনিষ্ঠভ্রাতার নাম বিভীষণ। রাবণের ছোটো ছেলের নাম মেঘনাদ। 'তাত' শব্দের অর্থ- চাচা বা পিতৃব্য। মেঘনাদ তার চাচা বিভীষণকে উদ্দেশ্য করে উক্তিটি করে।
**Ans : A.**

০৭. নিচের কোন এলাকার ভাষা বরেন্দ্রী উপভাষার অন্তর্গত?
A. মুর্শিদাবাদ B. কলকাতা
C. দক্ষিণ দিনাজপুর D. রংপুর

ব্যাখ্যা : • 'বরেন্দ্রী' উপভাষার অন্তর্গত অঞ্চল হলো- মালদহ, চাঁপাইনবাবগঞ্জ, মুর্শিদাবাদ, রাজশাহীসহ উত্তর-পশ্চিম বাংলা।
**Ans : A.**

০৮. নিচের কোনটি অঘোষ ব্যঞ্জন ধ্বনি?
A. 'ল' B. 'র'
C. 'ণ' D. 'শ'

ব্যাখ্যা : • 'শ' হলো অঘোষ তালব্য ধ্বনি।
• 'র' কম্পনজাত ধ্বনি।
• 'ল' পার্শ্বিক ধ্বনি।
• 'ণ' মূর্ধা-নাসিক্য ধ্বনি।
**Ans : D.**

০৯. নিচের কোন বানানটি শুদ্ধ?
A. নির্মিলিতলোচন B. নিক্বণ
C. নিক্কন D. নিমিলীতলোচন

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধবানান- নিমীলিতলোচন, নিক্বণ, পদ্মলোচন, পাণিনি, বাল্মীকি, সমীচীন, প্রাণিবিজ্ঞান, শ্মশান, দূষণীয়, ভ্রমণ ইত্যাদি।
**Ans : B.**

১০. নিচের কোনটি বিশেষ্য পদ?
A. বিস্ময় B. আংশিক
C. আধুনিক D. আনন্দিত

ব্যাখ্যা : • 'বিস্ময়' বিশেষ্য পদ। অর্থ- আশ্চর্য, চমৎকৃত ভাব।
• আংশিক, আধুনিক, আনন্দিত - বিশেষণ পদ।
**Ans : A.**

১১. 'আবহাওয়া' শব্দটি কোন কোন ভাষার মিশ্রণ-
A. আরবি ও ফারসি B. ফারসি ও আরবি
C. উর্দু ও আরবি D. ফারসি ও হিন্দি

ব্যাখ্যা : 'আবহাওয়া' একটি মিশ্রশব্দ। 'আব' হলো ফারসি এবং 'হাওয়া' আরবি উৎসের শব্দ। 'আব' অর্থ- পানি, জল ইত্যাদি। 'হাওয়া' অর্থ- বাতাস। 'আবহাওয়া' শব্দের অর্থ- জলবায়ু।
**Ans : B.**

১২. 'গণ্ডূষ' দ্বারা কী বোঝায়?
A. এক মুখ পানি B. এক গ্লাস পানি
C. এক কলসি পানি D. এক জগ পানি

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| গণ্ডূষ | একমুখ বা এককোষ জল। |
| ফল্গু | ভারতের গয়া অঞ্চলের অন্তঃসলিলা নদী। নদীটির ওপরের অংশে বালির আস্তরণ কিন্তু ভিতরে জলস্রোত প্রবাহিত। |
| অভ্র | এক ধরনের খনিজ ধাতু। Mica. |
| প্রদোষ | সন্ধ্যা। |
| ধুয়া | গানের যে অংশ দোহাররা বারবার পরিবেশন করে। |

**Ans : A.**

CS CamScanner

১৩. মহাকবি হোমারের রচিত মহাকাব্যের চরিত্র কোনটি?
A. ওডিসিয়ুস B. অরিস্টিস C. ইদিপাস D. ইলিয়াড

ব্যাখ্যা : • মহাকবি হোমারের রচিত দুটি মহাকাব্যের নাম- ইলিয়াড ও ওডিসি।
• 'ইলিয়াড' গ্রিক মহাকাব্য। প্রাচীন গ্রিসের ইলিওন শহরের নামানুসারে এই মহাকাব্যের নামকরণ করা হয়।
• 'ইলিয়াড' মহাকাব্যে প্রধান চরিত্রগুলো হলো- হেলেন, অ্যাকিলিস, হেক্টর, আগামেনন, অডিসিউস, মেনেলাউস, নেস্টর, ইনিয়াস, প্রায়াম, ডেইফোবাস, ডোলন, পলিডেমাস, হেকাবি প্রমুখ।
Ans : A.

১৪. কবি সুকান্ত কোন যুদ্ধ দ্বারা আলোড়িত?
A. প্রথম বিশ্বযুদ্ধ B. দ্বিতীয় বিশ্বযুদ্ধ
C. পাক-ভারত যুদ্ধ D. ভারত-চিন যুদ্ধ

ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্য সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য-
• জন্ম: কালীঘাট, কলকাতা। ১৫ই আগস্ট, ১৯২৬।
• পৈতৃক নিবাস: গোপালগঞ্জ জেলার কোটালিপাড়ায়।
• মৃত্যু: কলকাতায়। ম্যালেরিয়া ও দুরারোগ্য ক্ষয়রোগে আক্রান্ত হয়ে মাত্র ২১ বছর বয়সে। ১৩ই মে, ১৯৪৭।
• উপাধি: কিশোর কবি।
• আলোড়িত ছিলেন: দ্বিতীয় বিশ্বযুদ্ধ দ্বারা।
• কাব্যগ্রন্থ: ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস, মিঠে কড়া।
• নাটিকা: অভিযান।
• সম্পাদিত কাব্য: আকাল।
Ans : B.

১৫. কত সালে অগ্নিবীণা কাব্যটির শতবর্ষ পূর্ণ হয়-
A. ১৯১২ B. ১৯২১ C. ১৯২২ D. ১৯২৩

ব্যাখ্যা : 'অগ্নিবীণা' কাব্য সম্পর্কিত কতিপয় তথ্য-
• কবি: কাজী নজরুল ইসলাম।
• ধরন: কাব্যগ্রন্থ।
• ১ম প্রকাশ: ১৯২২ সালে।
• উৎসর্গ: বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে।
• শতবর্ষ পূর্ণ হয়: ২০২২ সালের অক্টোবরে।
Ans : C.

## English

**16. Cox's Bazar,along with Mahasthangarh and Kuakata, _____ among the popular tourist destinations.**
A. are B. is C. were D. will

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যে along with এর পূর্বের বা প্রথম noun টি হলো Cox's bazar, যা singular। তাই নিয়মানুসারে verb টি sungular 'is' হতে হবে।
Ans : B.

**17. A friend in ____ is a friend indeed.**
A. need B. needs
C. needy D. needed

ব্যাখ্যা : 'A friend in need is a friend indeed' যা একটি প্রবাদবাক্য, যার অর্থ - 'বিপদের বন্ধুই প্রকৃত বন্ধু'।
Ans : A.

**18. None should be addicted to ____ Computer games.**
A. be played B. plays
C. play D. playing

ব্যাখ্যা : With a view to, look forward to, adhere to, adverse to, addicted to, close to, committed to, confess to, contribute to, dedicate to, object to, refer to ইত্যাদি এর পরে verb থাকলে verb টির সাথে ing যুক্ত হয়। যেহেতু প্রদত্ত বাক্য addicted to (আসক্ত) আছে সেহেতু এর পরে verb (Play) এর সাথে ing যুক্ত হয়ে শূন্যস্থানে 'playing' বসবে।
Ans : D.

**19. A synonym of the word 'flourish' is ____.**
A. decrease B. damage C. thrive D. throb

ব্যাখ্যা: Flourish - উন্নতি করা/বিকাশ ঘটানো।
Decrease - হ্রাস করা/কমানো।
Damage - ক্ষতি করা।
Thrive - উন্নতি করা/বর্ধিত করা।
Throb - স্পন্দন/ধড়ফড়ানি।
**Flourish এর আরো কিছু Synonyms এবং Antonyms-**
**Synonyms:** Prosper, Proliferate, Produce, Overgrow, Propagate.
**Antonyms:** Decrease, Flounder, Fail, Decline, Shrink.
Ans : C.

**20. An antonym of the word 'consistency' is____.**
A. harmony B. concordance
C. inconsistency D. accuracy

ব্যাখ্যা: Consistency - ঐক্য/মিলন।
Harmony - সম্প্রীতি/ঐকতান। Concordance - ঐক্য/মিলন।
Accuracy - যথার্থতা/নির্ভুলতা। Inconsistency - অসঙ্গতি।
**Consistency এর আরো কিছু Synonyms এবং Antonyms-**
**Synonyms:** Accordance, Regularity, Coherence, Compatibility, Uniformity.
**Antonyms:** Incongruity, Disagreement, Inconstancy, Irregularity, Variation.
Ans : C.

**21. The bucket contains ____ hot water.**
A. few B. much C. a few D. many

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যের 'hot water' Uncountable noun বিধায় এর পূর্বে much বসবে। অর্থাৎ অপশন B হবে উত্তর।
Ans : B.

**22. The verb of the word 'broad' is ____.**
A. broaden B. breadth
C. broader D. broadband

ব্যাখ্যা: Broad (adj) এর অর্থ- প্রশস্ত/বিস্তৃত।
Adjective এর শেষে -en যুক্ত করে verb গঠন করা যায়। তাই Broad এর সাথে -en যুক্ত করে গঠিত Broaden(v) এর অর্থ- প্রশস্ত/বিস্তৃত করা।
Ans : A.

**23. Do you mind ___ alone here?**
A. are B. be C. to be D. being

ব্যাখ্যা : 'আপত্তি করা/কোনো কিছু মনে করা' অর্থে কোনো বাক্যে mind ব্যবহৃত হলে এর পর gerund (verb + ing) ব্যবহৃত হয়।
যেমন: I don't mind walking home. We did not mind working overtime.
প্রশ্নোক্ত বাক্যে mind (main verb) দ্বারা 'আপত্তি করা' বুঝাচ্ছে এবং তাই উপরোক্ত নিয়মানুসারে direct object হিসেবে mind এর পরে gerund 'being' ব্যবহৃত হবে।
Ans : D.

CamScanner

**24. The girl is fond of science stories, _____?**

A. is she B. isn't she
C. is she not D. is not she

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যের auxiliary verb হলো 'is' এবং বাক্যটি affirmative। তাই এর tag question টি negative হবে। এক্ষেত্রে সঠিক tag question টি হবে 'isn't she?'।
Ans : B.

**25. Choose the correct sentence:**

A. The two first services are free, while the third costing BDT 5000.
B. The first two services are free when the third costs BDT 5000.
C. The first two services are free, while the third costs BDT 5000.
D. The first two services are free, while the third cost BDT 5000.

ব্যাখ্যা : পক্ষান্তরে/অন্যদিকে অর্থে conjunction হিসেবে while ব্যবহৃত হয়। এক্ষেত্রে while এর অর্থ 'Though/although' এর সমার্থক। এখানে অপশন (C) হবে উত্তর, এক্ষেত্রে বাক্যের অর্থ হয়- 'প্রথম দুটি পরিষেবা বিনামূল্যে পক্ষান্তরে তৃতীয়টির মূল্য ৫০০০ টাকা'- যা পরস্পর বিরোধী (contradictory) দুটি ধারণা। উক্ত বাক্যে বিপরীত ধারণাদ্বয় যুক্ত হয়েছে বিধায় conjunction হিসেবে while যথার্থ।
Ans : C.

**26. The book ____ you borrowed from my cousin is essential for the examination.**

A. that B. who C. whom D. whose

ব্যাখ্যা : প্রশ্নোক্ত বাক্যে 'The book(antecedent)' একটি বস্তু বিধায় এর পরে connective হিসেবে which/that ব্যবহৃত হবে। অপশনে which না থাকায় that হবে সঠিক উত্তর।
Ans : A.

**27. The passive form of the sentence 'The baby broke the plate' is ____.**

A. The plate is broken by the baby.
B. The plate broken by the baby.
C. The plate was broken by the baby.
D. The plate was broke by the baby.

ব্যাখ্যা: Auxiliary very বিহীন Active voice কে passive voice এ রূপান্তর-
Passive এ Object টি Subject হয় + (am/is/are/was/were) + $V_3$ + by + Subject টি object হয়।
প্রশ্নোক্ত Active voice টি past tense বিধায় এর সঠিক passive voice হবে - *'The plate was broken by the baby'*।
Ans : C.

**28. She burst into tears ____ she saw him.**

A. the soonest B. the sooner
C. all too soon D. as soon as

ব্যাখ্যা : Affirmative sentence এ 'যেইমাত্র/যখনই' অর্থে as soon as ব্যবহৃত হয়। অর্থাৎ as soon as দ্বারা একটি কাজ সংঘটিত হতে না হতেই অন্য কাজ সম্পন্ন হয় এমনটা বুঝায়। এক্ষেত্রে কাজ দুটি অতীতকালে সংঘটিত হলে দুটি কাজই Past indefinite tense এ হবে।
প্রদত্ত বাক্যের সম্পূর্ণরূপে হবে- 'She burst into tears as soon as she saw him (তাকে দেখা মাত্রই সে কান্নায় ভেঙ্গে পড়ল)'।
Ans : D.

**29. William Wordsworth is an ____ romantic poet.**

A. Irish B. English
C. American D. Australian

ব্যাখ্যা : William Wordsworth (1770-1850) একজন ইংরেজ (English) কবি যিনি ইংরেজি সাহিত্যে Romantic Movement এর অন্যতম কেন্দ্রীয় ব্যক্তিত্ব ছিলেন। তাঁর উল্লেখযোগ্য সাহিত্যকর্মের মধ্যে কয়েকটি হলো- *"Lines Composed a Few Miles above Tintern Abbey," "I Wandered Lonely as a Cloud" ("Daffodils"), "The Prelude"* এবং *"Lyrical Ballads"*।
Ans : B.

**30. *Bengal Tiger at the Baghdad Zoo* by Rajiv Joseph is a _____.**

A. poem B. novel
C. play D. short story

ব্যাখ্যা : ***"Bengal Tiger at the Baghdad Zoo"*** আমেরিকান নাট্যকার Rajiv Joseph এর লেখা একটি নাটক (play)। এটি 2010 সালে নাটকের জন্য পুলিৎজার পুরস্কারের চূড়ান্ত প্রার্থী ছিল। নাটকটি একটি dark comedy যা ইরাক যুদ্ধ এবং তার পরবর্তী ঘটনাকে দক্ষতার সাথে উপস্থাপন করে। এটি যুদ্ধ, সহিংসতা, অস্তিত্ববাদ এবং মানব প্রকৃতির জটিলতার বিষয়বস্তু নিয়ে আলোচনা করে।
Ans : C.

## ইতিহাস

**৩১. কুমিল্লা ও নোয়াখালি প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?**

A. সমতট B. পুণ্ড্রনগর
C. হরিকেল D. বঙ্গ

ব্যাখ্যা : প্রাচীন বাংলা ছোটো ছোটো অনেকগুলো জনপদে বিভক্ত ছিল।

| জনপদ | তথ্য কণিকা |
|---|---|
| পুণ্ড্র | • অবস্থান - বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর<br>• প্রাচীনতম জনপদ; রাজধানী- পুণ্ড্রনগর (বর্তমান মহাস্থানগড়) |
| বঙ্গ | • অবস্থান - ঢাকা, ময়মনসিংহ, বরিশাল ও ফরিদপুর।<br>• আয়তনে বৃহত্তম ও ২য় স্বাধীন জনপদ।<br>• বিক্রমপুর ও নাব্য ২ ভাগে বিভক্ত ছিল। |
| সমতট | • অবস্থান বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী<br>• রাজধানী- বড় কামতা (রোহিতগিরি) |
| গৌড় | • অবস্থান - চাপাইনবাবগঞ্জ, ভারতের মুর্শিদাবাদ, মালদহ ও নদীয়া<br>• রাজধানী- কর্ণসুবর্ণ<br>• গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন রাজা শশাংক। |
| রাঢ় | • ভাগীরথী নদীর পশ্চিম তীর; রাঢ়ের অপর নাম 'সুহ্ম' |
| হরিকেল | • সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম |
| বাকেরগঞ্জ | • বরিশাল, খুলনা ও বাগেরহাট |
| বরেন্দ্র | • গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চল |
| সপ্তগাঁও | • খুলনা এবং বঙ্গোপসাগরের তীরবর্তী অঞ্চল |
| বিক্রমপুর | • মুন্সিগঞ্জ |
| চন্দ্রদ্বীপ | • বরিশাল |

Ans : A.

**০২** বাংলায় মৌর্য ও গুপ্তবংশের রাজধানী কোথায় ছিল?

A. গৌড় B. বঙ্গ C. হরিকেল D. পুন্ড্রনগর

ব্যাখ্যা: মৌর্য ও গুপ্ত বংশ সম্পর্কিত তথ্য:

| মৌর্য বংশ | গুপ্ত বংশ |
|---|---|
| শাসনকাল : খ্রিস্টপূর্ব ৩২১ থেকে খ্রিস্টপূর্ব ১৮৫। | শাসনকাল: ৩২০ থেকে ৫৫০ খ্রিস্টাব্দ। |
| প্রতিষ্ঠাতা : চন্দ্রগুপ্ত মৌর্য। | প্রতিষ্ঠাতা: ১ম চন্দ্রগুপ্ত। |
| শ্রেষ্ঠ শাসক : সম্রাট অশোক। | শ্রেষ্ঠ শাসক: সমুদ্রগুপ্ত। |
| শেষ শাসক : বৃহদ্রথ | রাজধানী: পাটালিপুত্র। |
| রাজধানী: পাটালিপুত্র। | বাংলার প্রাদেশিক রাজধানী: পুন্ড্রনগর। |
| বাংলার প্রাদেশিক রাজধানী: পুন্ড্রনগর | |
| বিশেষত্ব: প্রাচীন ভারতের প্রথম সাম্রাজ্য। | |

**Ans : D.**

**০৩** ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতে প্রথম কুঠি স্থাপন করে কোথায়?

A. সুরাট B. দিল্লি C. লাহোর D. করাচি

ব্যাখ্যা: • ইস্ট ইন্ডিয়া কোম্পানি উপমহাদেশে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করেন -সুরাট, ভারত (১৬১২ সাল)।
• ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠিত হয় - ১৬০০ সালে।
• ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথম বাংলায় কুঠি স্থাপন করেন- সম্রাট শাহজানের সময়, হরিহরপুরে (১৬৩৩ সালে)।
• ইংরেজরা বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার পায় - সম্রাট জাহাঙ্গীরের আমলে।
• ইস্ট ইন্ডিয়া কোম্পানি কলকাতায় ফোর্ট উইলিয়াম দূর্গ নির্মাণ করে -১৭০০ সালে।
• ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয় - ১৮৫৮ সালে।

**Ans : A.**

**০৪** বাংলায় দ্বৈত শাসনের সূচনা হয় কত সালে?

A. ১৭৬৫ সালে B. ১৭৬৬ সালে C. ১৭৬৭ সালে D. ১৭৬৮ সালে

ব্যাখ্যা: • ব্রিটিশ আমলে বাংলার দেওয়ানি ও শাসনকার্যের ভার যথাক্রমে কোম্পানি ও নবাবের হাতে অর্পিত হয়েছিল। এই ব্যবস্থাকে দ্বৈতশাসন বলে।
• বাংলায় দ্বৈতশাসন প্রবর্তন করেন - লর্ড ক্লাইভ (১৭৬৫ সালে)।
• দ্বৈতশাসন বিলোপ করেন - ওয়ারেন হেস্টিংস (১৭৭২ সালে)।
• দ্বৈতশাসনের ফলাফল - ছিয়াত্তরের মন্বন্তর।
• ছিয়াত্তরের মন্বন্তর হয় - বাংলা ১১৭৬ সনে; ইংরেজি ১৭৭০ সনে।
• পঞ্চাশের মন্বন্তর হয় - বাংলা ১৩৫০ সনে, ইংরেজি ১৯৪৩ সালে।

**Ans : A.**

**০৫** গ্র্যান্ড ট্রাংক রোডের অপর নাম কী?

A. সড়ক ই আজম B. সড়ক ই আম
C. মহাসড়ক D. সিল্ক রুট

ব্যাখ্যা: 'গ্রান্ড ট্রাংক রোড' এর অপর নাম 'সড়ক ই আজম' বা 'বাদশাহি সড়ক'। সড়কটি বাংলাদেশের নারায়ণগঞ্জের সোনারগাঁও থেকে শুরু হয়ে লাহোর পর্যন্ত বিস্তৃত। এর নির্মাতা শেরশাহ। শেরশাহ বাংলায় শূর শাসনের প্রতিষ্ঠাতা।

**Ans : A.**

**০৬** বাংলার রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে?

A. মুহম্মদ বিন তুঘলক B. আলাউদ্দীন খলজি
C. বখতিয়ার খলজি D. শামসুদ্দিন ইলতুতমিশ

ব্যাখ্যা: • মুহম্মদ বিন তুঘলক বাংলার রাজধানী দিল্লী থেকে দেবগিরিতে স্থানান্তর করেন।
• তিনি প্রতীক তামার মুদ্রা প্রচলন করে মুদ্রামান নির্ধারণ করে দেন।
• মুহম্মদ বিন তুঘলক কৃষি উন্নয়নের জন্য প্রতিষ্ঠা করেন 'দিওয়ান-ই-কোহী'।

**Ans : A.**

**০৭** ইবনে বতুতা কার শাসনামলে ভারতবর্ষে আসেন?

A. মুহম্মদ বিন তুঘলক B. বখতিয়ার খলজি
C. আলাউদ্দীন খলজি D. শামসুদ্দিন ইলতুতমিশ

ব্যাখ্যা: • ইবনে বতুতা ভারতবর্ষে আসেন - মুহম্মদ বিন তুঘলক এর শাসনামলে (১৩৩৩)।
• ইবনে বতুতা বাংলায় আসেন - ফখরউদ্দীন মোবারক শাহ এর শাসনামলে (১৩৪৫)।
• ইবনে বতুতা বাংলাকে 'প্রাচুর্যপূর্ণ নরক' বলে আখ্যায়িত করেছে।
• ইবনে বতুতা ভারত বর্ষে কাজীর (বিচারক) দায়িত্ব পালন করেন।

**Ans : A.**

**০৮** মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করেন কে?

A. বখতিয়ার খলজি B. মুহম্মদ বিন তুঘলক
C. আলাউদ্দীন খলজি D. শামসুদ্দিন ইলতুতমিশ

ব্যাখ্যা: আলাউদ্দিন খলজি দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করেন। বিখ্যাত 'আলাই দরওয়াজা' তার অমর কীর্তি। প্রথম মুসলমান শাসক হিসেবে আলাউদ্দিন খলজি দক্ষিণ ভারত জয় করেন। ইবনে বতুতা আলাউদ্দিন খলজিকে দিল্লীর শ্রেষ্ঠ সুলতান বলে অভিহিত করেছেন।

**Ans : C.**

## দর্শন

নিচের অনুচ্ছেদ অনুসারে প্রশ্ন ৩৯-৪০ এর উত্তর দাও।

Some philosophers working in universities see themselves as part of a 'business', and publish what is often a mediocre work simply beacuse it will allow them to 'get on' and achieve promotion (quantity of publications being a factor in determining who is promoted). They experience pleasure from seeing their names in print, and from the increased salary and prestige that go with promotion. Fortunately, however, other philosophers rise above this level.

অনুচ্ছেদ বঙ্গানুবাদ: বিশ্ববিদ্যালয়ে কর্মরত কিছু দার্শনিক নিজেদেরকে ব্যবসার অংশ হিসেবে দেখেন এবং প্রায়ই একটি মাঝারি মানের গবেষণা প্রকাশ করেন যা কেবল তাদের 'অগ্রসর' হতে এবং পদোন্নতি অর্জন করতে সহায়ক হয় (কাকে পদোন্নতি দেয়া হয় তা নির্ধারণে গবেষণা প্রকাশনার পরিমাণ একটি ফ্যাক্টর)। তারা তাদের নাম ছাপানো দেখে এবং পদোন্নতির সাথে বর্ধিত বেতন এবং প্রতিপত্তি দেখে আনন্দ অনুভব করে। তবে, সৌভাগ্যক্রমে অন্যান্য দার্শনিকরা এই স্তরের উপরের উঠে এসেছেন।

**৩৯** উপরের অনুচ্ছেদে যেসব দার্শনিকদের কথা বলা হয়েছে, তাঁরা-

A. বিভিন্ন ব্যবসার সাথে সম্পৃক্ত।
B. মধ্যমমানের প্রকাশনার সাথে সম্পৃক্ত।
C. সর্বদাই আনন্দে থাকে।
D. উপরের কোনোটাই নয়।

ব্যাখ্যা: প্রশ্নে উল্লেখিত অনুচ্ছেদটির ১ম লাইনে বলা হয়েছে, তারা প্রায়ই একটি মাঝারি মানের গবেষণা প্রকাশ করেন যা কেবল তাদের 'অগ্রসর' হতে এবং পদোন্নতি অর্জন করতে সহায়ক হয়।

**Ans : B.**

**৪০** উপরের অনুচ্ছেদে ব্যবহৃত 'get on' বাক্যাংশ দ্বারা বোঝানো হয়েছে-

A. ভোরে ওঠা B. প্রস্তুত হওয়া
C. অগ্রসর হওয়া D. পতিত হওয়া

ব্যাখ্যা: 'get on' এর অর্থ - perfom or make progress in a specified way. উপরের অনুচ্ছেদে : 'get on' দ্বারা অগ্রসর হওয়া বুঝাচ্ছে।

**Ans : C.**

CamScanner

৪১. নিচের কোন বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে?
A. সাধকের জন্য সাধ্যবস্তু লাভের পথ জ্ঞান নয়, কর্ম নয়, এমনকি জ্ঞানমিশ্র কর্মও নয়।
B. সাধকের জন্য সাধ্যবস্তু লাভাংশের পথ জ্ঞান নয়, কর্ম নয়, এমনকি জ্ঞানমিশ্র কর্মও নয়।
C. সাধকের জন্য সাধ্য বস্তু লাভের পথ জ্ঞান নয়, কর্ম নয়, এমনকি জ্ঞানমিশ্রতা কর্মও নয়।
D. সাধকের জন্য সাধ্য বস্তু লাভের পথ জ্ঞান নয়, কর্ম নয়, এমনকি জ্ঞান মিশ্র কর্মও নয়।

ব্যাখ্যা : প্রশ্নে উল্লেখিত অপশনসমূহের মধ্যে অপশন (A) এর বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে।
**Ans : A.**

৪২. নিচের কোন বাক্যটি সঠিক ইংরেজিতে লেখা হয়েছে?
A. During the First World War Russell realizing that he had an extraordinary talent for lecturing to lay audiences.
B. During the First World War Russell realize that he had an extraordinary talent for lecturing into lay audiences.
C. During the First World War Russell realizes that he had an extraordinary talent with lecturing to lay audiences.
D. During the First World War Russell realized that he had an extraordinary talent for lecturing to lay audiences.

ব্যাখ্যা : প্রশ্নে উল্লেখিত অপশন (A) তে realizing এর স্থলে realized হবে। অপশন (B) তে realize এর স্থলে realized হবে। অপশন (C) হতে realizes এর স্থলে realized হবে।
**Ans : D.**

৪৩. **World Development Report** কোন সংস্থা প্রকাশ করে?
A. IMF B. UNDP
C. World Bank D. TIB

ব্যাখ্যা :

| রিপোর্ট/সূচক | প্রকাশক প্রতিষ্ঠান |
|---|---|
| World Development Report | World Bank |
| Human Development Report | UNDP |
| World Population Report | UNFPA |
| World Investment Report | UNCTAD |
| World Trade Report | WTO |
| Doing Business Report | বিশ্বব্যাংক |
| World Economic Outlook Report | IMF |

**Ans : C.**

৪৪. **'September on Jessore Road'** কবিতাটি কার লেখা?
A. মাইকেল মধুসূদন দত্ত B. শামসুর রাহমান
C. অ্যালান গিন্সবার্গ D. উপরের কেউ নন

ব্যাখ্যা: 'September on Jessore Road' বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে রচিত মার্কিন কবি অ্যালান গিন্সবার্গ এর একটি কবিতা। কবিতাটিকে পরবর্তীতে গানে রূপ দেওয়া হয়েছিল। ব্রিটিশ রাজের সময় পূর্ব বাংলা ও পশ্চিম বঙ্গের সংযোগকারী সড়ক হিসেবে কাজ করতো যশোর রোড। ১৯৭১ সালে কলকাতায় বাংলাদেশি শরণার্থী শিবির ঘুরে এসে গিন্সবার্গ কবিতাটি রচনা করেছিলেন। এই সময় তার সফরসঙ্গী ছিলেন প্রখ্যাত সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়।
**Ans : C.**

৪৫. নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?
১৩, ১৭, ১৯, ২৩, ২৫, ?
A. ২৭ B. ২৯
C. ৩০ D. ৩৩

ব্যাখ্যা : ১৩ ১৭ ১৯ ২৩ ২৫ ২৯ (৬, ৬)
**Ans : B.**

৪৬. **Vaccine : Prevent** শব্দ-জোড়ার সদৃশ শব্দ-জোড়:
A. Wound : Heal B. Chaos : Disorder
C. Antidote : Counteract D. Diagnosis : Cure

ব্যাখ্যা :
- **Vaccine** (টিকা): **Prevent** (প্রতিকার বা প্রতিরোধ)
- **Wound** (আঘাত): **Heal** (আরোগ্য)
- **Chaos** (বিশৃঙ্খলা): **Disorder** (বিশৃঙ্খলা)
- **Antidote** (প্রতিষেধক): **Counteract** (বাধা দেওয়া)
- **Diagnosis** (রোগ নির্ণয়): **Cure** (আরোগ্য)

অপশন (C) সঠিক। কারণ টীকা দেওয়া হয় প্রতিকারের জন্য, আর প্রতিষেধক দেওয়া হয় বাধা দানের জন্য।
**Ans : C.**

## প্রত্নতত্ত্ব

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪৭-৫০ নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও।

Artifacts are commonly defined as items that exhibit any physical attributes that can be assumed to be the result of human activity. This definition implies that the term artifact covers every form of archaeological find, from stone axes, bronze daggers, and clay pots to butchered animal bones, carbonized seeds, huts, and all other manifestations of human behavior that can be found in archaeological sites. Some archaeologists define artifacts by breaking them down into four categories: portable artifacts, features, structures, and Ecofacts. Whichever definition is preferred, all assume that any object or any event of manufacture or consumption is a product of human activity if its location or any other of its features cannot be accounted for by natural processes. In other words, artifacts are compared with natural objects and distinguished from them, not by individual features but by a patterning of different, human-caused features. It is this patterning that is important. A simple flake removed from an elaborate ceremonial obsidian knife blade may not necessarily show evidence of human modification. But the patterned, consistently repeated finding of several dozen or hundreds of small flakes, the pattern forming a knife is highly diagnostic of human activity. Normally, there is no difficulty at all in telling artifacts made or caused by humans from those caused by water action, fire, animal kills, or other natural phenomena.

অনুচ্ছেদের বঙ্গানুবাদ:
আর্টিফ্যাক্টগুলিকে সাধারণত এমন আইটেম হিসাবে সংজ্ঞায়িত করা হয় যা মানুষের কার্যকলাপের ফলাফল বলে ধরে নেওয়া যেতে পারে এমন কোনও শারীরিক বৈশিষ্ট্য প্রদর্শন করে। এই সংজ্ঞাটি বোঝায় যে আর্টিফ্যাক্ট শব্দটি প্রত্নতাত্ত্বিক সন্ধানের প্রতিটি রূপকে কভার করে, যেমন- পাথরের কুড়াল, ব্রোঞ্জের ছোরা এবং মাটির পাত্র থেকে শুরু করে পশুর হাড়, কার্বনাইজড বীজ, কুঁড়েঘর এবং মানব আচরণের অন্যান্য সমস্ত প্রকাশ যা প্রত্নতাত্ত্বিক সাইটগুলিতে পাওয়া যায়। কিছু প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলিকে চারটি বিভাগে বিভক্ত করে সংজ্ঞায়িত করেন। যেমন- বহনযোগ্য শিল্পকর্ম, বৈশিষ্ট্য, কাঠামো/স্থাপনা এবং ইকোফ্যাক্টস।

CamScanner

যে কোনো সংজ্ঞাই পছন্দ করা হোক না কেন, সবাই ধরে নেয় যে, কোনো বস্তু বা উৎপাদন বা ব্যবহারের কোনো ঘটনা মানব ক্রিয়াকলাপের একটি পণ্য যদি এর অবস্থান বা অন্য কোনো বৈশিষ্ট্য প্রাকৃতিক প্রক্রিয়ার দ্বারা গণনা করা না যায় বা আর্টিফ্যাক্টগুলিকে প্রাকৃতিক বস্তুর সাথে তুলনা করে তাদের থেকে আলাদা করা হয়, (পৃথক বৈশিষ্ট্য দ্বারা নয় বরং বিভিন্ন মানব-সৃষ্ট বৈশিষ্ট্যের প্যাটার্নিং দ্বারা) তাহলে এটি একটি গুরুত্বপূর্ণ প্যাটার্নিং যা মানব কার্যাবলির উৎপাদন। একটি বিকৃত আনুষ্ঠানিক ভবসিদ্ধিয়ান ছুরির ফলক থেকে সরানো সাধারণ ফ্লেক অগত্যা মানুষের পরিবর্তনের প্রমাণ দেখাতে পারে না। কিন্তু প্যাটার্নযুক্ত কোনকিছু কোনকিছু, যা ধারাবাহিকভাবে কয়েক ডজন বা শত শত ছোট ফ্লেকের সন্ধান দেয়, যেমন- একটি ছুরি গঠনের প্যাটার্ন মানুষের কার্যকলাপের অভ্রান্ত নির্ণয়কারী। সাধারণত জলের ক্রিয়া, আগুন, প্রাণী হত্যা বা অন্যান্য প্রাকৃতিক ঘটনা থেকে মানুষের দ্বারা তৈরি বা সৃষ্ট নিদর্শনগুলিকে বলা যায় এমনই।

**৪৭** আর্টিফেক্ট বলতে-

A. সাধারণভাবে ঐসব বস্তুকে মনে করা হয়, যার মধ্যে মানব কার্যাবলির ফলে সৃষ্ট ভৌত বৈশিষ্ট্য রয়েছে।

B. সাধারণভাবে ঐসব বস্তুকে মনে করা হয়, যার মধ্যে অতিপ্রাকৃতিক কার্যের ফলে সৃষ্ট ভৌত চিহ্ন রয়েছে।

C. সাধারণভাবে ঐসব বস্তুকে মনে করা হয়, যার মধ্যে সকল কার্যের ফলে সৃষ্ট ভৌত চিহ্ন রয়েছে।

D. বিশেষভাবে ঐসব বস্তুকে মনে করা হয়, যার মধ্যে প্রাকৃতিক কার্যের ফলে সৃষ্ট ভৌত চিহ্ন রয়েছে।

ব্যাখ্যা: আর্টিফেক্ট বলতে সাধারণভাবে ঐসব বস্তুকে মনে করা হয়, যার মধ্যে মানব কার্যাবলির ফলে সৃষ্ট ভৌত বৈশিষ্ট্য রয়েছে।

**Ans : A.**

**৪৮** কিছু প্রত্নতত্ত্ববিদ আর্টিফেক্টকে চার ভাগে ভাগ করে সংজ্ঞায়িত করেন, সেগুলো হচ্ছে-

A. বহনযোগ্য আর্টিফেক্ট, ফিচার, স্থাপনা এবং ইকোফেক্ট

B. অবহনযোগ্য ফিচার, স্থাপনা, হালকা বস্তু এবং প্রাকৃতিক বস্তু

C. বহনযোগ্য আর্টিফেক্ট, প্রত্নতাত্ত্বিক রেকর্ড, স্থাপনা এবং বাস্তবস্তু

D. প্রত্নতাত্ত্বিক রেকর্ড, বহনযোগ্য আর্টিফেক্ট, ফিচার এবং স্থাপনা

ব্যাখ্যা: প্রত্নতত্ত্ববিদরা আর্টিফেক্টকে চার ভাগে ভাগ করেছেন। সেগুলো হচ্ছে- বহনযোগ্য আর্টিফেক্ট, ফিচার, স্থাপনা এবং ইকোফেক্ট।

**Ans : A.**

**৪৯** যে সংজ্ঞাই গ্রহণ করি না কেন-

A. সবাই মনে করে যে, যদি কোনো বস্তুর স্থান বা এর কোনো বৈশিষ্ট্যকে প্রাকৃতিক পদ্ধতির দ্বারা ব্যাখ্যা করা না যায়, তাহলে সেই বস্তু বা ঘটনার উৎপাদন বা ভোগকে মানব কার্যাবলির উৎপাদন হিসেবে ধরে নেয়া যেতে পারে।

B. প্রাকৃতিক প্রক্রিয়া দ্বারা সৃষ্ট বস্তু, ঘটনার স্থান, ফিচার এবং মানব দ্বারা সৃষ্ট বস্তু একইরকম হতে পারে।

C. মানুষ দ্বারা যে কোনো বস্তু তৈরি বা উৎপাদনের ঘটনা বা ভোগের স্থান বা ফিচার, প্রাকৃতিক কোনো প্রক্রিয়ার দ্বারা সৃষ্ট বস্তু, উৎপাদনের ঘটনা, স্থান, ফিচার বিচার্য বা তুলনীয়।

D. সবাই ধরে নেয়, যে কোনো বস্তু তৈরি বা উৎপাদন ব্যবহারের ঘটনা মানব-কার্যের একটি পণ্য যদি এর অবস্থান বা অন্য কোনো বৈশিষ্ট্য, প্রাকৃতিক প্রক্রিয়া দ্বারা ব্যাখ্যা করা যায় না।

ব্যাখ্যা: যে সংজ্ঞাই গ্রহণ করি না কেন সবাই মনে করে যে, যদি কোনো বস্তুর স্থান বা এর কোনো বৈশিষ্ট্যকে প্রাকৃতিক পদ্ধতির দ্বারা ব্যাখ্যা করা না যায়, তাহলে সেই বস্তু বা ঘটনার উৎপাদন বা ভোগকে মানব কার্যাবলির উৎপাদন হিসেবে ধরে নেয়া যেতে পারে।

**Ans : A.**

**৫০** কোনটি সঠিক?

A. প্রত্নতত্ত্ববিদ শুধু আর্টিফেক্ট নিয়ে চর্চা করেন।

B. প্রত্নতত্ত্ববিদ সকল ধরনের আর্টিফেক্ট, মানবাচরণ, আর্টিফেক্ট প্রাপ্তির স্থান, প্রাকৃতিক প্রক্রিয়া ও ইকোফেক্ট নিয়ে চর্চা করেন।

C. প্রত্নতত্ত্ববিদ শুধু প্রাচীন মানবেতিহাস নিয়ে চর্চা করেন।

D. প্রত্নতত্ত্ববিদ শুধু মানবাচরণ নিয়ে চর্চা করেন।

ব্যাখ্যা: প্রত্নতত্ত্ববিদরা সকল ধরনের আর্টিফেক্ট, মানবাচরণ, আর্টিফেক্ট প্রাপ্তির স্থান, প্রাকৃতিক প্রক্রিয়া ও ইকোফেক্ট নিয়ে চর্চা করেন।

**Ans : B.**

**৫১** পদ্মা নদীর উপনদী-

A. সুরমা ও কুশিয়ারা B. করতোয়া ও তিস্তা

C. ফেণী ও হালদা D. মহানন্দা ও পুনর্ভবা

ব্যাখ্যা: কোনো ক্ষুদ্র জলধারা অপেক্ষাকৃত বৃহৎ জলধারা বা নদীর সাথে মিলিত হলে তাকে উপনদী বলে। 'মহানন্দা' ও 'পুনর্ভবা' পদ্মার দুটি উপনদী।

| নদীর নাম | উপনদী |
|---|---|
| পদ্মা | মহানন্দা |
| মহানন্দা | পুনর্ভবা, নাগর, ট্যাংগন, কুলিখ |
| মেঘনা | মনু, বাউলাই, তিতাস, গোমতী |
| ব্রহ্মপুত্র | ধরলা, তিস্তা |
| যমুনা | করতোয়া, আত্রাই, ধলেশ্বরী |
| কর্ণফুলী | হালদা, কাসালং |

**Ans : D.**

**৫২** কান্তজীর মন্দির প্রত্নস্থানটি-

A. নরসিংদী জেলায় B. মুন্সিগঞ্জ জেলায়

C. নারায়ণগঞ্জ জেলায় D. দিনাজপুর জেলায়

ব্যাখ্যা : বাংলার প্রাচীন স্থাপত্য সম্পর্কিত কিছু তথ্য-

| স্থাপত্যের নাম | বিশেষ তথ্য |
|---|---|
| ঢাকেশ্বরী মন্দির | **অবস্থান:** ঢাকা।<br>**নির্মাতা:** রাজা বল্লাল সেন। |
| কান্তজীর মন্দির | **অবস্থান :** দিনাজপুর।<br>**নির্মাতা :** মহারাজা জমিদার প্রাণনাথ ও রামনাথ রায়। |
| আদিনাথ মন্দির | **অবস্থান :** মহেশখালী, কক্সবাজার। |
| ষাট গম্বুজ মসজিদ | **অবস্থান :** বাগেরহাট।<br>**নির্মাতা :** খান জাহান আলী (উলুঘ খান)।<br>**গম্বুজ সংখ্যা : ৮১টি, পিলার সংখ্যা: ৬০টি।** |
| সাত গম্বুজ মসজিদ | **অবস্থান :** মোহাম্মদপুর, ঢাকা।<br>**নির্মাতা :** শায়েস্তা খান।<br>**গম্বুজ সংখ্যা :** ৩টি। |

**Ans : D.**

**৫৩** একটি বিষমবাহু চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি-

A. ৩৬০ ডিগ্রি B. ২৭০ ডিগ্রি

C. ৯০ ডিগ্রি D. ১৮০ ডিগ্রি

ব্যাখ্যা : • যেকোন চতুর্ভুজের চার কোণের সমষ্টি - ৩৬০°।

• ত্রিভুজের তিন কোণের সমষ্টি - ১৮০°।

**Ans : A.**

CamScanner

**৫৪. রোমান সভ্যতা গড়ে উঠেছিলো-**

A. দজলা ও ফোরাত নদীর মধ্যবর্তী অঞ্চলে
B. নীল নদের অববাহিকায়
C. সিন্ধু নদীর তীরে
D. টাইবার নদীর তীরে

ব্যাখ্যা : বিশ্বের বিভিন্ন সভ্যতাসমূহ ও তাদের অবস্থান:

| সভ্যতার নাম | উৎপত্তিস্থল ও বর্তমান অবস্থান |
|---|---|
| মেসোপটেমীয় সভ্যতা | • টাইগ্রিস (দজলা) ও ইউফ্রেটিস (ফোরাত) নদীর তীরে। • বর্তমান অবস্থান-ইরাক, ইরান, সিরিয়া, তুরস্ক ও কুয়েতের কিছু অংশ। |
| সিন্ধু সভ্যতা | • সিন্ধু নদীর অববাহিকায় গড়ে ওঠে। • হরপ্পা ও মহেঞ্জোদারো শহর দু'টি সিন্ধু সভ্যতার অংশ। |
| মিশরীয় সভ্যতা | • মিশরের নীল নদের তীরে। |
| রোমান সভ্যতা | • ইতালির টাইবার নদীর তীরে। |
| মায়া সভ্যতা | • মধ্য আমেরিকায় (অধিকাংশ মেক্সিকোতে)। |
| ইনকা সভ্যতা | • পেরুর দক্ষিণাঞ্চলে। |
| আজটেক সভ্যতা | • মেক্সিকো ও গুয়েতেমালা। |

**Ans : D.**

## আন্তর্জাতিক সম্পর্ক

**৫৫. নভেম্বর ২০২২ সালে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কে ছিলেন?**

A. রিষি সুনাক B. জাস্টিন ট্রুডো
C. বরিস জনসন D. থেরেসা মে

ব্যাখ্যা: • যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী - কিয়ার স্টারমার।
• দায়িত্ব গ্রহণ করেন - ৫ জুলাই, ২০২৪।
• দীর্ঘ ১৪ বছর পর কিয়ার স্টারমার এর দল লেবার পার্টি ক্ষমতায় আসে।

**Ans : A.**

**৫৬. 'Title 8' রুলস কোন দেশের অভিবাসন নীতির সাথে যুক্ত?**

A. অস্ট্রেলিয়া B. মার্কিন যুক্তরাষ্ট্র C. চিন D. জার্মানি

ব্যাখ্যা: 'Title 8' মার্কিন যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতির সাথে যুক্ত। জো বাইডেন সরকার ক্ষমতা গ্রহণ করার পর 'Title 8' নীতি কার্যকর করেন। এর আগে ট্রাম্প সরকার অভিবাসন সংক্রান্ত 'Title 42' নীতিপ্রবর্তন করেছিলেন।

**Ans : B.**

**৫৭. কোন দেশসমূহ Trans-Himalayan Multi-Dimensional Connectivity Network -এর সাথে যুক্ত?**

A. ইন্ডিয়া-নেপাল B. চিন-নেপাল
C. ইন্ডিয়া-বাংলাদেশ D. চিন-বাংলাদেশ

ব্যাখ্যা: 'Trans-Himalayan Multi-Dimensional Connectivity Network' চিন-নেপালের অর্থনৈতিক করিডোর। এটি চিনের বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ এর অংশ। চিন ২০১৩ সালে বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ ঘোষণা করেন। ইতিমধ্যেই চীনের এই প্রকল্পের সাথে ১৪০টিরও বেশি দেশ যুক্ত হয়েছে।

**Ans : B.**

**৫৮. দিনিপ্রো নদী কোন অঞ্চলে অবস্থিত?**

A. উত্তর আমেরিকা B. ইউরোপ
C. দক্ষিণ এশিয়া D. আফ্রিকা

ব্যাখ্যা: দিনিপ্রো নদী ইউরোপে অবস্থিত। দিনিপ্রো নদীর পশ্চিম উপকূলের শহর দাদশেনি। রাশিয়া-ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে এলাকাটি আলোচনায় আসে।

**Ans : B.**

**৫৯. প্রথম SAARC সম্মেলন কোথায় হয়েছিল?**

A. ঢাকা B. দিল্লি
C. লাহোর D. কাবুল

ব্যাখ্যা: সার্ক-
• পূর্ণরূপ - South Asian Association for Regional Co-operation.
• গঠন - ৮ ডিসেম্বর, ১৯৮৫
• প্রতিষ্ঠাতা - প্রেসিডেন্ট জিয়াউর রহমান।
• সদস্য দেশ- ৮টি (বাংলাদেশ, পাকিস্তান, ভারত, নেপাল, মালদ্বীপ, ভুটান, শ্রীলংকা, আফগানিস্তান)।
• সদরদপ্তর- কাঠমুন্ডু, নেপাল।
• প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৮৫ সালে, ঢাকায়।
• প্রথম মহাসচিব - আবুল আহসান (বাংলাদেশ)।
• সার্ক বিশ্ববিদ্যালয় - নয়াদিল্লী, ভারত।
• ঢাকায় এই পর্যন্ত সার্ক সম্মেলন হয়েছে - ৩টি।

**Ans : A.**

**৬০. HIMARS কী?**

A. হ্যান্ডগান B. এয়ারক্রাফট
C. আর্টিলারি রকেট সিস্টেম D. জীবাণু অস্ত্র

ব্যাখ্যা: 'HIMARS' যুক্তরাষ্ট্রের একটি আর্টিলারি রকেট সিস্টেম। রাশিয়া-ইউক্রেন যুদ্ধে রাশিয়াকে প্রতিহত করতে কার্যকরী ভূমিকা পালন করছে মার্কিন যুক্তরাষ্ট্রের এ ক্ষেপণাস্ত্রটি।

**Ans : C.**

**৬১. কোন সালে জাতিসংঘ যৌথভাবে জাতিসংঘ মহাসচিবসহ নোবেল শান্তি পুরস্কার লাভ করে?**

A. ২০০৮ B. ২০১২ C. ২০০১ D. ২০১৮

ব্যাখ্যা: ২০০১ সালে জাতিসংঘের মহাসচিব কফি আনান এবং জাতিসংঘ যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।
জাতিসংঘ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য-
• প্রতিষ্ঠা- ২৪ অক্টোবর, ১৯৪৫।
• প্রস্তাবক- মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।
• সদর দপ্তর- ম্যানহাটন, নিউইয়র্ক (ইস্ট নদীর তীরে)।
• ইউরোপীয় সদর দপ্তর- জেনেভা, সুইজারল্যান্ড।
• জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব দ্যাগ হেমারশোল্ড শান্তিতে মরনোত্তর নোবেল পুরস্কার লাভ করেন
• বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন- উথান্ট।
• বাংলাদেশ সফরকারী জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন- কুর্ট ওয়াল্ডহেইম।

**Ans : C.**

**৬২. World Bank কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?**

A. ১৯৪৪ B. ১৯৪৫ C. ১৯৪৬ D. ২০০১

ব্যাখ্যা : World Bank (বিশ্বব্যাংক)
প্রতিষ্ঠা: ১৯৪৪। (ব্রেটন উডস সম্মেলনের মাধ্যমে)।
সদরদপ্তর: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।
সদস্য দেশ - ১৮৯টি।
বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট - অজয় বাঙ্গা (১৪ তম)

| প্রতিষ্ঠান | প্রতিষ্ঠাকাল |
|---|---|
| World Bank | 1944 |
| Islamic Development Bank | 1975 |
| Asian Development Bank | 1966 |
| New Development Bank | 2014 |
| African Development Bank | 1964 |

**Ans : A.**

CamScanner

## জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ

৬৩. ২০২৩ সালে ফোর্বসের এশিয়ার 'থার্টি আন্ডার থার্টি' তালিকায় নিচের কোন বাংলাদেশির নাম নেই?
A. আজিজ আরমান B. জাহ্নবী রহমান
C. আফরিন ইসলাম D. দীপ্ত সাহা

ব্যাখ্যা : • ৩০ বছর বয়সের আগে ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদানের জন্য 'থার্টি আন্ডার থার্টি' প্রকাশিত হয়। মার্কিন ম্যাগাজিন ফোর্বস-এর তৈরি করা ২০২৪ 'থার্টি আন্ডার থার্টি' তালিকায় ৯ জন বাংলাদেশি স্থান পেয়েছেন। বাংলাদেশি ৯ জন হলেন-
আনুশা আলমগীর, মেহেদী সরণ, রেদওয়ান আহমেদ, সুলতান মনি, মুমতাহিনা আনিকা, ফাহাদ আহমেদ, এমডি শহীদুল ইসলাম, আবদুল গাফফার সাদি ও এমডি তুষার।
Ans : C.

৬৪. ইত্তেফাক সর্বপ্রথম কী ধরনের পত্রিকা হিসেবে প্রকাশিত হতো?
A. মাসিক B. পাক্ষিক C. সাপ্তাহিক D. দৈনিক

ব্যাখ্যা: ইত্তেফাক সর্বপ্রথম ১৯৪৯ সালে সাপ্তাহিক পত্রিকা হিসেবে যাত্রা শুরু করে। এরপর ১৯৫৩ সাল থেকে পত্রিকাটির দৈনিক সংস্করণ প্রকাশিত হয়।
• ইত্তেফাকের প্রতিষ্ঠাকালীন সম্পাদক - তোফাজ্জল হোসেন মানিক মিয়া।
• প্রতিষ্ঠাকালীন সভাপতি - আব্দুল হামিদ খান ভাসানী।
• বর্তমান সম্পাদক - তাসমিমা হোসেন।
Ans : C.

৬৫. ডিজিটাল নিরাপত্তা আইন কোন সালে প্রণীত হয়?
A. ২০১৫ সালে B. ২০১৬ সালে C. ২০১৭ সালে D. ২০১৮ সালে

ব্যাখ্যা : • ডিজিটাল নিরাপত্তা আইন প্রণীত হয় - ২০১৮ সালে।
• ১৮ ডিসেম্বর, ২০১৮ সালে আইনটি কণ্ঠভোটে জাতীয় সংসদে পাস হয়।
• ডিজিটাল নিরাপত্তা আইনের বিচার হয় - বিশেষ ট্রাইবুনালে।
• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন প্রণীত হয় - ২০০৬ সালে।
Ans : D.

৬৬. 'মা' চলচ্চিত্রটি ২০২৩ সালের কান চলচ্চিত্র উৎসবের কোন বিভাগে প্রদর্শিত হয়?
A. আঁ সার্তে রিগা B. সিনে ফাউন্ডেশন
C. মার্শে দ্যু ফিল্ম D. ডিরেক্টর্স ফর্টনাইট

ব্যাখ্যা: 'মা' সিনেমাটি ২০২৩ সালের কান চলচ্চিত্র উৎসবে 'মার্শে দ্যু ফিল্ম' বিভাগে প্রদর্শিত হয়। এটি বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক একটি চলচ্চিত্র।
• 'মা' মুক্তি পায় - ২৬ মে, ২০২৩
• পরিচালক - অরণ্য আনোয়ার।
• প্রধান চরিত্র - পরীমনি।
• অন্যান্য চরিত্রে অভিনয় করেন - আজাদ আবুল কালাম, ফারজানা ছবি, সাজু খাদেম ও রেবেকা করিম জুঁই।
Ans : C.

৬৭. বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে ২০২৩ সালে বাংলাদেশের অবস্থান কত?
A. ১৬০ B. ১৬১ C. ১৬২ D. ১৬৩

ব্যাখ্যা: বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক-২০২৩

| | |
|---|---|
| প্রকাশ | ৩ মে, ২০২৩ |
| প্রকাশক | ফ্রান্সভিত্তিক সংস্থা Reporters Without Bonders (RSF) |
| অন্তর্ভুক্ত দেশ | ১৮০টি |
| শীর্ষদেশ | নরওয়ে |
| সর্বনিম্ন দেশ | ইরিত্রিয়া |
| বাংলাদেশের অবস্থান | ১৬৫ তম |

Ans : D.

৬৮. বাংলাদেশের প্রথম বেসরকারি এফএম রেডিও কোনটি?
A. রেডিও টুডে B. রেডিও ফুর্তি
C. এবিসি রেডিও D. রেডিও ভূমি

ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম বেসরকারি এফএম রেডিও 'রেডিও টুডে'। রেডিও জাকির ধারণাটিও বাংলাদেশে তারাই নিয়ে এসেছিল। তবে রেডিও জাকির ধারণাটিকে জনপ্রিয়তার তুঙ্গে নিয়ে যায় 'রেডিও ফুর্তি'।
Ans : A.

৬৯. বাংলাদেশ প্রেস কাউন্সিল আইন কোন সালে প্রণীত হয়?
A. ১৯৭৩ সালে B. ১৯৭৪ সালে
C. ১৯৭৫ সালে D. ১৯৭৬ সালে

ব্যাখ্যা: • বাংলাদেশ প্রেস কাউন্সিল আইন পাস হয় - ১৯৭৪ সালে।
• প্রেস কাউন্সিল গঠিত হয় - ১৯৭৯ সালে।
• কাউন্সিলের সদস্য সংখ্যা - ১৫ জন।
• প্রেস কাউন্সিলের চেয়ারম্যান হতে পারেন - সুপ্রিম কোর্টের বিচারক বা বিচারক হওয়ার যোগ্য ব্যক্তি।
• প্রেস কাউন্সিলের চেয়ারম্যানকে নিয়োগ দেন - বাংলাদেশের রাষ্ট্রপতি।
Ans : B.

৭০. মার্কিন সংবাদ ও বিনোদন কোম্পানি বাজফিড তাদের সংবাদ বিভাগ কেন বন্ধ করে দিচ্ছে?
A. নতুন ব্র্যান্ড চালুর জন্য
B. রাজনৈতিক চাপের কারণে
C. প্রযুক্তি খাতে মন্দা ও শেয়ার বাজারের চ্যালেঞ্জ
D. উপরের সবগুলো

ব্যাখ্যা: • বাজফিড বন্ধ হওয়ার কারণ - প্রযুক্তি খাতে মন্দা ও শেয়ার বাজারের চ্যালেঞ্জ।
• বাজফিড যাত্রা শুরু করে - ২০০৬ সালে।
• ২০২১ সালে পুলিৎজার পুরস্কার জেতে - চীনের তিনজিয়াং নিয়ে প্রতিবেদনের জন্য।
Ans : C.

## বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট

৭১. সাহিত্যে নোবেলজয়ী কোন ব্যক্তি মুক্তিযুদ্ধের পক্ষে গান গেয়েছিলেন?
A. অমর্ত্য সেন B. অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়
C. অ্যালান গিন্সবার্গ D. বব ডিলান

ব্যাখ্যা : • বব ডিলান একাধারে একজন গায়ক, গীতিকার, সুরকার, ডিস্ক জকি এবং কবি, লেখক ও চিত্রকর। তিনি ২০১৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। সাহিত্যে নোবেল বিজয়ী এই সংগীত শিল্পী ১৯৭১ সালে 'দ্যা কনসার্ট ফর বাংলাদেশ' এ মুক্তিযুদ্ধের পক্ষে গান গেয়েছিলেন।
Ans : D.

৭২. বাংলায় বিশ্বসাহিত্য নিয়ে কে প্রথম কোথায় বক্তৃতা করেন?
A. বুদ্ধদেব বসু, যাদবপুর বিশ্ববিদ্যালয়
B. রবীন্দ্রনাথ ঠাকুর, জাতীয় শিক্ষা পরিষদ
C. ড. মুহম্মদ শহীদুল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয়
D. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্গীয় সাহিত্য পরিষৎ

ব্যাখ্যা: ১৯০৭ সালে রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জাতীয় শিক্ষা পরিষদে 'বিশ্বসাহিত্য' শিরোনামে একটি প্রবন্ধ পাঠ করেছিলেন। শুধু এই একটি প্রবন্ধ নয়, বিশ্বসাহিত্য সম্পর্কে নিজের ধারণাকে সুস্পষ্টভাবে প্রকাশ করার জন্য এর আগে ও পরে আরো দুটি পরিপূরক প্রবন্ধ পড়েছিলেন রবীন্দ্রনাথ; এর একটি 'সৌন্দর্যবোধ', অন্যটি 'সৌন্দর্য ও সাহিত্য'।
Ans : B.

CamScanner

**৭৩.** ভারতবর্ষের সবচেয়ে আদি জনজাতির নাম কী?

A. শবর B. মুরুক C. মনিপুরী D. জারোয়া

ব্যাখ্যা: ভারতবর্ষের সবচেয়ে আদি জনজাতির নাম 'জারোয়া'। এদের বসবাস 'আন্দামান নিকোবর' দ্বীপপুঞ্জে। বর্তমানে এদের আনুমানিক সংখ্যা ২৫০-৪০০-র মধ্যে।

Ans : D.

**৭৪.** পারস্যের কোন কবি বাংলার সুলতান গিয়াস উদ্দিন আজম শাহকে নিয়ে কবিতা লিখেছিলেন?

A. জালাল উদ্দিন রুমি B. শেখ সাদী
C. হাফিজ সিরাজী D. ওমর খৈয়াম

ব্যাখ্যা: • পারস্যের কবি হাফিজ সিরাজী বাংলার সুলতান গিয়াস উদ্দিন আজম শাহকে নিয়ে কবিতা লিখেছিলেন।
• গিয়াসউদ্দিন আযম শাহ্ এর সময়ে রচিত 'ইউসুফ জুলেখা' কাব্যের রচয়িতা - শাহ মুহাম্মদ সগীর।
• হাফিজ সিরাজির আসল নাম - শামসুদ্দিন মোহাম্মদ।
• কবি হাফিজের উপাধি - বুলবুল-ই-সিরাজ।

Ans : C.

**৭৫.** শাস্ত্রীয় সঙ্গীতে ওস্তাদ আলাউদ্দিন খাঁয়ের নিজস্ব সৃষ্টি কোন ঘরানা?

A. গোয়ালিয়র ঘরানা B. মাহিয়ার ঘরানা
C. বিষ্ণুপুর ঘরানা D. বারাণসী মিশ্র ঘরানা

ব্যাখ্যা: শাস্ত্রীয় সঙ্গীতে ওস্তাদ আলাউদ্দিন খাঁয়ের নিজস্ব সৃষ্টি মাহিয়ার ঘরানার।
• বাংলাদেশের "সুর সম্রাট" বলা হয় - ওস্তাদ আলাউদ্দীন খাঁ কে।
• বাংলাদেশের "বাউল সম্রাট" - লালন ফকির।
• "মরমী কবি" নামে পরিচিত - হাসন রাজা।
• বাংলা টপ্পা গানের জনক - নিধু বাবু (রামনিধি গুপ্ত)।

Ans : B.

**৭৬.** কত তারিখে গণপরিষদের প্রথম অধিবেশনে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়?

A. ১৯৭২ সালের ২৫ মার্চ B. ১৯৭২ সালের ২৬ মার্চ
C. ১৯৭২ সালে ১০ এপ্রিল D. ১৯৭২ সালের ৩০ জুন

ব্যাখ্যা : ১৯৭২ সালে ১০ এপ্রিল গণপরিষদে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়
• গণপরিষদ আদেশ জারি করেন - আবু সাঈদ চৌধুরী।
• গণপরিষদের মোট সদস্য ছিলেন - ৪০৩ জন।
• গণপরিষদ প্রথম স্পিকার-শাহ্ আব্দুল হামিদ।
• প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন -মওলানা আব্দুল রশিদ তর্কবাগীশ।
• খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করা হয় - ১২ অক্টোবর, ১৯৭২।
• খসড়া সংবিধান গণপরিষদ কর্তৃক গৃহীত হয় - ৪ নভেম্বর, ১৯৭২।

Ans : C.

**৭৭.** কত সালে নারী বীরাঙ্গনাদের মুক্তিযুদ্ধের স্বীকৃতি দেন সরকার?

A. ১৯৭২ B. ১৯৭৩ C. ১৯৭৯ D. ২০১৬

ব্যাখ্যা: ২০১৫ সালের ১৬ সেপ্টেম্বর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বীরাঙ্গনাদেরকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে প্রথম গ্যাজেট প্রকাশ করেন। এ সময় ৪১ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়া হয়।
• বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত নারী -২ জন।
(i) ক্যাপ্টেন ডা সেতারা বেগম (২নং সেক্টর)
(ii) তারামন বিবি (১১নং সেক্টর)
• ২০১৬ সালে কাঁকন বিবিকে বীর প্রতীক হিসেবে ঘোষণা করা হলেও পরবর্তীতে ঘোষণাটি গেজেট আকারে প্রকাশিত হয়নি। প্রখ্যাত কথা সাহিত্যিক আনিসুল হক তারামন বিবিকে নিয়ে "বীর প্রতীকের খোঁজে" ও 'করিমন বেওয়া' নামে দুইটি বই লিখেন।

Ans : নাই.

**৭৮.** ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান হানাদার বাহিনীর কত সদস্য আত্মসমর্পণ করে?

A. ১ লক্ষ ৩০ হাজার B. ৯৩ হাজার
C. ৮৫ হাজার D. ৩০ হাজার

ব্যাখ্যা : • পাকিস্তানি হানাদার বাহিনী ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে বিকাল ৪.৩১ মিনিটে যৌথবাহিনীর নিকট আত্মসমর্পণ করেন।
• আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বাক্ষর করেন - ১জন।
• বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন - এ.কে. খন্দকার।
• পাকিস্তানের পক্ষে প্রতিনিধিত্ব করেন - জেনারেল নিয়াজী।

Ans : B.

**৭৯.** মুক্তিযুদ্ধে সুন্দরবন কোন সেক্টরের অধীনে ছিল?

A. ৮ B. ৯
C. ১০ D. ১১

ব্যাখ্যা :

| সেক্টর | এলাকা |
|---|---|
| ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত |
| ২ | নোয়াখালী, কুমিল্লা ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ |
| ৩ | ব্রাহ্মণবাড়িয়া জেলার কিছু অংশ হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ |
| ৪ | সিলেট জেলার পূর্বাঞ্চল |
| ৫. | সিলেট জেলার পশ্চিমাঞ্চল |
| ৬ | সমগ্র রংপুর বিভাগ |
| ৭ | সমগ্র রাজাশাহী বিভাগ |
| ৮. | কুষ্টিয়া, যশোর, ভোলা ও ফরিদপুরের কিছু অংশ |
| ৯ | সাতক্ষীরা, খুলনার নিচের অংশ |
| ১০ | সমগ্র নৌপথ ও সমুদ্র উপকূলীয় এলাকা |
| ১১ | সমগ্র ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলার অংশ |

Ans : B.

**৮০.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন বাংলাদেশের প্রধানমন্ত্রী হন?

A. ১০ এপ্রিল, ১৯৭১ B. ১৭ এপ্রিল, ১৯৭১
C. ১১ জানুয়ারি, ১৯৭২ D. ১২ জানুয়ারি, ১৯৭২

ব্যাখ্যা : • শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পায় -৮ জানুয়ারি, ১৯৭২।
• ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তনের পর ১১ জানুয়ারি, ১৯৭২ বঙ্গবন্ধু অস্থায়ী সাংবিধানিক আদেশ জারি করেন। ১২ জানুয়ারি, ১৯৭২ তিনি প্রধানমন্ত্রীর পদ গ্রহণ করেন।
• বঙ্গবন্ধু পূর্ব বাংলাকে 'বাংলাদেশ' নামকরণ করেন - ৫ ডিসেম্বর, ১৯৬৯।

Ans : D.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ ঢাবি (সকল ইউনিট) ♦ জাবি (সকল ইউনিট)
♦ চবি (সকল ইউনিট) ♦ রাবি (সকল ইউনিট)
♦ গুচ্ছ (সকল ইউনিট) ♦ সমন্বিত কৃষি

CamScanner

**৭৩** ভারতবর্ষের সবচেয়ে আদি জনজাতির নাম কী?

A. শবর B. মুরুঙ C. মনিপুরী D. জারোয়া

ব্যাখ্যা: ভারতবর্ষের সবচেয়ে আদি জনজাতির নাম 'জারোয়া'। এদের বসবাস 'আন্দামান নিকোবর' দ্বীপপুঞ্জে। বর্তমানে এদের আনুমানিক সংখ্যা ২৫০-৪০০-র মধ্যে।

**Ans : D.**

**৭৪** পারস্যের কোন কবি বাংলার সুলতান গিয়াস উদ্দিন আজম শাহকে নিয়ে কবিতা লিখেছিলেন?

A. জালাল উদ্দিন রুমি B. শেখ সাদী
C. হাফিজ সিরাজী D. ওমর খৈয়াম

ব্যাখ্যা: • পারস্যের কবি হাফিজ সিরাজী বাংলার সুলতান গিয়াস উদ্দিন আজম শাহকে নিয়ে কবিতা লিখেলিছেন।

• গিয়াসউদ্দিন আযম শাহ্ এর সময়ে রচিত 'ইউসুফ জুলেখা' কাব্যের রচয়িতা - শাহ মুহাম্মদ সগীর।

• হাফিজ সিরাজির আসল নাম - শামসুদ্দিন মোহাম্মদ।

• কবি হাফিজের উপাধি - বুলবুল-ই-সিরাজ।

**Ans : C.**

**৭৫** শাস্ত্রীয় সঙ্গীতে ওস্তাদ আলাউদ্দিন খাঁয়ের নিজস্ব সৃষ্টি কোন ঘরানা?

A. গোয়ালিয়ার ঘরানা B. মাহিয়ার ঘরানা
C. বিষ্ণুপুর ঘরানা D. বারাণসী মিশ্র ঘরানা

ব্যাখ্যা: শাস্ত্রীয় সঙ্গীতে ওস্তাদ আলাউদ্দিন খাঁয়ের নিজস্ব সৃষ্টি মাহিয়ার ঘরানার।

• বাংলাদেশের "সুর সম্রাট" বলা হয় - ওস্তাদ আলাউদ্দীন খাঁ কে।

• বাংলাদেশের "বাউল সম্রাট" - লালন ফকির।

• "মরমী কবি" নামে পরিচিত - হাসন রাজা।

• বাংলা টপ্পা গানের জনক - নিধু বাবু (রামনিধি গুপ্ত)।

**Ans : B.**

**৭৬** কত তারিখে গণপরিষদের প্রথম অধিবেশনে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়?

A. ১৯৭২ সালের ২৫ মার্চ B. ১৯৭২ সালের ২৬ মার্চ
C. ১৯৭২ সালে ১০ এপ্রিল D. ১৯৭২ সালের ৩০ জুন

ব্যাখ্যা : ১৯৭২ সালে ১০ এপ্রিল গণপরিষদে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়

• গণপরিষদ আদেশ জারি করেন - আবু সাঈদ চৌধুরী।

• গণপরিষদের মোট সদস্য ছিলেন - ৪০৩ জন।

• গণপরিষদ প্রথম স্পিকার-শাহ্ আব্দুল হামিদ।

• প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন -মওলানা আব্দুল রশিদ তর্কবাগীশ।

• খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করা হয় - ১২ অক্টোবর, ১৯৭২।

• খসড়া সংবিধান গণপরিষদ কর্তৃক গৃহীত হয় - ৪ নভেম্বর, ১৯৭২।

**Ans : C.**

**৭৭** কত সালে নারী বীরাঙ্গনাদের মুক্তিযুদ্ধের স্বীকৃতি দেন সরকার?

A. ১৯৭২ B. ১৯৭৩ C. ১৯৭৯ D. ২০১৬

ব্যাখ্যা: ২০১৫ সালের ১৬ সেপ্টেম্বর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বীরাঙ্গনাদেরকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে প্রথম গ্যাজেট প্রকাশ করেন। এ সময় ৪১ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়া হয়।

• বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত নারী -২ জন।

(i) ক্যাপ্টেন ডঃ সেতারা বেগম (২নং সেক্টর)

(ii) তারামন বিবি (১১নং সেক্টর)

• ২০১৬ সালে কাঁকন বিবিকে বীর প্রতীক হিসেবে ঘোষণা করা হলেও পরবর্তীতে ঘোষণাটি গেজেট আকারে প্রকাশিত হয়নি। প্রখ্যাত কথা সাহিত্যিক আনিসুল হক তারামন বিবিকে নিয়ে "বীর প্রতীকের খোঁজে" ও 'করিমন বেওয়া' নামে দুইটি বই লিখেন।

**Ans : নাই.**

**৭৮** ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান হানাদার বাহিনীর কত সদস্য আত্মসমর্পণ করে?

A. ১ লক্ষ ৩০ হাজার B. ৯৩ হাজার
C. ৮৫ হাজার D. ৩০ হাজার

ব্যাখ্যা : • পাকিস্তানি হানাদার বাহিনী ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে বিকাল ৪.৩১ মিনিটে যৌথবাহিনীর নিকট আত্মসমর্পণ করেন।

• আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বাক্ষর করেন - ২জন।

• বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন - এ.কে. খন্দকার।

• পাকিস্তানের পক্ষে প্রতিনিধিত্ব করেন - জেনারেল নিয়াজী।

**Ans : B.**

**৭৯** মুক্তিযুদ্ধে সুন্দরবন কোন সেক্টরের অধীনে ছিল?

A. ৮ B. ৯
C. ১০ D. ১১

ব্যাখ্যা :

| সেক্টর | এলাকা |
|---|---|
| ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত |
| ২ | নোয়াখালী, কুমিল্লা ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ |
| ৩ | ব্রাহ্মণবাড়িয়া জেলার কিছু অংশ হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ |
| ৪ | সিলেট জেলার পূর্বাঞ্চল |
| ৫. | সিলেট জেলার পশ্চিমাঞ্চল |
| ৬ | সমগ্র রংপুর বিভাগ |
| ৭ | সমগ্র রাজাশাহী বিভাগ |
| ৮. | কুষ্টিয়া, যশোর, ভোলা ও ফরিদপুরের কিছু অংশ |
| ৯ | সাতক্ষীরা, খুলনার নিচের অংশ |
| ১০ | সমগ্র নৌপথ ও সমুদ্র উপকূলীয় এলাকা |
| ১১ | সমগ্র ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলার অংশ |

**Ans : B.**

**৮০** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন বাংলাদেশের প্রধানমন্ত্রী হন?

A. ১০ এপ্রিল, ১৯৭১ B. ১৭ এপ্রিল, ১৯৭১
C. ১১ জানুয়ারি, ১৯৭২ D. ১২ জানুয়ারি, ১৯৭২

ব্যাখ্যা : • শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পায় -৮ জানুয়ারি, ১৯৭২।

• ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তনের পর ১১ জানুয়ারি, ১৯৭২ বঙ্গবন্ধু অস্থায়ী সাংবিধানিক আদেশ জারি করেন। ১২ জানুয়ারি, ১৯৭২ তিনি প্রধানমন্ত্রীর পদ গ্রহণ করেন।

• বঙ্গবন্ধু পূর্ব বাংলাকে 'বাংলাদেশ' নামকরণ করেন - ৫ ডিসেম্বর, ১৯৬৯।

**Ans : D.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ ঢাবি (সকল ইউনিট) ◆ জাবি (সকল ইউনিট)
◆ চবি (সকল ইউনিট) ◆ রাবি (সকল ইউনিট)
◆ গুচ্ছ (সকল ইউনিট) ◆ সমন্বিত কৃষি

CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
## শিক্ষাবর্ষ: 2022-23 [Set - L]

## English

**01. The students, accompanied by their teacher, ___ visting the place.**

A. is B. are C. were D. will

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে accompanied by এর পূর্বের বা প্রথম noun টি হলো the students, যা plural। তাই নিয়মানুসারে এর জন্য প্রযোজ্য verb টি plural 'are' হবে।

**Ans : B.**

**02. A stitch in ____ saves nine.**

A. time B. times C. timely D. timing

ব্যাখ্যা : "A stitch in time saves nine" একটি প্রবাদবাক্য (proverb), যার অর্থ- 'সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।

**Ans : A.**

**03. She is not accustomed to ____ like this.**

A. be treated B. treat C. treated D. being treated

ব্যাখ্যা: 'অভ্যস্ত' অর্থে Be/get accustomed to, Be/get used to এবং Be/get habituated to এর পরে verb থাকলে verb টির সাথে ing যুক্ত হয়। যেমন-

i) I am accustomed to living alone nowadays.
ii) She is used to drawing pictures in her leisure.
iii) We are habituated to sleeping late at night.
iv) She is not accustomed to being treated like this.

**Ans : D.**

**04. A synonym of the word 'industrious' is _____.**

A. fatigued B. lazy
C. hard working D. working hard

ব্যাখ্যা : Industrious - পরিশ্রমী/কর্মঠ। Lazy - অলস/নিষ্কর্মা।
Fatigued - ক্লান্ত/অবসন্ন।
Hard-working - কঠোর পরিশ্রমী/নিরলস।

**Industrious এর আরো কিছু Synonyms এবং Antonyms-**

**Synonyms:** Diligent, Energetic, Productive, Dynamic, Spirited.
**Antonyms:** Inactive, Idle, Lethargic, Indolent, Lackdaisical.

**Ans : C.**

**05. An antonym of the word 'attentive' is ____.**

A. attention B. attentively
C. inattentive D. inattentively

ব্যাখ্যা : Attentive - মনোযোগী/একাগ্রচিত্ত।
Inattentive - অমনোযোগী/উদাসীন।
Attention - মনোযোগ/মনোনিবেশ।
Attentively - মনোযোগ সহকারে/যত্ন সহকারে।
Inattentively - অমনোযোগীভাবে/উদাসীনভাবে।

**Attentive এর আরো কিছু Synonyms এবং Antonyms-**

**Synonyms:** Aware, Conscientious, Observant, Watchful, Alert.
**Antonyms:** Careless, Unaware, Negligent, Ignorant, Heedless.

**Ans : C.**

**06. The jug contains ____ cow milk.**

A. few B. a little C. a few D. many

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে 'milk' একটি Uncountable noun বিধায় এক্ষেত্রে 'অল্প একটু বা সামান্য পরিমাণ' অর্থে a little ব্যবহৃত হবে।

**Ans : B.**

**07. The adjective of the word 'repair' is ____.**

A. repairable B. repairer C. repairing D. repairman

ব্যাখ্যা : সাধারণত word এর শেষে ous, sive, tive, ful, ish, like, less, some, ic, ant, ent, ible, able, ing, al, ary, ed, noun + ly, noun + al, noun + y ইত্যাদি থাকলে এরা adjective। এখানে repair(v) এর অর্থ- মেরামত করা/সংস্কার করা। এর শেষে suffix হিসেবে -able যুক্ত হয়ে নতুন শব্দ repairable(adj) গঠন করে যার অর্থ- মেরামতযোগ্য/সংস্কারযোগ্য।

**Ans : A.**

**08. Please don't mind ____ the dish.**

A. to prepare B. prepare C. prepared D. preparing

ব্যাখ্যা : 'আপত্তি করা/কোনো কিছু মনে করা' অর্থে কোনো বাক্যে mind ব্যবহৃত হলে এর পর gerund (verb + ing) ব্যবহৃত হয়।
যেমন - Please don't mind preparing the dish.

**Ans : D.**

**09. The boy regularly attends classes, _____?**

A. does he B. doesn't he
C. does he not D. does not he

ব্যাখ্যা: প্রশ্নোক্ত বাক্যটি Present indefinite tense এবং affirmative sentence। এর কোনো auxiliary verb নেই এবং এর sub (the boy) একটি $3^{rd}$ person singular number। তাই নিয়মানুসারে এর tag হবে doesn't he?

**Ans : B.**

**10. Choose the correct sentence:**

A. We had hardly reached the lake when it had started raining.
B. We had hardly reached the lake then it started raining.
C. We had hardly reached the lake when it started raining.
D. We had hardly reached the lake after it started raining.

ব্যাখ্যা: 'যেইমাত্র/যখনি' অর্থে দুটি clause কে যুক্ত করতে connective হিসেবে 'when' ব্যবহৃত হয়। এক্ষেত্রে ১ম clause টির verb past perfect tense, ২য় clause টির verb এর simple past tense হয়। এখানে 'আমরা হ্রদের কাছে পৌঁছতে না পৌঁছতেই বৃষ্টি শুরু হয়ে গেল'-এর সঠিক বাক্যটি হবে- 'We had hardly reached the lake when it started raining'।

**Ans : C.**

**11. The person ____ you saw here last evening is my cousin.**

A. whom B. which C. what D. whose

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যে 'যাকে' অর্থে ব্যক্তিবাচক antecedent এর ক্ষেত্রে Relative pronoun হিসেবে 'whom' বসবে।

**Ans : A.**

**12. The passive form of the sentence 'Let us arrange a picnic' is _____.**

A. Let a picnic arranged by us.
B. Let a picnic arrange by us.
C. Let a picnic be arranged by us.
D. Let a picnic to be arranged by us.

ব্যাখ্যা : Let - ব্যক্তিবাচক object(me, us, them, him, her) দ্বারা শুরু বাক্যের Passive এর রূপান্তর-

**Active-** Let + ব্যক্তিবাচক object + $V_1$(present form) + বস্তুবাচক object
**Passive-** Let + বস্তুবাচক object + be + $V_3$ + by + ব্যক্তিবাচক object

**Ex- Active:** Let us arrange a picnic.
**Passive:** Let a picnic be arranged by us.

**Ans : C.**

CamScanner

**13.** **He had scarcely shaken our hands ____ the phone rang.**

A. before B. after C. than D. when

ব্যাখ্যা: 'যেইমাত্র/যখনি' অর্থে দুটি clause কে যুক্ত করতে no sooner had-than, scarcely had-when, hardly had-when ইত্যাদি ব্যবহৃত হয়। প্রশ্নোক্ত বাক্যে Subject(we) এর পরে had + scarcely আছে বিধায় সঠিক connective টি হবে 'when'।

**Ans : D.**

**14.** **George Bernard Shaw is an ___ playwright.**

A. Irish B. English
C. American D. Australian

ব্যাখ্যা : George Bernard Shaw (1856-1950) একজন আইরিশ নাট্যকার, সমালোচক এবং প্রাবন্ধিক ছিলেন। তাঁর উল্লেখযোগ্য কাজগুলির মধ্যে রয়েছে- ***'Pygmallion', 'My Fair Lady', 'Saint Joan', 'Man and Superman', 'Arms and the Man'*** ইত্যাদি।

**Ans : A.**

**15.** ***'Sons and Lovers'* by D. H. Lawrence is ____.**

A. a poem B. a play C. a novel D. an elegy

ব্যাখ্যা : 'Sons and Lovers' বিখ্যাত ইংরেজ লেখক ও কবি D.H. Lawrence যার পূর্ণনাম David Herbert Lawrence (1885-1930) এর লেখা একটি উপন্যাস (novel) যা 1913 সালে প্রকাশিত হয়েছিল। এর কেন্দ্রীয় চরিত্রের নাম Paul Morel নামে এক যুবক। D.H. Lawrence এর লেখা আরো কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস হলো- ***'Women in Love', 'The Rainbow', 'The Plumed Serpent', 'The Lost Girl', 'Aaron's Rod'*** এবং ***'Lady Chatterley's Lover'***।

**Ans : C.**

## বাংলা

**১৬.** **মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর বিলাসী কত দিন বেঁচে ছিল?**

A. সপ্তাখানেক B. মাসখানেক C. ৩ দিন D. ১৫ দিন

ব্যাখ্যা: 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"কেবল এতটুকু বলিয়া শেষ করিব যে, সে সাত দিনের বেশি বাঁচিয়া থাকাটা সহিতে পারিল না।"

**Ans : A.**

**১৭.** **'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার বাঁশরী বলেছেন?**

A. ইস্রাফিলের B. অর্ফিয়াসের
C. শ্যামের D. শুদ্ধ B ও C

ব্যাখ্যা : 'বিদ্রোহী' কবিতার উদ্ধৃতি-

"আমি অর্ফিয়াসের বাঁশরী,
মহা-সিন্ধু উতলা ঘুমঘুম
ঘুম চুমু দিয়ে করি নিখিল বিশ্বে নিঝ্ঝুম
মম বাঁশরীর তানে পাশরি
আমি শ্যামের হাতের বাঁশরী।"

**Ans : D.**

**১৮.** **মকরমুখো বালা কী?**

A. ময়ূরের পেখমমেলা হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
B. সাপের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
C. মাছের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
D. উপরের একটিও নয়।

ব্যাখ্যা : 'মকর মুখো বালা' অর্থ-
মকর বা কুমিরের মুখাকৃতিযুক্ত হাতে পরিধেয় অলংকার বিশেষ।

**Ans : D.**

**১৯.** **মধুসূদন দত্ত 'সৌমিত্রী' বলতে কাকে বুঝিয়েছেন?**

A. রামের স্ত্রী সীতাকে B. লক্ষণের স্ত্রী সুমিতাকে
C. রামের অনুজ লক্ষণকে D. উপরের সবগুলোই অশুদ্ধ

ব্যাখ্যা: 'সৌমিত্রি' হলো- রামের অনুজ লক্ষণ। সুমিত্রার গর্ভজাত সন্তান বলে লক্ষণের অপর নাম সৌমিত্রি।

**Ans : C.**

**২০.** **কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ?**

A. মতিহার B. পদ্মচূর C. মতিচুর D. পদ্মহার

ব্যাখ্যা: রোকেয়া সাখাওয়াত হোসেন-এর সাহিত্যকর্ম-
• প্রবন্ধ গ্রন্থ: মতিচুর (১ম খণ্ড - ১৯০৪, ২য় খণ্ড - ১৯২২), অবরোধবাসিনী (১৯৩১)।
• উপন্যাস: পদ্মরাগ (১৯২৪), সুলতানার স্বপ্ন (১৯০৫)।

**Ans : C.**

**২১.** **নিচের কোন কবিতাংশটি শুদ্ধ?**

A. এতকাল নদীতীরে/যাহা লয়ে ছিনু ভুলে।
B. আমি বঞ্চিত ব্যথা পরবাসী চির গৃহহারা যত পথিকের।
C. শুদ্ধ A ও B
D. মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন?

ব্যাখ্যা : • 'সোনার তরী' কবিতার চরণ-

"এতকাল নদীকূলে/যাহা লয়ে ছিনু ভুলে
সকলি দিলাম তুলে/ থরে বিথরে-
এখন আমারে লহো করুণা করে।"

• 'বিদ্রোহী' কবিতার চরণ-

"আমি বঞ্চিত ব্যথা পথবাসী চির গৃহহারা যত পথিকের,
আমি অবমানিতের মরম বেদনা, বিষ-জ্বালা,
প্রিয় লাঞ্ছিত বুকে গতি ফের"।

• 'তাহারেই পড়ে মনে' কবিতার চরণ-

"ফুল কি ফোটেনি শাখে? পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?
মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন?

**Ans : D.**

**২২.** **নিচের কোন বাক্যে ক্রিয়া উহ্য রয়েছে?**

A. ওখানে কে রে? B. পেছনে তাকিয়ে কী দেখ?
C. উত্তাল সমুদ্রে নৌকাটি ভাসছে। D. তার ডাক শুনে কেউ এলো না।

ব্যাখ্যা : • 'ওখানে কে রে?' বাক্যে 'আছো' ক্রিয়া উহ্য আছে।
• অন্য তিনটি বাক্যে 'দেখ', 'ভাসছে' ও 'এলো না' হলো ক্রিয়াপদ।

**Ans : A.**

**২৩.** **কোনটি শুদ্ধ?**

A. ষ্ + ঞ = ষ্ণ B. ষ্ + ণ = ষ্ণ C. ঞ + ষ = ষ্ণ D. ঞ + চ = ষ্ণ

ব্যাখ্যা : কতিপয় যুক্তবর্ণ ও বিশিষ্ট রূপ-

| যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ | যুক্তবর্ণ | বিশ্লিষ্ট রূপ |
|---|---|---|---|
| ষ্ণ | ষ্ + ণ | ঞ্চ | ঞ্ + চ |
| ঞ্ছ | ঞ্ + ছ | ত্থ | ত্ + থ |
| ন্ধ | ন্ + ধ | দ্ধ | দ্ + ধ |

**Ans : B.**

**২৪.** **নিচের কোনটি দ্বিগু সমাস?**

A. দোতলা B. আকৈশোর C. ভরসন্ধ্যা D. বনেবাদাড়ে

ব্যাখ্যা : প্রশ্নে উল্লিখিত শব্দের ব্যাসবাক্য ও সমাস নির্ণয়-

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| দোতলা | দুই তলা যার | প্রত্যয়ান্ত বহুব্রীহি |
| আকৈশোর | কৈশোর পর্যন্ত | অব্যয়ীভাব সমাস |
| ভরসন্ধ্যা | ভরা (পরিপূর্ণ) যে সন্ধ্যা | সাধারণ কর্মধারয় |
| বনেবাদাড়ে | বনে ও বাদাড়ে | অলুক দ্বন্দ্ব |

**Ans : নাই।**

CamScanner

২৫. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ?

A. অদ্রি - অসুর B. অদ্রি - পর্বত
C. অদ্রি - সমুদ্র D. অদ্রি - জাহাজ

ব্যাখ্যা: 'অদ্রি' শব্দের কতিপয় সমার্থক শব্দ- পর্বত, পাহাড়, গিরি, ভূধর, শৈল, অচল ইত্যাদি।

Ans : B.

২৬. 'তুমি কি কেবলই ছবি?'- এই বাক্যে 'কি' কোন পদ?

A. অব্যয় B. বিশেষ্য C. সর্বনাম D. ক্রিয়াবিশেষণ

ব্যাখ্যা : 'কি' শব্দের বিভিন্ন পদরূপে ব্যবহার-

| প্রদত্ত শব্দ | পদ | উদাহরণ |
|---|---|---|
| কি | অব্যয় | 'তুমি কি কেবলই ছবি?' |
| কি | পদানু ক্রিয়াবিশেষণ | আমি কি যাব? |
| কী | সর্বনাম | তুমি কী খাবে? |
| কী | অব্যয় | কী সুন্দর দৃশ্য! |

Ans : A.

২৭. শুদ্ধ বানান কোনটি?

A. অনাকাঙ্ক্ষিত B. নিরবিচ্ছিন্ন C. কৈশর D. পিচাশ

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অনাকাংখিত | অনাকাঙ্ক্ষিত | নিরবিচ্ছিন্ন | নিরবচ্ছিন্ন |
| কৈশর | কৈশোর | পিচাশ | পিশাচ |
| নুন্যতম | ন্যূনতম | বুৎপত্তি | ব্যুৎপত্তি |

Ans : A.

২৮. Song Offerings গ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান কে?

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জন মিল্টন C. চিনুয়া আচেবে D. জন ডান

ব্যাখ্যা: 'Song Offerings' গ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি ১৯১৩ সালে তাঁর 'গীতাঞ্জলি' কাব্যের অনুবাদ 'Song Offerings' -এর জন্য এ পুরস্কার লাভ করেন।

Ans : A.

২৯. কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?

A. সহজে জানা যায় না যা - দুর্জ্ঞেয়
B. হাতির ডাক - মন্দ্র
C. যে গাছে ফুল ধরে কিন্তু ফল ধরে না - বনস্পতি
D. যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে - অবিমৃষ্যকারী

ব্যাখ্যা : কতিপয় বাক্য সংকোচন-

- সহজে জানা যায় না যা - দুর্জ্ঞেয়।
- হাতির ডাক - বৃংহন/বৃংহতি।
- যে গাছে ফুল ধরে কিন্তু ফল ধরে না - বনস্পতি।
- যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে - অবিমৃষ্যকারী।
- মেঘের ডাক/ধ্বনি - জীমূতমন্দ্র/জীমূতেন্দ্র।
- কুকুরের ডাক - বুক্কন।
- সিংহের ডাক - হুংকার।
- ঘোড়ার ডাক - হ্রেষা।

Ans : B.

৩০. 'কবিকঙ্কণ' বলা হয় কাকে?

A. মুকুন্দরাম চক্রবর্তীকে B. কাহ্নপাকে
C. বিদ্যাপতিকে D. ঈশ্বরচন্দ্র গুপ্তকে

ব্যাখ্যা : কতিপয় কবি-সাহিত্যিক ও তাঁদের উপাধি-

| কবি-সাহিত্যিক | উপাধি |
|---|---|
| মুকুন্দরাম চক্রবর্তী | কবিকঙ্কন |
| বিদ্যাপতি | মিথিলার কোকিল |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি |
| মালাধর বসু | গুনরাজ খান |
| ভারতচন্দ্র | রায়গুণাকর |

Ans : A.

## বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট

৩১. 'এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গে ভরা'- কার উক্তি?

A. মাইকেল মধুসূদন দত্ত B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. ঈশ্বরচন্দ্র গুপ্ত

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু উক্তি ও বক্তার নাম-

| বক্তার নাম | উক্তি |
|---|---|
| মাইকেল মধুসূদন দত্ত | • জন্মিলে মরিতে হবে অমর কে কোথায় হবে?<br>• উর্ধ্ব শির যদি তুমি কুল মানে ধনে করিওনা ঘৃণা তব নীচ শির জনে।<br>• হে বঙ্গ ভান্ডারে তব বিবিধ রতন----- পর ধন লোভে মত্ত। |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | • তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?<br>• পথিক! তুমি পথ হারাইয়াছ? |
| রবীন্দ্রনাথ ঠাকুর | • মরিতে চাই না আমি সুন্দর ভুবনে, মানবের মাঝে আমি বাঁচিবার চাই।<br>• ঠাঁই নাই, ঠাঁই নাই ছোট সে তরী আমার সোনার ধানে গিয়েছে ভরি।<br>• অন্যায় যে করে আর অন্যায় যে সহে তব ঘৃণা যেন তারে তৃণসম দহে। |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | • এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গে ভরা।<br>• লও তুমি যত পার শাস্ত্রের সন্ধান।<br>• কতরূপ স্নেহ করি দেশের কুকুর ধরি, বিদেশের ঠাকুর ফেলিয়া। |
| রঙ্গলাল বন্দোপাধ্যায় | • স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে। |
| সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় | • বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে। |
| ভারতচন্দ্র রায়গুণাকর | • আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।<br>• নগর পুড়িলে দেবালয় কি এড়ায়? |
| কৃষ্ণচন্দ্র মজুমদার | • যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি। |
| কামিনী রায় | • সকলের তরে সকলে আমরা প্রত্যেকে মোরা পরের তরে। |
| রফিক আজাদ | • ভাত দে হারামজাদা, তা না হলে মানচিত্র খাবো। |

Ans : D.

৩২. বাঙালিরা মূলত যে জনগোষ্ঠী থেকে আগত-

A. ককেশীয় B. মোঙ্গলীয় C. ভেড্ডিড D. হুন

ব্যাখ্যা : • ককেশীয়: ইউরোপ, ককেমাস, আনাতোলিয়া, উত্তর আফ্রিকা, আফ্রিকার শৃঙ্গ, পশ্চিম, মধ্য ও দক্ষিণ এশিয়ার বাসিন্দা।
• হুন বা হুনাস: মধ্য এশিয়া জাতি। • বাঙালি জাতি: দক্ষিণ এশিয়ার ইন্দো-আর্য জাতি।
• ককেশীয় জাতিকে বলা হয়: আর্য জাতি।
• মঙ্গোলীয় জাতি: মোঙ্গলিয়া, চীন, তাইওয়ান, জাপান, কোরিয়া, ভিয়েতনাম, মায়ানমার, থাইল্যান্ড, সিঙ্গাপুরের বাসিন্দা।

Ans : A.

৩৩. লাহোর প্রস্তাব উত্থাপিত হয়-

A. ১৯৪২ সালে B. ১৯৪৬ সালে C. ১৯৪৫ সালে D. ১৯৪৩ সালে

ব্যাখ্যা : এক নজরে লাহোর প্রস্তাব-

- লাহোর প্রস্তাব উত্থাপিত হয়- ১৯৪০ সালের ২৩ মার্চ।
- লাহোর প্রস্তাব সংশোধিত হয় - ১৯৪৬ সালে।
- লাহোর প্রস্তাব উত্থাপন করেন- শেরে বাংলা এ কে ফজলুল হক।
- লাহোর প্রস্তাবের দাবি- মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চলসমূহে মুসলমানদের জন্য স্বাধীন, স্বতন্ত্র রাষ্ট্র গঠন করা।
- স্বাধীন বাংলাদেশের বীজ লুকায়িত ছিল- লাহোর প্রস্তাবে।

Ans : নাই.

CamScanner

**৩৪.** প্রাচীন বাংলায় পুণ্ড্রবর্ধন ছিল বর্তমানের-
A. বগুড়া, দিনাজপুর, রাজশাহী B. বর্ধমান, বীরভূম, পুরুলিয়া
C. কুমিল্লা, নোয়াখালি, চট্টগ্রাম D. খুলনা, বাগেরহাট, বরিশাল

ব্যাখ্যা : এক নজরে 'পুন্ড্র' জনপদ সম্পর্কিত তথ্য-
• অবস্থান- বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর।
• বিশেষত্ব- বাংলার সবচেয়ে প্রাচীন জনপদ।
• রাজধানী ছিল- পুন্ড্রনগর/পুণ্ড্রবর্ধন (বর্তমান নাম মহাস্থানগড়)।
• ১৮০৮ সালে ফ্রান্সিস বুকানন হ্যামিল্টন প্রথম মহাস্থানগড়ের অবস্থান চিহ্নিত করেন। ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম আবিষ্কার করেন মহাস্থানগড় এবং পুন্ড্রনগর একই জায়গা।
• মহাস্থানগড়ের নিদর্শনসমূহ- ভাসু বিহার, গোবিন্দ ভিটা, শাহ সুলতান, বলখীর মাজার, ব্রাহ্মী শিলালিপি, বেহুলা লখিন্দরের বাসর ঘর।
Ans : A.

**৩৫.** নবাব সিরাজউদ্দৌলার রাজত্বকাল ছিল-
A. ১ বছর B. ৬ মাস C. ৪ মাস D. ৮ মাস

ব্যাখ্যা: • সিরাজউদ্দৌলা ক্ষমতায় ছিলেন- ১ বছর ২ মাস ১৪ দিন (৯ এপ্রিল, ১৭৫৬-২৩ জুন, ১৭৫৭)।
• সিরাজউদ্দৌলা সিংহাসনে আরোহণ করেন- মাত্র ২৩ বছর বয়সে।
• সিরাজউদ্দৌলার প্রকৃত নাম- মীর্জা মুহাম্মদ।
• সিরাজউদ্দৌলা ফোর্ট উইলিয়াম দুর্গ ও কলকাতা দখল করেন- ১৭৫৬ সালে।
• বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন- সিরাজউদ্দৌলা।
• বাংলার প্রথম স্বাধীন নবাব- মুর্শিদকুলী খান।
• পলাশীর যুদ্ধ সংঘটিত হয়- ২৩ জুন, ১৭৫৭ সালে।
• পলাশীর যুদ্ধে ইংরেজ সেনাপতি ছিলেন - রবার্ট ক্লাইভ।
• সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম- মুহাম্মদী বেগ।
Ans : A.

**৩৬.** আলেকজান্ডার ভারতবর্ষ আক্রমণ করেছিলেন-
A. খ্রিষ্টপূর্ব ৪র্থ শতাব্দীতে B. খ্রিষ্টপূর্ব ৫ম শতাব্দীতে
C. খ্রিষ্টপূর্ব ৬ষ্ঠ শতাব্দীতে D. খ্রিষ্টপূর্ব ৩য় শতাব্দীতে

ব্যাখ্যা: আলেকজান্ডার সম্পর্কিত তথ্য-
• জন্ম- গ্রীসে, ৩৫৬ খ্রিস্টপূর্বাব্দে।
• আলেকজান্ডার ভারতবর্ষ আক্রমণ করেন- খ্রিস্টপূর্ব ৩২৭ অব্দে।
• আলেকজান্ডারের প্রধান সেনাপতি ছিলেন- সেলিউকাস।
• আলেকজান্ডার মারা যান- খ্রিস্টপূর্ব ৩২৩ ব্যাবিলনে (ইরাক)
• আলেকজান্ডারের সমাধি- আলেকজান্দ্রিয়া, মিশর।
• আলেকজান্ডারের শিক্ষক ছিলেন- এরিস্টটল।
• আলেকজান্ডারের মৃত্যুর পর সেলিউকাসকে পরাজিত করে ভারতবর্ষে গ্রিক শাসনের অবসান ঘটান- চন্দ্রগুপ্ত মৌর্য।
Ans : A.

**৩৭.** প্রথম কোন স্বাধীনতাকামী একজন ভাইসরয়ের প্রাণনাশ করতে সক্ষম হন?
A. শের আলি খান B. ভগৎ সিং
C. ক্ষুদিরাম বসু D. বিনয় বসু

ব্যাখ্যা: 'শের আলি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
শের আলি খান নামের একজন স্বাধীনতাকামী সর্বপ্রথম একজন ভাইসরয়ের প্রাণনাশ করেন। হত্যার শিকার সেই ভাইসরয়ের নাম লর্ড মেয়ো। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বন্দী থাকাকালীন শের আলী লর্ড মেয়োকে হত্যা করেন।
Ans : A.

**৩৮.** অন্নদাশঙ্কর রায় একজন-
A. ছড়াকার B. ঔপন্যাসিক
C. ছোটগল্পকার D. উপরের প্রত্যেকটিই

ব্যাখ্যা: "অন্নদাশঙ্কর রায়" সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম ও মৃত্যু: ১৯০৪ সাল ও ২০০২ সাল।
• জন্মস্থান: উড়িষ্যা
• পরিচিতি- ছড়াকার, কবি, গল্পকার, ঔপন্যাসিক।
উল্লেখযোগ্য সাহিত্য কর্ম-
• উপন্যাস: আগুন নিয়ে খেলা, অসমাপিকা, পুতুল নিয়ে খেলা।
• প্রবন্ধ: তারুণ্য, জীবনশিল্পী, প্রত্যয়, আধুনিকতা, শিক্ষার সংকট, সাতকাহন।
• আত্মজীবনী: পথে প্রবাসে।
• ছোটগল্প: দু কান কাটা, রূপের দায়, প্রকৃতির পরিহাস।
Ans : D.

**৩৯.** মুক্তিযুদ্ধে সকল নৌপথ কোন সেক্টরের অধীনে ছিল?
A. ৮ B. ৯
C. ১০ D. ১১

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সকল নৌপথ নিয়ে গঠিত হয় ১০নং সেক্টর। এই সেক্টরে নিয়মিত কোন সেক্টর কমান্ডার ছিলেন না। তবে নৌবাহিনীর ৮ জন কর্মকর্তা অনিয়মিতভাবে সেক্টর কমান্ডারের দায়িত্ব পালন করতেন। ১৯৭১ সালে আগস্ট মাসে এ সেক্টরের অধীনে 'অপারেশন জ্যাকপট' পরিচালিত হয়।
Ans : C.

**৪০.** মুক্তিযুদ্ধের পর পাকিস্তান কবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেয়?
A. ৭ জানুয়ারি, ১৯৭২ B. ৮ জানুয়ারি, ১৯৭২
C. ৯ জানুয়ারি, ১৯৭২ D. ১০ জানুয়ারি, ১৯৭২

ব্যাখ্যা: • বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান - ৮ জানুয়ারী, ১৯৭২।
• কারাগার থেকে মুক্তি পেয়ে ইংল্যান্ড ও ভারত সফর করে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন- ১০ জানুয়ারি, ১৯৭২ সালে। তাই ১০ জানুয়ারিকে 'স্বদেশ প্রত্যাবর্তন দিবস' হিসেবে পালন করা হয়।
• বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়- করাচিতে, মিয়ানওয়ালি কারাগারে।
Ans : B.

## আন্তর্জাতিক সম্পর্ক

**৪১.** মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্ট- এর নাম কী?
A. হিলারি ক্লিনটন B. মাইক পমপেও
C. কমলা হ্যারিস D. ম্যাবিক গার্লাণ্ড

ব্যাখ্যা: • মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্টের নাম কমলা হ্যারিস। তিনি যুক্তরাষ্ট্রের প্রথম মহিলা ভাইস প্রেসিডেন্ট।
• মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট- জর্জ ওয়াশিংটন (যুক্তরাষ্ট্রের জাতির জনক)।
• ১৯৬২ সালে কিউবায় ক্ষেপনাস্ত্র সংকটকালীন মার্কিন প্রেসিডেন্ট ছিলেন- জন এফ কেনেডি (৩৫তম)।
• ১৯৭২ সালে ওয়াটার গেট কেলেঙ্কারীর সাথে জড়িত ছিলেন- রিচার্ড নিক্সন (৩৭তম)।
• একমাত্র মার্কিন প্রেসিডেন্ট যিনি চার মেয়াদে মোট ১২ বছর ক্ষমতায় ছিলেন- ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (১৯৩৩-১৯৪৫)।
• যুক্তরাষ্ট্র থেকে ক্রীতদাস প্রথা বিলোপ করেন- ১৬তম মার্কিন প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন (১৮৬৩ সাল)।
• ১৯০৬ সালে প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন- থিওডোর রুজভেল্ট (২৬তম)।
Ans : C.

CamScanner

**৪২.** কোন রাষ্ট্রের সংবিধানের খসড়ায় 'Nature has rights'- এর কথা বলা হয়েছে?

A. শ্রীলংকা B. চিলি C. ইসরাইল D. সৌদি আরব

ব্যাখ্যা: 'Nature of Rights' লিখিত আছে- ইকুয়েডরের সংবিধানে। ২০০৮ সালে ইকুয়েডর প্রথম দেশ হিসেবে তার সংবিধানে প্রকৃতির অধিকার সংরক্ষণ করে।

**Ans : নাই**

**৪৩.** Pasukan Gerakan Am কোন রাষ্ট্রের সাথে সম্পর্কিত?

A. মালয়েশিয়া B. ইরান

C. ইসরাইল D. আফগানিস্তান

ব্যাখ্যা: 'মালয়েশিয়া' সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

- 'Pasukan Gerakan Am' মালয়েশিয়ার পুলিশের জেনারেল অপারেশন ফোর্স। ১৯৪৮ সালে জরুরী অবস্থার সময় ব্রিটিশ কলোনিয়াল প্রশাসন কর্তৃক 'Pasukan Gerakan Am' গঠিত হয়।
- মালয়েশিয়ার অবস্থান - দক্ষিণ পূর্ব এশিয়া।
- মালয়েশিয়া স্বাধীনতা লাভ করে- ব্রিটেনের কাছ থেকে ১৯৫৭ সালে।
- মালয়েশিয়ার স্বাধীনতার জনক- টেংকু আবদুর রহমান।
- মালয়েশিয়ার প্রথম প্রধানমন্ত্রী- টেংকু আবদুর রহমান।
- মালয়েশিয়ার সাংবিধানিক রাজধানী- কুয়ালালামপুর।
- মালয়েশিয়ার প্রশাসনিক ও বিচারবিভাগীয় রাজধানী- পুত্রজায়া।
- মালয়েশিয়ার মুদ্রার নাম- রিঙ্গিট।
- আধুনিক মালয়েশিয়ার স্থপতি হচ্ছেন- ডাঃ মাহাথির মোহাম্মদ।
- 'Malaysia My second Home' প্রোগ্রাম চালু করেন- ডাঃ মাহাথির মোহাম্মদ।

**Ans : A.**

**৪৪.** 'Egypt' কে বলা হয়-

A. Gift of the Nile B. Gift of the World

C. Gift of the Sun D. Gift of Sphinx

ব্যাখ্যা: মিশরকে (Egypt) নীলনদের দান বলা হয় (Gift of the Nile)। নীলনদকে কেন্দ্র করে প্রাচীনকালে বহুসভ্যতার বিকাশ লক্ষ্য করা যায়। মিশরীয় সভ্যতা তার মধ্যে অন্যতম।

| Nickname | Country |
|---|---|
| Sugar bowl of the world | Cuba |
| Gift of the Nile | Egypt |
| Land of thunder bolt | Bhutan |
| Land of the midnight Sun | Norway |
| Land of thousand Lakes | Finland |
| Land of white elephants | Thailand |
| Cockpit of Europe | Belgium |
| Playground of Europe | Switzerland |

**Ans : A.**

**৪৫.** কত সালে ভিয়েতনাম স্বাধীনতা ঘোষণা করে?

A. ১৯৮৫ B. ১৯৮৯ C. ১৯৪২ D. ১৯৪৫

ব্যাখ্যা : "ভিয়েতনাম" সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

- রাষ্ট্রীয় নাম- সোশ্যালিস্ট রিপাবলিক অব ভিয়েতনাম
- রাজধানী- হ্যানয়
- মুদ্রা- ডং
- ভাষা- ভিয়েতনামিজ
- স্বাধীনতা লাভ- ০২ সেপ্টেম্বর, ১৯৪৫ (প্রথম ইন্দোচীন যুদ্ধের মাধ্যমে)।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ভিয়েতনাম জাপানের অধীনে ছিল।
- ভিয়েতনাম দুইভাগে বিভক্ত হয়- ১৯৫৪ সালে
- দুই ভিয়েতনাম একত্রিত হয়- ১৯৭৬ সালে
- ভিয়েতনামের স্বাধীনতা নেতৃত্ব দেন- হো-চি-মিন (আংকেল হো নামে পরিচিত)।
- 'হো চি মিন সিটির' পূর্বনাম ছিল- সায়গন (Saigon)।
- ১৯৭৩ সালে নোবেল শান্তি পুরস্কারে পেয়েও প্রত্যাখান করেন- ভিয়েতনামের বিপ্লবী ও রাজনৈতিক নেতা লি ডাক থো।
- 'দি টাইগার অফ বাইসাইকেল' বলা হয় - ভিয়েতনামকে।

**Ans : D.**

**৪৬.** ওমানের রাজধানী কোনটি?

A. মাসকাট B. কান্দাহার

C. তেহরান D. বাগদাদ

ব্যাখ্যা :

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| আজারবাইজান | বাকু | বেলারুশ | মিনস্ক |
| ভুটান | থিম্পু | ফিনল্যান্ড | হেলসিংকি |
| কম্বোডিয়া | নমপেন | ইউক্রেন | কিয়েভ |
| কাজাখস্তান | আস্তানা/নূর সুলতান | কসাভো | প্রিস্টিনা |
| মঙ্গোলিয়া | উলানবাটোর | মরিশাস | পোর্টলুইস |
| ভিয়েতনাম | হ্যানয় | নামিবিয়া | উইন্ডহুক |
| ওমান | মাসকাট | সিয়েরা লিওন | ফ্রি টাউন |
| ইরান | তেহরান | ভেনিজুয়েলা | কারাকাস |

**Ans : A.**

**৪৭.** International Day of the World's Indigenous Peoples পালিত হয়-

A. আগস্ট ২১ B. আগস্ট ৯

C. অক্টোবর ২৩ D. অক্টোবর ২৪

ব্যাখ্যা: বিভিন্ন আন্তর্জাতিক দিবস (Different International Days) ও তারিখ:

| Day | Date |
|---|---|
| World Water Day | 22 March |
| World Meteorological Day | 23 March |
| World Health Day | 7 April |
| World Earth Day | 22 April |
| International Worker's Day | 1 May |
| World Environment Day | 5 June |
| World Population Day | 11 July |
| Hiroshima Day | 6 August |
| International day of the world's Indigenous peoples | 9 August |
| International Democracy Day | 15 September |
| World AIDS Day | 1 December |
| World Human Rights Day | 10 December |

**Ans : B.**

**৪৮.** Ain't I a woman speech কে উপস্থাপন করেছিলেন?

A. মিনা রয় B. সারাহ ফার্গুসন

C. সজর্নের ট্রুথ D. লিনডা ক্রাইস্ট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- Ain't I a woman speech এর উপস্থাপক - সজর্নের ট্রুথ।
- সর্জনের ট্রুথের পরিচিয় - Anti-Slavery Speaker হিসেবে।
- 'Ain't I woman' speech পাবলিশ হয়- ২১ জুন, ১৮৬১ সাল।
- 'Ain't I woman' speech ব্যাপকভাবে প্রচারিত হয়- আমেরিকার গৃহযুদ্ধ চলাকালে (১৮৬৩ সালে)।

**Ans : C.**

CS CamScanner

## দর্শন

নিচের অনুচ্ছেদ অনুসারে প্রশ্ন ৪৯ ও ৫০ এর উত্তর দাও।

Philosophers often examine beliefs that most of us take for granted most of the time. Many of our beliefs, when examined, turn out to have firm foundations, but some do not. The study of philosophy not only helps us to think clearly about our prejudices, but also helps to clarify precisely what we do believe. In the process it develops an ability to argue coherently on a wide range of issues - a useful transferable skill.

অনুচ্ছেদের বঙ্গানুবাদ:
দার্শনিকরা প্রায়ই এমন বিশ্বাসগুলি পরীক্ষা করে যা আমাদের মধ্যে বেশিরভাগই ধারণ করে। আমাদের অনেক বিশ্বাস আছে, যেগুলোকে মনে করা হয় যে এগুলোর ভিত্তি আছে, কিন্তু আসলে পরিষ্কারভাবে চিন্তা করতে সাহায্য করে তা নয় বরং আমরা কী বিশ্বাস করি তা স্পষ্ট করতেও সাহায্য করে। প্রক্রিয়াগতভাবে এটি বিস্তৃত বিষয়ের উপর সুসঙ্গতভাবে যুক্তি দেখানোর সক্ষমতা বিকাশ করে যা একটি দরকারি স্থানান্তরযোগ্য দক্ষতা।

**৪৯.** উপরের অনুচ্ছেদে বোঝানো হয়েছে যে,

A. দর্শন পাঠের মাধ্যমে আমরা আমাদের বিশ্বাসগুলোকে সুনির্দিষ্টভাবে স্পষ্ট করতে পারি।
B. দর্শন পরীক্ষণমূলক শাস্ত্র।
C. দর্শন মূলত বিশ্বাসের বিষয়। D. উপরের কোনোটিই নয়।

ব্যাখ্যা: দর্শন পাঠের মাধ্যমে আমরা আমাদের বিশ্বাসগুলোকে সুস্পষ্ট করতে পারি। অনুচ্ছেদটিতে মূলত সেটিই বুঝানো হয়েছে।
**Ans : A.**

**৫০.** উপরের অনুচ্ছেদে 'coherently' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে-

A. একই সাথে B. গতানুগতিকভাবে C. সুসঙ্গতভাবে D. অবিচলভাবে

ব্যাখ্যা: 'coherent' অর্থ সু-সংগত। উপরের অনুচ্ছেদে 'coherently' শব্দটি দ্বারা সুসঙ্গতভাবে অর্থ প্রকাশ পেয়েছে।
**Ans : C.**

**৫১.** নিচের কোন বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে?

A. সুফি-দরবেশদের উদারতা এবং হিন্দু সমাজের বর্নভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।
B. সুফি-দরবেশদের উদারতা এবং হিন্দুসমাজের বর্ণভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।
C. সুফি-দরবেশদের ঔদার্যতা এবং হিন্দুসমাজের বর্ণভেদ প্রথার তিব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।
D. সুফি দরবেশগণদের উদারতা এবং হিন্দু সমাজের বর্ণভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।

ব্যাখ্যা: প্রশ্নের চারটি অপশনের মধ্যে অপশন হচ্ছে (B) সঠিক উত্তর। অপশন (A) 'বর্ণভেদ' এর পরিবর্তে 'বর্নভেদ' ব্যবহৃত হয়েছে যা ভুল। অপশন (C)-তে 'উদারতা' র পরিবর্তে 'ঔদার্যতা' ব্যবহার করা হয়েছে যা সঠিক নয়। অপশন (D) তে 'দরবেশদের' বা 'দরবেশগণের' পরিবর্তে 'দরবেশগণদের' ব্যবহার করা হয়েছে যা ভুল। তাই সঠিক উত্তর হচ্ছে অপশন (B)।
**Ans : B.**

**৫২.** নিচের কোন বাক্যটি সঠিক ইংরেজিতে লেখা হয়েছে?

A. Russell's view of human behavior was rooted in the empiricist tradition.
B. Russell's view of human behavior was rooted with the empiricist tradition.
C. Russell's view of human behavior were rooted on the empiricist tradition.
D. Russell's views of human behavior was rooted under the empiricist tradition.

ব্যাখ্যা: প্রশ্নের চারটি অপশনের মধ্যে অপশন (A) সঠিক। উক্ত বাক্যে বোঝানো হয়েছে- মানব আচরণ সম্পর্কে রাসেলের দৃষ্টিভঙ্গি ছিল অভিজ্ঞতাবাদী এতিহ্যের মধ্যে নিহিত। অপশন (B, C এবং D) তে Preposition এর ভুল ব্যবহার হয়েছে।
**Ans : A.**

**৫৩.** কবে 'Global Vaccine Summit' অনুষ্ঠিত হয়?

A. ১৮ মে, ১৯৮৭ B. ৪ জুন, ২০২০
C. ৪ জুন, ২০২২ D. ১৮ মে, ১৯৪৭

ব্যাখ্যা : • গ্লোবাল ভ্যাকসিন সামিট ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়- ৪ জুন, ২০২০।
• গ্লোবাল ভ্যাকসিন সামিটের উদ্যোক্তা দেশ- যুক্তরাজ্য।
• জিএভিআইগ্যাবি হলো- গ্লোবাল এ্যালায়েন্স ফর ভ্যাকসিন এন্ড ইমিউনাইজেশন।
**Ans : B.**

**৫৪.** BTRC- এর পূর্ণরূপ কোনটি?

A. Bangladesh Telegraph Regulation Commission
B. Bangladesh Telecommunication Regulatory Commission
C. Bangladesh Telecommunication Regulation Commission
D. Bangladesh Telecommunication Regulatory Committee

ব্যাখ্যা :

| প্রতিষ্ঠানের নাম | পূর্ণরূপ |
|---|---|
| BTCL | Bangladesh Telecommunications Company Limited |
| BTRC | Bangladesh Telecommunication Regulatory Commission |
| BSEC | Bangladesh Securities and Exchange Commission |
| ECNEC | Executive Committee of the National Economic Council |
| BSTI | Bangladesh Standards and Testing Institution |
| BAPEX | Bangladesh Petroleum Exploration and Production Company Ltd. |
| LGED | Local Government Engineering Department |

**Ans : B.**

**৫৫.** নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?
৫, ৬, ৯, ১৪, ২১, ?

A. ২৮ B. ৩০
C. ৩২ D. ৩৩

ব্যাখ্যা: এখানে,
৫ + ১ = ৬; ৬ + ৩ = ৯
৯ + ৫ = ১৪; ১৪ + ৭ = ২১; ২১ + ৯ = ৩০
**Ans : B.**

**৫৬.** Ship : Harbor শব্দ-জোড়ার সদৃশ শব্দ-জোড়:

A. Car : Garage B. Human : Heart
C. Examination : Teacher D. Sea : Port

ব্যাখ্যা: Ship (জাহাজ) : Harbor(পোতাশ্রয়/জাহাজ)
Car (গাড়ি) : Garage (গ্যারেজ)
Human (মানুষ) : Heart (হৃদয়)
Examination (পরীক্ষা) : Teacher (শিক্ষক)
Sea (সাগর) : Port (বন্দর)
Ship(জাহাজ) রাখার স্থানকে যেমন Harbor(পোতাশ্রয়) বলা হয়; ঠিক তেমনি Car(গাড়ি) রাখার স্থানকে Garage(গ্যারেজ) বলা হয়।
**Ans : A.**

CamScanner

## জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ

**৫৭** বাংলাদেশ প্রেস কাউন্সিল কোন সালে সাংবাদিকদের জন্য আচরণবিধি প্রণয়ন করে?

A. ১৯৯১ সালে B. ১৯৯৩ সালে
C. ১৯৯৫ সালে D. ১৯৯৭ সালে

ব্যাখ্যা: • সংবাদপত্র, সংবাদসংস্থা, সাংবাদিকদের জন্য অনুসরণীয় আচরণবিধি প্রণীত হয়- ১৯৯৩ সালে।
• প্রেস কাউন্সিল অ্যাক্ট পাশ হয় - ১৯৭৪ সালে।
• প্রেস কাউন্সিল গঠিত হয়- ১৯৭৯ সালে।
• বাংলাদেশ প্রেস কাউন্সিলের কাজ- সংবাদপত্র নিয়ন্ত্রণ ও বাকস্বাধীনতা রক্ষা করা।
• বাংলাদেশের প্রধান সংবাদ সংস্থা- বাসস।
• "বাসস" এর পূর্ণরূপ- বাংলাদেশ সংবাদ সংস্থা।
**Ans : B.**

**৫৮** বিবিসি বাংলা সার্ভিসের কোন শাখাটি ২০২২ সালে বন্ধ হয়ে যায়?

A. অনলাইন নিউজ পোর্টাল B. ডিজিটাল মিডিয়া
C. রেডিও D. টেলিভিশন

ব্যাখ্যা: "বিবিসি বাংলা রেডিও" সম্পর্কিত তথ্য:
• পূর্ণরূপ- ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশন।
• বিবিস বাংলা রেডিও যাত্রা শুরু করে - ১১ অক্টোবর, ১৯৪১।
• রেডিও বন্ধ হয়- ৩১ ডিসেম্বর, ২০২২ (৮১ বছর পরে)।
• বিবিসি বাংলা রেডিও হতে যে দুটি অনুষ্ঠান সম্প্রসারিত হত- প্রবাহ, পরিক্রমা।
**Ans : C.**

**৫৯** বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে সংবাদক্ষেত্রের স্বাধীনতার নিশ্চয়তা প্রদান করা হয়েছে?

A. ৩৭ B. ৩৮ C. ৩৯(১) D. ৩৯(২)

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানের গুরুত্বপূর্ণ অনুচ্ছেদসমূহ:

| বিষয় | অনুচ্ছেদ নং |
|---|---|
| ৩৯(১) | চিন্তা ও বিবেকের স্বাধীনতা |
| ৩৯(২) ক | বাক্ ও ভাবপ্রকাশের স্বধীনতা |
| ৩৯(২) খ | সংবাদক্ষেত্রের স্বাধীনতা |

**Ans : D.**

**৬০** ২০২২ সালে মুক্তিপ্রাপ্ত 'পরাণ' চলচ্চিত্রের পরিচালক কে?

A. শিহাব শাহীন B. রায়হান রাফি
C. মেজবাউর রহমান সুমন D. শাহজাহান সৌরভ

ব্যাখ্যা : 'পরাণ' চলচ্চিত্র সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• পরিচালক- রায়হান রাফি। • মুক্তি প্রায়- ১১ জুলাই, ২০২২।
• প্রধান চরিত্র- শরিফুল রাজ, বিদ্যা সিনহা মীম, ইয়াশ রোহান।
• প্রযোজক- তামজিদ উল আলমের লাইভ টেকনোলজিস।
**Ans : B.**

**৬১** ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড- এর ওটিটি প্ল্যাটফর্ম কোনটি?

A. আই স্ক্রিন B. চ্যানেল আই প্লাস C. বঙ্গ D. চরকি

ব্যাখ্যা: • ইমপ্রেস টেলিফিল্মের ওটিটি প্ল্যাটফর্ম হলো- আই স্ক্রিন।
• ইমপ্রেস টেলিফিল্ম হলো- চলচ্চিত্র নির্মাণকারী প্রতিষ্ঠান।
• ইমপ্রেস টেলিফিল্মের প্রতিষ্ঠাকাল- ১৯৯৬ সাল।
• ইমপ্রেস টেলিফিল্মের প্রতিষ্ঠাতা- ফরিদুর রেজা সাগর।
• আই স্ক্রিন এর প্রযোজক- শাইখ সিরাজ।
**Ans : A.**

**৬২** তথ্য অধিকার আইন কোন সালে প্রণীত হয়?

A. ২০০৭ সালে B. ২০০৮ সালে
C. ২০০৯ সালে D. ২০১০ সালে

ব্যাখ্যা: তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণের জন্য প্রণীত আইনকে তথ্য অধিকার আইন বলা হয়।
• তথ্য অধিকার আইন প্রণীত হয়- ২০০৯ সালে (১ জুলাই)।
• তথ্য কমিশন প্রতিষ্ঠা হয়- ১ জুলাই, ২০০৯ সালে।
• বিশ্বে প্রথম তথ্য আইন প্রণীত হয়- সুইডেনে (১৭৫৬ সালে)।
**Ans : C.**

**৬৩** বাংলাদেশের প্রথম বেসরকারি টেলিভিশন চ্যানেল কোনটি?

A. একুশে টেলিভিশন B. চ্যানেল আই
C. এটিএন বাংলা D. এনটিভি

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম বেসরকারি টেলিভিশন চ্যানেল- এটিএন বাংলা (১৯৯৭ সালে)।
• বাংলাদেশ টেলিভিশন চালু হয়- ১৯৬৪ সালে।
• বাংলাদেশে রঙিন টেলিভিশন চালু হয়- ১ ডিসেম্বর, ১৯৮০ সালে।
• প্রতিষ্ঠাকালীন বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্র ছিল- রাজউক ভবনে।
**Ans : C.**

**৬৪** সম্প্রতি অস্ট্রিয়ার ৩২০ বছরের পুরনো কোন পত্রিকার ছাপা সংস্করণ বন্ধের ঘোষণা দেওয়া হয়েছে?

A. উইনার জেইতুং B. ভিয়েনা টাইমস
C. ডাই প্রেস D. ডের স্ট্যান্ডার্ড

ব্যাখ্যা: • বিশ্বের সবচেয়ে পুরনো ছাপা পত্রিকা- উইনার জেইতুং (অস্ট্রিয়া)।
• উইনার জেইতুং প্রথম প্রকাশিত হয়- ১৭০৩ সালে।
• ১৭০৩ সালে প্রকাশিত পত্রিকাটির নামকরণ করা হয়- উইনারিসেস ডায়রিয়ামের নামানুসারে। পরে ১৭৮০ সালে 'উইনার জেইতুং' নামকরণ করা হয়।
**Ans : A.**

## ইতিহাস

**৬৫** ফরিদপুর জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?

A. বঙ্গ B. পুণ্ড্র C. সমতট D. হরিকেল

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• ফরিদপুর প্রাচীনকালে 'বঙ্গ' জনপদের অন্তর্ভুক্ত ছিল।
• 'বঙ্গ' জনপদের অবস্থান ছিল- বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশালের কিছু অঞ্চল।
• বাংলার বৃহত্তম জনপদ ছিল- বঙ্গ।
• 'বঙ্গ' নামের প্রথম উল্লেখ পাওয়া যায়- হিন্দুদের ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
• দেশবাচক 'বঙ্গ' নামের প্রথম উল্লেখ পাওয়া যায়- আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে।
**Ans : A.**

**৬৬** বক্সারের যুদ্ধে পরাজিত হয়েছিলেন কোন শাসক?

A. মীর কাশিম B. মীর জাফর
C. লর্ড ক্লাইভ D. ইসলাম খান

ব্যাখ্যা: পলাশীর যুদ্ধে ইংরেজদের সহায়তা করার পুরস্কারস্বরূপ মীরজাফর বাংলার সিংহাসন লাভ করেন। কিন্তু ইংরেজদের দাবি দাওয়া মিটাতে না পারায় ইংরেজরা তাকে সরিয়ে তার জামাতা মীর কাসিমকে বাংলার নবাব করেন। মীর কাসিম ছিলেন স্বাধীনচেতা নবাব। তিনি পাটনা থেকে ইংরেজদেরকে বিতাড়িত করে তা পুর্নদখল করেন। ফলে ইংরেজদের সাথে মীর কাসিমের যুদ্ধ অনিবার্য হয়ে উঠে।
• বক্সারের যুদ্ধ সংঘটিত হয় - ১৭৬৪ সালে।
• বিজয়ী - ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি। • পরাজিত - মীর কাসিম।
• ফলাফল - লর্ড ক্লাইভ দিল্লির সম্রাট শাহ আলমের সাথে ১৭৬৫ খ্রিস্টাব্দে এলাহাবাদে একটি চুক্তি স্বাক্ষর করে; যার মধ্যে দিয়ে "ইস্ট ইন্ডিয়া কোম্পানি" সম্রাটের নিকট হতে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করে।
**Ans : A.**

CamScanner

**৬৭. ২০১২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কার ছাত্রত্ব ফিরিয়ে দিয়েছিল?**

A. শেখ মুজিবুর রহমান B. তাজউদ্দীন আহমদ
C. সৈয়দ নজরুল ইসলাম D. তোফায়েল আহমেদ

ব্যাখ্যা: • ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শেখ মুজিবুর রহমানকে বহিষ্কার করা হয়- ১৯৪৯ সালে; বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয় - ২০১০ সালে।
• শেখ মুজিবুর রহমানকে বহিষ্কার করার কারণ- চতুর্থ শ্রেণীর কর্মচারীদের আন্দোলনে সমর্থন ও নেতৃত্ব দান।

**Ans : নাই।**

**৬৮. বাংলাদেশকে মার্কিন যুক্তরাষ্ট্র কত সালে স্বীকৃতি দিয়েছিল?**

A. ১৯৭২ সালে B. ১৯৭৩ সালে
C. ১৯৭৪ সালে D. ১৯৭৫ সালে

ব্যাখ্যা: • মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি দেয়- ৪ এপ্রিল, ১৯৭২ সালে। বিশ্বের প্রথম এবং এশীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে - ভুটান (৬ ডিসেম্বর, ১৯৭১)।
• বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম সমাজতান্ত্রিক এবং ইউরোপীয় দেশ - পূর্ব জার্মানি (১২ জানুয়ারি, ১৯৭২)।
• স্বীকৃতি প্রদানকারী প্রথম আফ্রিকান দেশ - সেনেগোল (১ ফেব্রুয়ারি, ১৯৭২)
• স্বীকৃতি প্রদানকারী প্রথম উত্তর আমেরিকান দেশ - বার্বাডোজ (২০ জানুয়ারি, ১৯৭২)।
• স্বীকৃতি দানকারী প্রথম দক্ষিণ আমেরিকান দেশ - ভেনিজুয়েলা (২ মে, ১৯৭২)
• চীন স্বীকৃতি দেয় - ৩১ আগস্ট, ১৯৭৫।
• পাকিস্তান স্বীকৃতি দেয় - ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪।
• রাশিয়া স্বীকৃতি দেয় - ২৪ জানুয়ারি, ১৯৭২।

**Ans : A.**

**৬৯. দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন?**

A. শামসুদ্দিন ইলতুতমিশ B. বখতিয়ার খলজি
C. মুহম্মদ বিন তুঘলক D. আলাউদ্দীন খলজি

ব্যাখ্যা দিল্লি সালতানাত-

| | |
|---|---|
| প্রতিষ্ঠিত হয় | ১২০৬ সালে। |
| পতন ঘটে | ১৫২৬ সালে(পানিপথের প্রথম যুদ্ধে মোগল সম্রাট বাবরের কাছে ইব্রাহিম লোদীর পরাজয়ের মধ্য দিয়ে) |
| প্রতিষ্ঠাতা | কুতুবউদ্দিন আইবেক (তাঁর উপাধি ছিল- লাখবক্স) |
| প্রকৃত প্রতিষ্ঠাতা | শামসুউদ্দিন ইলতুৎমিশ। |
| একমাত্র মহিলা সুলতান | সুলতান রাজিয়া (ইলতুৎমিশের কন্যা ছিলেন)। |
| শেষ শাসক | ইব্রাহিম লোদী। |
| নির্মাণ শৈলী | কুতুবউদ্দিন আইবেক দিল্লীর কুতুব মিনারের নির্মাণ কাজ শুরু করেন। তবে কাজটি সমাপ্ত করেন তাঁর জামাতা শামসুদ্দিন ইলতুৎমিশ। |

**Ans : A.**

**৭০. ষাট গম্বুজ মসজিদ কে নির্মাণ করেন?**

A. খান জাহান আলী B. ইলতুতমিশ
C. বখতিয়ার খলজি D. মুহম্মদ বিন তুঘলক

ব্যাখ্যা: ষাট গম্বুজ মসজিদের নির্মাতা খান জাহান আলী। ১৫ শতকে তিনি এই মসজিদটি নির্মাণ করেন। এটি বাংলাদেশে অবস্থিত সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ। মসজিদটির গম্বুজ সংখ্যা ৮১টি, পিলার ৬০টি। ষাট গম্বুজ মসজিদকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে ১৯৮৫ সালে (৩২১ তম)।

| মসজিদের নাম | বিশেষ তথ্য |
|---|---|
| আতিয়া জামে মসজিদ | • টাঙ্গাইল জেলায় অবস্থিত। <br> • নির্মাতা: সাঈদ খান পন্নী। <br> • ১৬০৯ সালে সম্রাট জাহাঙ্গীরের আমলে নির্মিত হয়। |
| তারা মসজিদ | • পুরান ঢাকার আরমানিটোলায় অবস্থিত। <br> • নির্মাণ করেন- মীর্জা গোলাম পীর। |
| বাঘা মসজিদ | • রাজশাহী জেলায় অবস্থিত। <br> • টেরাকোটার জন্য বিখ্যাত। <br> • নির্মাণ করেন - সুলতান নুসরত শাহ (১৫২৩ সালে) |
| কুসুম্বা মসজিদ | • নওগাঁ জেলায় অবস্থিত (আত্রাই নদীর তীরে) <br> • নির্মিত হয়- আফগান শাসনমালে। |

**Ans : A.**

**৭১. সম্রাট আওরঙ্গজেবের পরবর্তী মোগল সম্রাট কে ছিলেন?**

A. দ্বিতীয় বাহাদুর শাহ B. নুসরত শাহ
C. ইব্রাহিম লোদী D. শামসুদ্দিন ইলতুতমিশ

ব্যাখ্যা: • সম্রাট আওরঙ্গজেবের পরবর্তী মোগল সম্রাট ছিলেন মুয়াজ্জেম বাহাদুর শাহ। তিনি প্রথম শাহ আলম নামে জনপ্রিয় ছিলেন। দ্বিতীয় বাহাদুর শাহ ছিলেন মোঘল সাম্রাজ্যের শেষ সম্রাট।
• মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা - জহিরউদ্দীন মুহাম্মদ বাবর।
• মোঘল সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়- ১৫২৬ সালে পানি পথের প্রথম যুদ্ধের মাধ্যমে।
• মোঘল সাম্রাজ্যের পতন হয়- ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের মাধ্যমে।
• মোঘল সাম্রাজ্যের স্থিতিকাল- ৩৩১ বছর(১৫২৬-১৮৫৭)।

**Ans : নাই।**

**৭২. বাংলার প্রথম সুবেদার কে ছিলেন?**

A. ইসলাম খান B. নাদির শাহ C. শেরশাহ D. ইলতুতমিশ

ব্যাখ্যা: • বাংলার প্রথম সুবেদার ছিলেন- ইসলাম খাঁ।
• বাংলায় সুবেদারী শাসন চালু হয়- মোঘল আমলে।
• মোঘল আমলে বাংলার নাম ছিল- সুবাহ বাংলা।
• সমগ্র বাংলায় সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন- সম্রাট জাহাঙ্গীর।

**সুবেদার ইসলাম খান সম্পর্কিত কিছু তথ্য:**
• 'রাজমহল' থেকে 'ঢাকায়' বাংলার রাজধানী স্থানান্তর করেন- ১৬১০ সালে (ঢাকাকে প্রথম রাজধানী করেন)।
• বারো ভূঁইয়াদের দমন করেন।
• ধোলাইখাল খনন করেন। • নৌকা বাইচের প্রচলন করেন।

**Ans : A.**

## প্রত্নতত্ত্ব

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭৩-৭৬ নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও।**

As a rule, trees produce growth rings each year formed by the cambium, or growth layer, lying between the wood and the bark. When the growing season starts, large cells are added to the wood. These cells develop thicker walls and become smaller as the growing season progresses, by the end of the growth season, cell production has ceased altogether. This process occurs every growing year, and a distinct line is formed between the wood of the previous season, with its small cells, and the wood of the next, with its new, large cells. The thickness of the rings may vary according to the tree's age and annual climatic variations, thick rings are characteristic of good growth years. Weather variations within a circumscribed area tend to run in cycles. A decade of wet years may be followed by five dry decades. One season may break a forty-year rainfall record. These cycles of climate are reflected in patterns of thicker or thinner tree rings, which are repeated from tree to tree within a limited area. Dendrochronologists have invented sophisticated methods of correlating rings from different trees so they can build up long master sequences of rings from a number of trunks that may extend over many centuries.

CamScanner

অনুচ্ছেদের বঙ্গানুবাদ:
একটি নিয়ম/গুণ হিসেবে গাছ প্রতিবছর বৃদ্ধির রিং তৈরি করে যা ক্যাম্বিয়াম বা বৃদ্ধি স্তর দ্বারা গঠিত হয় এবং এটি কাঠ এবং বাকলের মধ্যে পড়ে থাকে। যখন বৃদ্ধির মৌসুম শুরু হয়, তখন কাঠে বড় কোষ যুক্ত হয়। এই কোষগুলি ঘন প্রাচীর বিকাশ করে এবং ঋতু অগ্রসর হওয়ার সাথে সাথে ছোট হয়ে যায় ঋতুর শেষের দিকে কোষের উৎপাদন সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। এই প্রক্রিয়াটি প্রতিবছর ঘটে এবং পূর্ববর্তী বছরের পুরনো কাঠের ছোট কোষের সাথে নতুন ঋতুর নতুন বড় কোষের একটি স্বতন্ত্র রেখা তৈরি হয়। রিংগুলির ভেদ গাছের বয়স এবং বার্ষিক জলবায়ু পরিবর্তন অনুসারে পরিবর্তিত হতে পারে, পুরু রিংগুলি ভালো বৃদ্ধির বছরগুলির বৈশিষ্ট্য। একটি সীমানার মধ্যে বৈচিত্র্যময় আবহাওয়া চক্রের মধ্যে চলতে থাকে। ভেজা বছরের এক দশক শুষ্ক মৌসুমের পাঁচ দশককে অনুসরণ করতে পারে, এই মৌসুমেই ৪০ বছরের রেকর্ড ভেঙে যেতে পারে। জলবায়ুর এই চক্রগুলি ঘন বা পাতলা গাছের রিংগুলির প্যাটার্নগুলিতে প্রতিফলিত হয়, যা একটি সীমিত এলাকার মধ্যে গাছ থেকে গাছে পুনরাবৃত্তি হয়। ডেনড্রোক্রোনোলজিসরা বিভিন্ন গাছ থেকে রিংগুলির সম্পর্ক স্থাপনের অত্যাধুনিক পদ্ধতি উদ্ভাবন করেছেন যাতে তারা রিংগুলির দীর্ঘ মাস্টারক্রম তৈরি করতে পারে। কান্ডের সংখ্যা বহু শতাব্দী ধরে প্রসারিত হতে পারে।

**৭৩.** প্রাকৃতিক নিয়মে বৃক্ষ বৃদ্ধির বলয়-
A. ক্যাম্বিয়াম বা বৃদ্ধি স্তর দ্বারা গঠিত হয় যা ঐ বৃক্ষের কাঠ এবং বাকলের মধ্যে জন্মে।
B. বড় বড় কোষের বাকলে ক্যাম্বিয়াম দ্বারা গাছের কাঠ গঠিত হয়।
C. বড় বৃক্ষে স্তর দ্বারা কাঠের ক্যাম্বিয়ামে গঠিত হয়।
D. বৃক্ষের স্তর ক্যাম্বিয়াম বাকলের বৃদ্ধির সাথে কাঠে অবস্থান করে।

ব্যাখ্যা: প্রাকৃতিক নিয়মে বৃক্ষ বৃদ্ধির বলয় ক্যাম্বিয়াম বা বৃদ্ধি স্তর দ্বারা গঠিত হয়। বলয়গুলো ঐ বৃক্ষের কাঠ এবং বাকলের মধ্যে জন্মে।
Ans : A.

**৭৪.** বৃক্ষ বলয়ের পুরুত্ব নির্ভর করে-
A. বৃক্ষের বয়স ও বার্ষিক জলবায়ু পরিবর্তনের উপর।
B. বৃক্ষের স্তর ও বৃক্ষের প্রজাতির উপর।
C. মাটি ও বৃক্ষের শ্বসন প্রক্রিয়ার উপর।
D. বৃক্ষের স্তর ও বাকলের অবস্থানের উপর।

ব্যাখ্যা: বৃক্ষ বলয়ের পুরুত্ব নির্ভর করে বৃক্ষের বয়স ও বার্ষিক জলবায়ু পরিবর্তনের উপর।
Ans : A.

**৭৫.** মোটা বৃক্ষবলয়-
A. বৃক্ষের ভালো বর্ধনের নির্দেশক
B. জলবায়ু পরিবর্তনের নির্দেশক
C. নাতিশীতোষ্ণ জলবায়ুর নির্দেশক
D. শুকনো জলবায়ুর নির্দেশক

ব্যাখ্যা: মোটা বৃক্ষবলয় বৃক্ষের ভালো বর্ধন নির্দেশ করে।
Ans : A.

**৭৬.** Dendrochronologist অর্থ-
A. আবহাওয়াবিদ B. বৃক্ষবলয়বিদ
C. বৃক্ষবলয়-কালনিরূপণবিদ D. প্রত্নপরিবেশবিদ

ব্যাখ্যা: Dendrochronologist অর্থ বৃক্ষবলয়-কালনিরূপণবিদ।
Ans : C.

**৭৭.** কর্ণফুলী নদীর উপনদী-
A. সুরমা ও কুশিয়ারা B. করতোয়া ও তিস্তা
C. চেঙ্গী ও হালদা D. মহানন্দা ও পুনর্ভবা

ব্যাখ্যা: 'কর্ণফুলী নদী' সম্পর্কিত তথ্য-
- উৎপত্তি - মিজোরামের লুসাই পাহাড়।
- প্রবেশ পথ - রাঙামাটি।
- উপনদী - হালদা, কাসালং, বোয়ালখালী।
- অবস্থান - বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে।
- চট্টগ্রাম সমুদ্র বন্দর কর্ণফুলী নদীর তীরে অবস্থিত।
- 'কাপ্তাই জলবিদ্যুৎ' কেন্দ্র অবস্থিত - কর্ণফুলী নদীতে।
- বাংলাদেশের একমাত্র খরস্রোতা নদী - কর্ণফুলী।

Ans : C.

**৭৮.** পানাম সিটি প্রত্নস্থানটি অবস্থিত-
A. নরসিংদী জেলায় B. মুন্সিগঞ্জ জেলায়
C. নারায়ণগঞ্জ জেলায় D. দিনাজপুর জেলায়

ব্যাখ্যা: পানাম সিটি/পানাম নগর নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁয়ে অবস্থিত। ২০ কিলোমিটার আয়তনের এই নগরীতে কয়েক শতাব্দী পুরোনো অনেকগুলো ভবন রয়েছে। ভবনগুলো বাঁরভূইয়াদের স্মৃতি বহন করে।

| প্রত্নস্থানের নাম | অবস্থান |
|---|---|
| পানাম সিটি | নারায়ণগঞ্জ। |
| বড় কাটরা | ঢাকার চকবাজারে। |
| ছোট কাটরা | |
| আহসান মঞ্জিল | ইসলামপুর, ঢাকা। |
| লালবাগ কেল্লা | ঢাকার লালবাগে। |
| পাহাড়পুর/সোমপুর বিহার | নওগাঁ জেলায়। |
| উত্তরা গণভবন | নাটোর জেলার দিঘাপতিয়া। |
| শালবন বিহার | কুমিল্লার কোটবাড়িতে। |

Ans : C.

**৭৯.** একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপ যথাক্রমে ৩০ ডিগ্রি, ৬০ ডিগ্রি ও ৯০ ডিগ্রি হলে, ত্রিভুজটি-
A. সমদ্বিবাহু B. সমকোণী C. স্থূলকোণী D. সূক্ষ্মকোণী

ব্যাখ্যা: • যে ত্রিভুজের একটি কোণ সমকোণ অর্থাৎ ৯০° তাকে সমকোণী ত্রিভুজ বলে। কোনো ত্রিভুজে একটির অধিক সমকোণ থাকতে পারে না।
- সমকোণী ত্রিভুজের একটি কোণের পরিমাণ - ৯০°।
- সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে।
- যেকোন ত্রিভুজের তিন কোণের সমষ্টি - ১৮০°।
- যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০° এর চেয়ে ছোট), তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে।
- যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ (৯০° এর চেয়ে বড়), তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।
- যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর অসমান হয় তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

Ans : B.

**৮০.** মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিলো-
A. দজলা ও ফোরাত নদীর মধ্যবর্তী অঞ্চলে
B. নীল নদের অববাহিকায়
C. সিন্ধু নদের তীরে
D. জাম্বেজি নদীর অববাহিকায়

ব্যাখ্যা: প্রাচীন সভ্যতার লীলাভূমির দেশ মিশর। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে নীল নদের অববাহিকায় মিশরীয় সভ্যতার উন্মেষ ঘটে।
**মিশরীয় সভ্যতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:**
- মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল - নীল নদের তীরে।
- নগর সভ্যতার সূচনা ঘটে - মিশরে।
- মিশরের প্রথম নরপতি - নরমার বা মেনেস (তিনি প্রথম ফারাও মর্যাদা লাভ করেন)
- প্রাচীন মিশরের রাজাদের বলা হত - ফারাও।
- ফারাও রাজাদের মৃতদেহ সংরক্ষণের জন্য তৈরি করা হয় - পিরামিড।
- মিশর তথা পৃথিবীর সবচেয়ে বড় পিরামিড হচ্ছে - ফারাও খুফুর পিরামিড।
- মিশরীয় সভ্যতার অর্থনীতি ছিল মূলত - কৃষিনির্ভর।
- মিশরীয়দের লিখন পদ্ধতির নাম - "হায়ারোগ্লিফিক" বা পবিত্র লিপি।
- ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস গণনা রীতি চালু করে - মিশরীয়রা।

Ans : B.

CamScanner

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C1 Unit)
**শিক্ষাবর্ষ: 2022-23 [Set - A]**
[নাটক ও নাট্যতত্ত্ব, চারুকলা]

**01.** 'স্বচ্ছসলিল' কোন সমাসের উদাহরণ?
A. তৎপুরুষ
B. বহুব্রীহি
C. দ্বন্দ্ব
D. দ্বিগু

ব্যাখ্যা : 'স্বচ্ছ সলিল (জল) যার = স্বচ্ছসলিল।' এটি বহুব্রীহি সমাসের উদাহরণ।
• কোনো পদের অর্থ প্রধান না হয়ে, একটি বিশেষ অর্থ প্রকাশ করলে, বহুব্রীহি সমাস হয়। এছাড়াও ব্যাসবাক্যে 'যার' থাকলে বহুব্রীহি সমাস হয়।
• উপর্যুক্ত উদাহরণে 'স্বচ্ছসলিল' দ্বারা জলাশয়কে বুঝিয়েছে এবং ব্যাসবাক্যের শেষে 'যার' আছে, তাই এটি বহুব্রীহি সমাসের উদাহরণ।
Ans : B.

**02.** 'ভক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় লিখ।
A. ভক্ + তি
B. ভজ্ + তি
C. ভচ্ + তি
D. ভজ + ক্তি

ব্যাখ্যা : সংস্কৃত কৃৎ প্রত্যয়ের বিশেষ নিয়মে 'চ' ও 'জ' স্থলে 'ক' হয়।
যেমন: √বচ্ + তি = উক্তি, √মুচ্ + তি = মুক্তি, √ভজ্ + তি = ভক্তি।
Ans : B.

**03.** 'আচাভুয়ার বোম্বাচাক' এর অর্থ কি?
A. মিথ্যার বাহার
B. ভূয়া বোমের চাক
C. অসম্ভব ব্যাপার
D. মৌমাছির চাক

ব্যাখ্যা : 'আচাভুয়ার বোম্বাচাক' অর্থ- সম্ভব নয় এমন কিছু; অসম্ভব ব্যাপার।
• সংস্কৃত 'অত্যদ্ভুত' শব্দ থেকে তদ্ভব রূপ 'আচাভুয়া'। অর্থ- অদ্ভুত, অলৌকিক ক্ষমতাসম্পন্ন। 'বোম্বা + চাক = বোম্বাচাক'। যা বাজনা অর্থে ব্যবহৃত হয়।
• ব্যবহার- "তার মতো কৃপণ লোক এতো টাকা দান করলো? এ তো আচাভুয়ার বোম্বাচাক।"
Ans : C.

**04.** কোনটি ঘোষ ধ্বনির উদাহরণ?
A. য
B. চ
C. ঞ
D. ঝ

ব্যাখ্যা : বর্গের ১ম ও ২য় বর্ণ অঘোষ ধ্বনি। যেমন: চ, ছ, ট, ঠ ইত্যাদি।
• বর্গের ৩য় ও ৪র্থ বর্ণ ঘোষ ধ্বনি। যেমন: গ, ঘ, জ, ঝ, ড, ঢ, ব, ভ ইত্যাদি।
• বর্গের ৫ম বর্ণ নাসিক্য ধ্বনি। যেমন: ঙ, ঞ, ণ, ন, ম ইত্যাদি।
• 'য' হলো- অন্তঃস্থ ধ্বনি।
Ans : D.

**05.** সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান দুই নারী চরিত্র-
A. আমেনা বিবি, জমিলা
B. রহিমা, জমিলা
C. ফাতেমা, রহিমা
D. আবছা, জমিলা

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের প্রধান চরিত্র মজিদ। প্রধান দুই নারী চরিত্র মজিদের স্ত্রী রহিমা ও জমিলা।
• 'লালসালু' উপন্যাসের অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্রগুলো হলো- খালেক ব্যাপারী, খালেক ব্যাপারীর স্ত্রী আমেনা বিবি, তানু বিবি, হাসুনি, হাসুনির মা, তহর বাপ, তহর মা, তাহের, কাদের, রতন, আক্কাস, মোদাব্বের মিয়া, সাত ছেলের বাপ দুদু মিয়া প্রমুখ।
Ans : B.

**06.** নিচের কোন গ্রন্থসমূহ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত নয়?
A. কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, রঙ্গমঞ্চ প্রবন্ধ
B. কৃষ্ণকান্তের উইল, রাজসিংহ, দুর্গেশনন্দিনী
C. দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, বিচিত্র প্রবন্ধ
D. বিষবৃক্ষ, কমলাকান্তের দপ্তর, লোকরহস্য

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্যকর্ম-
• উপন্যাস: দুর্গেশনন্দিনী, রাজসিংহ, কৃষ্ণকান্তের উইল, কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, রজনী, আনন্দ মঠ প্রভৃতি।
• প্রবন্ধগ্রন্থ: লোকরহস্য, কমলাকান্তের দপ্তর, সাম্য, বিবিধ সমালোচনা প্রভৃতি।
• 'রঙ্গমঞ্চ প্রবন্ধ', 'বিচিত্র প্রবন্ধ'- রবীন্দ্রনাথের লেখা।
Ans : A & C.

**07.** কোনটি সঠিক?
A. উদ্ + ডীন = উড্ডীন
B. দিব্ + লোক = দ্যুলোক
C. ভব + অন = ভবন
D. পুন + আগত = পুনরাগত

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ-

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ | প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|---|---|
| উড্ডীন | উৎ + ডীন | দ্যুলোক | দিব্ + লোক |
| ভবন | ভো + অন | পুনরাগত | পুনঃ + আগত |
| পুনর্জন্ম | পুনঃ + জন্ম | উপর্যুপরি | উপরি + উপরি |

Ans : B.

**08.** বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে ছিলেন?
A. বৈষ্ণব কবি
B. বড়ু চণ্ডীদাস
C. বিদ্যাপতি
D. ড. দীনেশ চন্দ্র সেন

ব্যাখ্যা : • পদাবলি বা বৈষ্ণব পদাবলি বলতে সাধারণত শ্রীকৃষ্ণ ও রাধার প্রেমলীলা এবং শ্রীচৈতন্য দেবের লীলাকথা নিয়ে রচিত এক ধরনের গান ও কবিতাকে বুঝায়।
• বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা- চণ্ডীদাস।
• 'পদাবলি' শব্দটি প্রথম ব্যবহার করেন- জয়দেব, দ্বাদশ শতকে 'গীতগোবিন্দ' কাব্যে।
• বৈষ্ণব পদাবলির কয়েকজন বিখ্যাত কবির নাম- চণ্ডীদাস, বিদ্যাপতি, জ্ঞানদাস, গোবিন্দ দাস প্রমুখ।
Ans : B.

**09.** কোন শব্দ দুটি 'পদ্ম' শব্দের সমার্থক?
A. উদক, পয়ঃ
B. নলিন, রাজিব
C. জায়া, দার
D. মিহির, মিত্র

ব্যাখ্যা: 'পদ্ম' শব্দের সমার্থক শব্দ- নলিন, রাজিব, কমল, উৎপল, সরোজ, পঙ্কজ, শতদল, কোকনদ, কুবলয়, পুণ্ডরীক, তামরস, মৃণাল ইত্যাদি।
Ans : B.

**10.** কোন শব্দযুগলের দুটি বানানই সঠিক?
A. সঞ্চয়, বাঞ্ছণীয়
B. অঞ্জনা, শুশ্রুষা
C. রুপসি, শত্রূ
D. সাস্থ্য, মুমূর্ষ

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ বানান- সঞ্চয়, বাঞ্ছনীয়, অঞ্জনা, শুশ্রূষা, রূপসী, শত্রু, স্বাস্থ্য, মুমূর্ষু, শ্রদ্ধাঞ্জলি ইত্যাদি।
Ans : B.

**11.** The English ____ English.
A. spoken
B. speaks
C. speak
D. is spoken

ব্যাখ্যা : প্রশ্নোক্ত বাক্যে 'The English' দ্বারা ইংরেজদের অর্থাৎ ইংরেজ জাতিকে বুঝানো হয়েছে, ইংরেজি ভাষাকে নয়। সাধারণত কোনো জাতির ভাষার নামের পূর্বে the বসে না।
সুতরাং প্রদত্ত বাক্যের Subject 'The English(n)' টি Plural হওয়াতে Subject-verb agreement অনুসারে verb টিও Plural হবে। এক্ষেত্রে সম্পূর্ণ বাক্যটি হবে- The English speak English (ইংরেজরা ইংরেজিতে কথা বলে)।
Ans : C.

**12** **Find the correctly spelt words.**

A. Beannale B. Beanalle
C. Bienalle D. Biennale

ব্যাখ্যা : এখানে correct spelling টি হবে 'Biennale' যা একটি ইতালীয় শব্দ এবং এটি দ্বারা একটি শিল্প প্রদর্শনী বা সাংস্কৃতিক অনুষ্ঠানকে বোঝায়, যা প্রতি দুই বছর পর পর অনুষ্ঠিত হয়। ইংরেজিতে এর পরিবর্তিত রূপ হলো- 'Biennial (দ্বিবার্ষিক)'।

Ans : D.

**13** **Choose the pair that best expresses the relationship similar to the one expressed by the pair of words in capital letters.**

**SQUARE : CUBE**

A. circle : sphere
B. trapezoid : quadrangle
C. addition : subtraction
D. triangle : hexagon

ব্যাখ্যা : Sphere (গোলক) হচ্ছে circle (বৃত্ত) এর 3D form.
Cube (ঘনক) হচ্ছে Square (বর্গক্ষেত্র) এর 3D form.

Ans : A.

**14** **Which one is a rank of officer in the Army?**

A. Leftenant Colonel B. Lieutelant Colonel
C. Lieutenant Colonel D. Leftanent Kornel

ব্যাখ্যা: Army (সেনাবাহিনী) তে একজন অফিসারের পদবী হচ্ছে Lieutenant Colonel (লেফটেন্যান্ট কর্নেল)। এটি হলো correct spelling।

কিছু গুরুত্বপূর্ণ Spelling-

| | | | |
|---|---|---|---|
| Litterateur | Lilliputian | Lecherous | Lampoon |
| Lightning | Lineage | Laborious | Liaison |

Ans : C.

**15** **What is the passive form of the sentence 'Choose the correct answer'?**

A. Let us choose the correct answer
B. Correct answer should be chosen
C. Let the correct answer be chosen
D. Choose the answer which one is correct

ব্যাখ্যা : মূল verb দ্বারা শুরু হলে Active voice থেকে passive voice এ পরিবর্তনের নিয়ম-

**Active:** $V_1$ + Object
**Passive:** Let + Object + be + $V_3$
**Ex:**
**Active:** Choose the correct answer.
**Passive:** Let the correct answer be chosen.

Ans : C.

**16** **The exam will start at-**

A. 15 past 9 B. 9 past 15
C. 9 and 15 D. 15 after 9

ব্যাখ্যা : **Past:** এটি ঘন্টার পরে অতিবাহিত হওয়া মিনিটের সংখ্যা নির্দেশ করে। উদাহরণ স্বরূপ:
It is 5:10 - It is ten past five. (পাঁচটা বেজে দশ মিনিট)
It is 8:25 - It is twenty five past eight. (আটটা বেজে পঁচিশ মিনিট)
**Quarter:** এটি ঘন্টার 15 মিনিট পূর্বে বা পরে বোঝায়। ঘন্টার 15 মিনিট পূর্বে বুঝাতে quarter to এবং 15 মিনিট পরে বুঝাতে quarter past ব্যবহৃত হয়। উদাহরণ স্বরূপ:
It is 4:15 - It is quarter past four. (সোয়া চারটা)
It is 9:45 - It is quarter to ten. (পৌনে দশটা)
**Half:** যখন সময়টি ঘন্টার ঠিক 30 মিনিট পরে তখন half past ব্যবহৃত হয়। উদাহরণ স্বরূপ:
It is 1:30 - It is half past one. (দেড়টা)
It is 6:30 - It is half past six. (সাড়ে ছয়টা)
**To:** সময় পরবর্তী ঘন্টার কাছাকাছি হলে, পরবর্তী ঘন্টা পর্যন্ত অবশিষ্ট মিনিটগুলি নির্দেশ করতে "to" ব্যবহার করতে হয়। উদাহরণ স্বরূপ:
It is 3:40 - It is twenty minutes to four. (চারটা বাজতে বিশ মিনিট বাকি)
It is 5:50 - It is ten minutes to six. (ছয়টা বাজতে দশ মিনিট বাকি)
• প্রশ্নোক্ত বাক্যের ক্ষেত্রে অপশন (A) হবে সঠিক উত্তর কেননা 'The exam will start at 15 past 9' এর অর্থ - 'নয়টা বেজে পনেরো মিনিটে পরীক্ষা শুরু হবে' যা শুদ্ধ।

Ans : A.

**17** **You ought ___ to the dentist.**

A. to see B. go C. seeing D. to go

ব্যাখ্যা : Ought to একটি Semi-model verb। কারও কিছু করা উচিত বা উচিত নয় অর্থে ought to + base form ব্যবহৃত হয়। যেমন-
i) You ought to obey your parents.
(তোমার পিতামাতার আনুগত্য করা উচিত)।
ii) You ought to respect your superiors.
(তোমার বড়দের শ্রদ্ধা করা উচিত)।
iii) You ought to go to the dentist.
(তোমার দন্ত চিকিৎসকের কাছে যাওয়া উচিত)।

Ans : D.

**18** **Please stop ____ so many mistakes.**

A. to make B. make
C. making D. makes of

ব্যাখ্যা: পুরোপুরি থামা অর্থে stop এর পরে সর্বদাই gerund (v + ing) বসে। যেমন:
1) Stop writing/talking.
2) I can't stop him going there.
3) You can't stop me loving her.
আবার কোনো কিছু করার জন্য বা উদ্দেশ্যে অল্প সময়ের জন্য থামা/কোন কাজ বন্ধ করা বোঝালে stop এর পরে infinitive হবে। যেমন:
1) I stopped to ask the way.
2) I stopped to eat something.
3) I stopped to speak to her on my way to school.
প্রশ্নোক্ত বাক্যে 'দয়া করে এত বেশি ভুল করা বন্ধ কর (পুরোপুরি বন্ধ কর)' এমন অর্থে stop এর পরে gerund(making) বসবে। তাই এক্ষেত্রে অপশন (C) যথার্থ।

Ans : C.

**19** **Which one is the correct sentence?**

A. The text has been translated incorrectly.
B. The text had translation incorrectly.
C. The text was to translated incorrectly.
D. The text had been translate incorrectly.

ব্যাখ্যা : Text যেহেতু নিজে নিজে অনূদিত (translated) হতে পারে না বরং অন্য কেউ বা কিছু Text কে অনুবাদ করে সেহেতু এখানে বাক্যটি Passive voice এ হবে।
**Have/has/had +$v_3$ যুক্ত Active voice কে passive voice এ রূপান্তর-**
**Active voice:** Subject + have/has/had + $v_3$ + Object
**Passive voice:** Object টি Subject হয় + have/has/had + been + $v_3$ + by + subject টি object হয়।

Ans : A.

CamScanner

**20.** It has been established that
P: Einstein was
Q: although a great scientist
R: weak in arithmetic
S: right from his school days
The proper sequene should be-

A. SRPQ B. QPRS
C. QPSR D. RQPS

ব্যাখ্যা : ক্রম-P: Einstein was (আইনস্টাইন ছিলেন)
ক্রম-Q: although a great scientist (যদিও একজন মহান বিজ্ঞানী)
ক্রম-R: weak in arithmatic (গণিতে দুর্বল)
ক্রম-S: right from his school days (ঠিক তাঁর বিদ্যালয়ের দিনগুলো থেকে)
এক্ষেত্রে একটি সঠিক অর্থপূর্ণ বাক্য গঠন করতে সঠিক অনুক্রমটি হবে- QPRS। সম্পূর্ণ বাক্যটির অর্থ হবে- 'Although a great scientist, Einstein was weak in arithmatic right from his school days. (যদিও একজন মহান বিজ্ঞানী, আইনস্টাইন তাঁর স্কুল জীবন থেকেই গাণিতিক দিক থেকে দুর্বল ছিলেন)'।
Ans : B.

**21.** কোনটি ময়মনসিংহ গীতিকা?

A. শিলাদেবীর পালা B. গুনাইবিবির পালা
C. মধুমালা D. সোজন বাদিয়ার ঘাট

ব্যাখ্যা : • শিলাদেবীর পালা- পূর্ববঙ্গ গীতিকা।
• গুনাইবিবির পালা- যাত্রাপালা।
• মধুমালা- কাজী নজরুল ইসলামের নাটক।
• মধুমালা- জসীম উদ্দীনের নাটক।
• সোজন বাদিয়ার ঘাট- জসীমউদ্দীনের কাহিনী কাব্য।
Ans : নাই।

**22.** ইউজিন ও নীল কোন দেশের নাট্যকার?

A. স্পেন B. ইটালি
C. আমেরিকা D. জার্মানি

ব্যাখ্যা : ইউজিন ও নীল সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম: ১৬ অক্টোবর, ১৮৮৮ (নিউইয়র্ক সিটি, মার্কিন যুক্তরাষ্ট্র)।
• মৃত্যু: ২৭ নভেম্বর, ১৯৫৩ (বয়স ৬৫) বোস্টন, ম্যাসাচুসেটস, মার্কিন যুক্তরাষ্ট্র।
• পেশা: নাট্যকার।
• উল্লেখযোগ্য পুরস্কার: সাহিত্যে নোবেল পুরস্কার (১৯৩৬), নাটকে পুলিৎজার পুরস্কার (১৯২০, ১৯২২, ১৯২৮, ১৯৫৭)।
Ans : C.

**23.** 'তঞ্চঙ্গা' নৃগোষ্ঠী কোন ধর্মের অনুসারী?

A. সনাতন B. জৈন
C. বৌদ্ধ D. খ্রিস্টান

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন উপজাতি ও তাদের ধর্ম:

| উপজাতি | ধর্ম | উপজাতি | ধর্ম |
|---|---|---|---|
| চাকমা | বৌদ্ধ | পাঙ্গন | মুসলিম |
| মারমা | বৌদ্ধ | ত্রিপুরা | সনাতন |
| রাখাইন | | মনিপুরী | সনাতন |
| তঞ্চঙ্গা | বৌদ্ধ | গারো | খ্রিস্টান |
| সাঁওতাল | হিন্দু ও খ্রিস্টান | খাসিয়া | খ্রিস্টান |

Ans : C.

**24.** কোনটি মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক?

A. নীলদর্পণ B. সাজাহান
C. শর্মিষ্ঠা D. কুলিনকুলসর্বস্ব

ব্যাখ্যা : • নীলদর্পণ(নাটক)- দীনবন্ধু মিত্র।
• শাজাহান(নাটক)- দ্বিজেন্দ্রলাল রায়।
• শর্মিষ্ঠা(নাটক)- মাইকেল মধুসূদন দত্ত।
• কুলিনকুল সর্বস্ব(নাটক)- রামনারায়ণ তর্করত্ন।
Ans : C.

**25.** বাংলাদেশের কোন চলচ্চিত্র 'কান উৎসবে' অফিসিয়াল সিলেকশনের মর্যাদা লাভ করে?

A. মাটির ময়না B. পদ্মা নদীর মাঝি
C. গোলাপী এখন ট্রেনে D. রেহানা মরিয়ম নুর

ব্যাখ্যা: • কান উৎসবের অফিসিয়াল সিলেকশনে বাংলাদেশের প্রথম সিনেমা হিসেবে মর্যাদা লাভ করে- রেহানা মরিয়ম নুর।
• 'রেহানা মরিয়ম নুর' কান উৎসবে সিলেকশনের মর্যাদা লাভ করে- ৭৪তম আসরে।
• 'রেহানা মরিয়ম নুর' সিলেকশনের মর্যাদা লাভ করে- আঁ সার্তে রিগা বিভাগে।
• 'রেহানা মরিয়ম নুর' এর নির্মাতা- আবদুল্লাহ মোহাম্মদ সাদ।
• 'রেহানা মরিয়ম নুর' ছবির প্রধান চরিত্রে অভিনয় করেছেন- আজমেরি হক বাধঁন।
• 'রেহানা মরিয়ম নুর' সাদ'র- ২য় ছবি।
• সাদ'র ১ম ছবির নাম- 'লাইভ ফ্রম ঢাকা' (২০১৬)।
Ans : D.

**26.** 'মুক্তধারা' কোন নাট্যকারের নাটক?

A. মাইকেল মধুসূদন দত্ত B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. গিরিশ চন্দ্র ঘোষ D. দীনবন্ধু মিত্র

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গুরুত্বপূর্ণ কিছু নাটক: ডাকঘর, কালের যাত্রা, তাসের দেশ, প্রকৃতির প্রতিশোধ, রাজা, অচলায়তন, মুক্তধারা, রক্তকরবী প্রভৃতি।
Ans : B.

**27.** 'অরিজিন অব স্পিসিস' কার রচনা?

A. সিগমুণ্ড ফ্রয়েড B. চার্লস ডারউইন
C. প্লেটো D. সক্রেটিস

ব্যাখ্যা : • এ ব্রিফ হিস্ট্রি অফ টাইম- স্টিফেন হকিং।
• লং ওয়াক টু ফ্রিডম- নেলসন ম্যান্ডেলা।
• লিভিং হিস্ট্রি- হিলারি ক্লিনটন।
• স্যাটানিক ভার্সেস- সালমান রুশদি।
• দ্যা অরিজিন অফ স্পিসিস- রবার্ট চার্লস ডারউইন।
Ans : B.

**28.** কোন ভাস্কর্যটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত?

A. সাবাস বাংলা B. সোপার্জিত স্বাধীনতা
C. অপরাজেয় বাংলা D. সংশপ্তক

ব্যাখ্যা : বিভিন্ন ভাস্কর্য ও সেগুলোর অবস্থান:

| ভাস্কর্য | অবস্থান | ভাস্কর্য | অবস্থান |
|---|---|---|---|
| সাবাস বাংলাদেশ | রাজশাহী বিশ্ববিদ্যালয় | বুদ্ধিজীবী স্মৃতিসৌধ | মিরপুর, ঢাকা। |
| স্বোপার্জিত স্বাধীনতা | ঢাকা বিশ্ববিদ্যালয় | জাগ্রত চৌরঙ্গী | জয়দেবপুর, গাজীপুর |
| অপরাজেয় বাংলা | ঢাকা বিশ্ববিদ্যালয় | স্মারক ভাস্কর্য | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| সংশপ্তক | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | স্মৃতি অম্লান | রাজশাহী শহর |
| জাতীয় স্মৃতিসৌধ | নবীনগর, সাভার | জয় বাংলা জয় তারুণ্য | ঢাকা বিশ্ববিদ্যালয় |

Ans : D.

CamScanner

**29.** কোনটি সর্বাধিক সামঞ্জস্যপূর্ণ?
A. গডফাদার ও দি ফাদার B. ইলিয়াড ও ওডেসি
C. শকুন্তলা ও চিত্রাঙ্গদা D. টাইটানিক ও কমলা রকেট

ব্যাখ্যা: • গডফাদার- মারিও পুজো।
• দি ফাদার (মুভি)- কাজী হায়াৎ/ফ্লরিয়ান জেলার।
• ইলিয়াড ও ওডিসি- হোমারের লেখা দুইটি মহাকাব্য।
• শকুন্তলা- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
• চিত্রাঙ্গদা- রবীন্দ্রনাথ ঠাকুর।
• টাইটানিক- জেমস ক্যামেরন।
• কমলা রকেট- নুর ইসলাম মিঠু।
Ans : B.

**30.** কোনটি গ্রিক ট্রাজেডি?
A. দি এ্যালকেমিস্ট B. আলসেস্টিস
C. রোমিও এণ্ড জুলিয়েট D. ডেথ অফ এ সেলসম্যান

ব্যাখ্যা : • ট্রাজেডি সাধারণত দুই প্রকার-
১। গ্রিক ট্রাজেডি ২। শেক্সপিয়রীয় ট্রাজেডি
• দ্য আলকেমিস্ট- পাওলো কোয়েলহো।
• রোমিও এন্ড জুলিয়েট- শেক্সপিয়ার(শেক্সপিয়রীয় ট্রাজেডি)।
• ডেথ অফ আ সেলসম্যান- আর্থার মিলার(গ্রিক ট্রাজেডি)।
Ans : D.

**31.** কোনটি 'ঘন' বাদ্যযন্ত্র?
A. তানপুরা B. হারমোনিয়াম C. ঢোল D. মন্দিরা

ব্যাখ্যা : ঘনবাদ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• পিতল, কাঁসা, ইত্যাদি ধাতুনির্মিত বাদ্যযন্ত্রকে বলে- ঘনবাদ্য।
• ঘনবাদ্যে আঘাতের ফলে সৃষ্টি হয়- ধ্বনির।
• ঘনবাদ্য হলো দু'রকমের- অনুরক্ত এবং বিরক্ত।
• যে ঘনবাদ্য সঙ্গীতে ব্যবহার করা হয় তাকে বলে- অনুরক্ত (করতাল, মন্দিরা, জলতরঙ্গ ইত্যাদি)
• যে ঘনবাদ্য পূজানুষ্ঠান ইত্যাদিতে ব্যবহৃত হয় তাকে বলে- বিরক্ত (ঘন্টা, কাঁসর ইত্যাদি)।
Ans : D.

**32.** কোনটি সর্বাধিক সামঞ্জস্যপূর্ণ?
A. উপন্যাস ও সেলিম আল দীন B. সঙ্গীত ও হুমায়ুন আজাদ
C. ভাস্কর্য ও জীবনানন্দ দাশ D. যাত্রা ও অমলেন্দু বিশ্বাস

ব্যাখ্যা: • সেলিম আল দীন- নাট্যকার।
• হুমায়ুন আজাদ- ভাষাবিজ্ঞানী।
• জীবনানন্দ দাশ- কবি।
• অমলেন্দু বিশ্বাস- যাত্রা অভিনেতা ও পরিচালক।
Ans : D.

**33.** ২০২২ সালে নাট্যকলায় স্বাধীনতা পদক লাভ করেন-
A. আলী যাকের B. মমতাজউদ্দীন আহমদ
C. আব্দুল্লাহ আল মামুন D. সেলিম আল দীন

ব্যাখ্যা : স্বাধীনতা পুরস্কার ২০২৪:

| ক্রমিক নং | ব্যক্তি | ক্ষেত্র |
|---|---|---|
| ১ | কাজী আবদুর সাত্তার, বীর মুক্তিযোদ্ধা ফ্লাইট সার্জেন্ট মোঃ ফজলুল হক (মরণোত্তর), বীর মুক্তিযোদ্ধা শহিদ আবু নাঈম মোঃ নজিব উদ্দীন খান (মরণোত্তর) | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ |
| ২ | ড. মোবারক আহমদ খান | বিজ্ঞান প্রযুক্তি |
| ৩ | ডাঃ হরিশংকর দাশ, মোহাম্মদ রফিকউজ্জামান | সংস্কৃতি |
| ৪ | ফিরোজা খাতুন | ক্রীড়া |
| ৫ | বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী, অরুপ চিরান, এস.এম. আব্রাহাম লিংকন | সমাজসেবা/জনসেবা স্থাপত্য |

Ans : Blank.

**34.** শেক্সপিয়ার কোন নাট্যদলের সাথে যুক্ত ছিলেন?
A. এ্যাম্ফি থিয়েটার B. ব্রডওয়ে থিয়েটার
C. গ্লোব থিয়েটার D. রয়েল থিয়েটার

ব্যাখ্যা : উইলিয়াম শেক্সপিয়ার সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম-মৃত্যু- ২৩ এপ্রিল, ১৫৬৪-২৩ এপ্রিল, ১৬১৬।
• পরিচয়- ইংরেজ কবি ও নাট্যকার।
• বিশেষ পরিচয়- ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক এবং বিশ্বের একজন অগ্রণী নাট্যকার।
• ইংল্যান্ডের "জাতীয় কবি" এবং "বার্ড অব অ্যাভন"- উইলিয়াম শেক্সপিয়ার।
• শেক্সপিয়ার রচিত বিখ্যাত ট্রাজেডি- হ্যামলেট, কিং লিয়ার ও ম্যাকবেথ।
• শেক্সপিয়ার প্রতিষ্ঠা করেন- গ্লোব থিয়েটার।
Ans : C.

**35.** হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয় কত সালে?
A. ১৭৮৭ B. ১৮০২ C. ১৮১৭ D. ১৮৪৭

ব্যাখ্যা : হিন্দু কলেজ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• হিন্দু কলেজের জীবনকাল- ১৮১৭ থেকে ১৯৫৫।
• হিন্দু কলেজের প্রতিষ্ঠাতা- রাজা রামমোহন রায়।
• ইয়ং বেঙ্গলরা ছিল- হিন্দু কলেজের শিক্ষার্থী।
• হিন্দু কলেজের স্থলাভিষিক্ত হয়- প্রেসিডেন্সি কলেজ।
Ans : C.

**36.** 'পোস্টমর্ডানিজম'-কে বাংলায় কি বলা হয়?
A. সাম্প্রতিকবাদ B. উত্তর আধুনিকতাবাদ
C. অধুনাবাদ D. অত্যাধুনিকবাদ

ব্যাখ্যা : • মডার্নিজমকে (modernism) বলে- আধুনিকতাবাদ।
• পোস্ট মডার্নিজমকে (post modernism) বলে- উত্তরাধুনিকতাবাদ।
Ans : B.

**37.** বাংলা নাটকের আদি নিদর্শন কোথায় পাওয়া যায়?
A. অভিনয় দর্পণ B. ভরত নাট্যশাস্ত্র
C. চর্যাপদ D. জাতকের গল্প

ব্যাখ্যা : • বাংলা নাটকের আদি নিদর্শন পাওয়া যায়- ভরত নাট্যশাস্ত্রে।
• প্রাচীন ভারতীয় সাহিত্যশাস্ত্র ও সাহিত্য সমালোচনামূলক বিদ্যা পরিচিত- অলংকার শাস্ত্র নামে।
• ভরত মুনির আবির্ভাব ঘটেছিল- খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতকে।
• ভরতের নাট্যশাস্ত্র বিচারে রস মোট- ৮ প্রকার।
• রসগুলো হলো- শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস ও অদ্ভুত।
Ans : B.

**38.** বিনোদিনী দাসী কে ছিলেন?
A. নৃত্য শিল্পী B. বাদ্যযন্ত্র শিল্পী C. অভিনয় শিল্পী D. চিত্রশিল্পী

ব্যাখ্যা : বিনোদিনী দাসী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম-মৃত্যু- ১৮৬২ ও ১৯৪১।
• পেশা- লেখিকা, কবি, অভিনেত্রী।
• কর্মস্থান- গ্রেট ন্যাশনাল থিয়েটার, বেঙ্গল থিয়েটার।
• পরিচিতির কারণ- থিয়েটার কর্মী।
• উল্লেখযোগ্য কর্ম- দুর্গেশনন্দিনী, মেঘনাদবধ, বিষবৃক্ষ নাটকে অভিনয়।
Ans : C.

CamScanner

**39.** 'প্রসেনিয়াম' কি?
A. এক ধরনের বাদ্যযন্ত্র
B. এক ধরনের নাটক
C. এক ধরনের আলোর উৎস
D. এক ধরনের মঞ্চ

ব্যাখ্যা:
- কলকাতার প্রথম নাট্যমঞ্চ- 'দ্য প্লেহাউস' প্রতিষ্ঠিত হয়- ১৭৫৩ সালে।
- কলকাতার প্রথম প্রসেনিয়াম থিয়েটার হলো- 'দ্য প্লেহাউস'।
- প্রসেনিয়াম বলতে বুঝায়- নাট্যমঞ্চ।
- তিন দিক দেওয়ালে ঘেরা আয়তাকার প্রেক্ষাগৃহ, যার চতুর্থ দেওয়ালের জায়গায় মঞ্চ, মাঝখানে মঞ্চের দিকে মুখ করে দর্শকদের আসন থাকে, অর্থাৎ নাট্যশালার যে চেহারায় আজ আমরা অভ্যস্ত তাকে বলে- প্রসেনিয়াম।

**Ans : D.**

**40.** নিচের কোনটি আসঘার ফারহাদি নির্দেশিত চলচ্চিত্র?
A. রানার
B. এ সেপারেশন
C. হয়্যার ইস দি ফ্রেন্ডস হোম
D. ব্লু আমব্রেলা

ব্যাখ্যা : আসঘার (আসগর) ফারহাদি সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম- ৭ মে, ১৯৭২ (ইসফাহান প্রদেশ, ইরান)।
- পেশা- চলচ্চিত্র পরিচালক, চিত্রনাট্যকার, চলচ্চিত্র প্রযোজক।
- কর্মজীবন- ১৯৯৭ থেকে বর্তমান।
- উল্লেখযোগ্য কর্ম- অ্যাবাউট এলি, এ সেপারেশন, দি পাস্ট, দ্য সেলসম্যান।

**Ans : B.**

**41.** অ্যারিস্টোফানিস রচিত নাটক কোনটি?
A. লিসিসট্রাটা
B. ইলেক্ট্রা
C. মিডিয়া
D. দ্যা ট্রোজান উওমেন

ব্যাখ্যা : অ্যারিস্টোফানিস সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম- আনু. খ্রিস্টপূর্ব ৪৪৬ অব্দে (এথেন্স, গ্রিস)।
- মৃত্যু- আনু. খ্রিস্টপূর্ব ৩৮৬ অব্দে (বয়স আনু. ৬০), ডিলফি, গ্রিস।
- পেশা- নাট্যকার (কমেডি)।
- প্রাপ্ত নাট্যসংখ্যা- ১১টি (মোট ৪৬টি)।
- পরিচিত- কমেডির জনক।
- উল্লেখযোগ্য কর্ম- দ্য ক্লাউডস (খ্রিস্টপূর্ব ৪২৩ অব্দ), দ্য ওয়াস্পস (খ্রিস্টপূর্ব ৪২২ অব্দ), দ্য বার্ডস (খ্রিস্টপূর্ব ৪১৪ অব্দ), লাইসিস্ট্রাটা (খ্রিস্টপূর্ব ৪১১ অব্দ), থেসমোফোরিস উৎসবের নারীবৃন্দ (খ্রিস্টপূর্ব ৪১১ অব্দ), দ্য ফ্রগস (খ্রিস্টপূর্ব ৪০৫ অব্দ)।

**Ans : A.**

**42.** বাংলাদেশে নৃগোষ্ঠী নাটক নিয়ে উল্লেখযোগ্য গবেষণাধর্মী কাজ করেছেন-
A. ড. মুহম্মদ শহীদুল্লাহ
B. ড. ওয়াকিল আহমদ
C. ড. আফসার আহমদ
D. ড. হুমায়ুন আজাদ

ব্যাখ্যা : ড. আফসার আহমদ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম-মৃত্যু- ১৯৫৯ ও ২০২১।
- পরিচিতি- কবি, গীতিকার, সুরকার, নাট্যকার, অনুবাদক, গবেষক, তাত্ত্বিক, নির্দেশক, সমালোচক, সংগঠক ও শিক্ষক।
- বিশেষ অবদান- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নাট্যতত্ত্বের পূর্ণাঙ্গ বিভাগ ও চারুকলা বিভাগ প্রতিষ্ঠা করেন।
- নাটকের তুলনামূলক সমালোচনার শিরোনাম- মঞ্চের ট্রিলজি।
- বাংলাদেশে নৃগোষ্ঠী নাটক নিয়ে রচিত গ্রন্থ- বাংলাদেশের নৃগোষ্ঠী নাট্য।

**Ans : C.**

**43.** কোনটি পিটার ব্রুক রচিত গ্রন্থ?
A. Towards a poor theatre
B. Performance studies
C. Theatre an introduction
D. Empty space

ব্যাখ্যা : পিটার ব্রুক সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম-মৃত্যু- ১৯২৫ ও ২০২২।
- পেশা- থিয়েটার ও ফিল্ম ডিরেক্টর।
- কর্মস্থান- বার্মিংহাম রিপারটরি থিয়েটার, রয়্যাল অপেরা হাউস, রয়্যাল শেক্সপিয়ার কোম্পানি।
- উল্লেখযোগ্য কর্ম- The Empty Spaces, There Are No Secrets, The Open Door, Threads Of Time।
- উল্লেখযোগ্য সম্মাননা ও পুরস্কার- এমী অ্যাওয়ার্ড, লরেন্স অলিভার অ্যাওয়ার্ড, প্রিমিয়াম ইম্পেরিয়াল, প্রিক্স ইটালিয়া, ইউরোপ নাট্য পুরস্কার, পদ্মশ্রী।

**Ans : D.**

**44.** বাংলাদেশের কোন অঞ্চলে 'রাধারমণ' গান প্রচলিত?
A. সিলেট
B. কুষ্টিয়া
C. শ্রীমঙ্গল
D. মানিকগঞ্জ

ব্যাখ্যা : রাধারমণ দত্ত সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম-মৃত্যু- ১৮৩৪ ও ১৯১৫।
- পরিচিতি- সাহিত্যিক, সাধক, কবি, বৈষ্ণব বাউল, ধামালি নৃত্য প্রবর্তক।
- রাধারমণ রচিত ধামাইল গান গাওয়া হয়- সিলেট ও ভারতে।
- তাঁর রচিত গানের ধরন- দেহতত্ত্ব, ভক্তিমূলক, অনুরাগ, প্রেম, ভজন, ধামাইল ইত্যাদি।

**Ans : A.**

**45.** 'A life of pie' চলচ্চিত্রের নির্দেশকের নাম কি?
A. আব্বাস খিরোস্তামি
B. মেল গিবসন
C. অ্যাং লি
D. ক্রিস্টোফার নোল্যান্ড

ব্যাখ্যা : "A life of pie" সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- চলচ্চিত্রটির প্রকাশকাল- ২০১২।
- চলচ্চিত্রটির পরিচালক- অ্যাং লি।
- চলচ্চিত্রটির কাহিনির উৎস- A life of pie উপন্যাস।
- উপন্যাসের রচয়িতা- ইয়ান মার্টেল।
- চলচ্চিত্রটিতে অভিনয় করেন- সুরাজ শর্মা, ইরফান খান, রাফে স্পল, আদিল হুসেইন।

**Ans : C.**

**46.** 'জ্যাঁ রাসিন' রচিত নাটক কোনটি?
A. ফেইড্রা
B. ফাউস্ট
C. ফিলোকটেটিস
D. টেম্পেস্ট

ব্যাখ্যা : জ্যাঁ রাসিন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম-মৃত্যু- ১৬৩৯ ও ১৬৯৯।
- পরিচয়- ফ্রেন্স নাট্যকার।
- রাসিনের নাটকগুলো ১২ শব্দের, যাকে বলে- ডোডড্যাসিলেবলিক।
- তাঁর লেখার বিষয়- কমনীয়তা, বিশুদ্ধতা, গতি এবং রাগ।
- বিখ্যাত নাটক (ট্রাজেডি)- লা থেবাইড (১৬৬৪), আলেক্সান্দ্রে লা গ্র্যান্ড (১৬৬৫), আন্দ্রোমাক (১৬৬৭), ব্রিটানিকাস (১৬৬৯), বেরেনিস (১৬৭০), বাজাযেত (১৬৭২), মিথ্রিদেত (১৬৭৩), আইফিজেনি (১৬৭৪), ফেদ্রে (১৬৭৭), এস্থার (১৬৮৯), আথালি (১৬৯১)।

**Ans : A.**

CamScanner

**47.** বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কোনটি?

A. ২৬ ডিসেম্বর ১৯৭১ B. ৭ জানুয়ারি ১৯৭২
C. ১০ জানুয়ারি ১৯৭২ D. ১৪ জানুয়ারি ১৯৭২

ব্যাখ্যা : বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস- ১০ জানুয়ারি, ১৯৭২।
Ans : C.

**48.** বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে-

A. ১৯৭২ B. ১৯৭৩
C. ১৯৭৪ D. ১৯৭৫

ব্যাখ্যা : বাংলাদেশ বিভিন্ন সংস্থার সদস্য পদ লাভের তারিখ:

| সংস্থা | সাল | সংস্থা | সাল |
|---|---|---|---|
| কমনওয়েলথ | ১৯৭২ | এডিবি | ১৯৭৩ |
| ILO | ১৯৭২ | NAM | ১৯৭৩ |
| IBRD (World Bank) | ১৯৭২ | FAO | ১৯৭৩ |
| IAEA | ১৯৭২ | ESCAP | ১৯৭৩ |
| IMF | ১৯৭২ | জাতিসংঘ | ১৯৭৪ |

Ans : C.

**49.** ৫টা মেশিন ৫ মিনিট কাজ করে যদি ৫টা যন্ত্রাংশ তৈরী করতে পারে, তাহলে ১০০ টা মেশিনের ১০০ টা যন্ত্রাংশ তৈরী করতে কত সময় লাগবে?

A. ৪০ মিনিট B. ৫০ মিনিট
C. ১০০ মিনিট D. ৫ মিনিট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- ৫টা মেশিন ৫ টা যন্ত্রাংশ তৈরি করে- ৫ মিনিটে।
- ১টা মেশিন ১টা যন্ত্রাংশ তৈরি করে- ৫ মিনিটে।
- ১০০টা মেশিন ১০০টা যন্ত্রাংশ তৈরি করে- ৫ মিনিটে।

Ans : D.

**50.** 'কথাকলি' কোন অঞ্চলের নৃত্য?

A. চেন্নাই B. পুরুলিয়া
C. কেরালা D. উড়িষ্যা

ব্যাখ্যা : • 'কথা' ও 'কলি' শব্দের অর্থ যথাক্রমে- কাহিনি ও অভিনয়।
- সামগ্রিকভাবে কথাকলি শব্দের আভিধানিক অর্থ- অভিনয় বা নাটক।
- 'কথাকলি' নৃত্যের উদ্ভব হয়- সপ্তদশ শতকে।
- কথাকলিতে এক প্রকার গল্প বলা হয়ে থাকে, যেখানে প্রথাগতভাবে অভিনেতা-নৃত্যশিল্পীরা বিভিন্ন রঙের- রূপসজ্জা, পোশাক ও মুখোশ পড়েন।
- কথাকলি নৃত্য অনুষ্ঠিত হয়- ভারতের মালয়ালম ভাষী দক্ষিণ-পশ্চিম অঞ্চলে(কেরালা)।

Ans : C.

**51.** রোমান সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?

A. নীল নদ B. টাইবার নদী
C. টেমস্ নদী D. ইরাবতী নদী

ব্যাখ্যা : • ৩৬৫ দিনে একবছর হিসাবের আবিষ্কারক- ইনকারা।
- হিরোডোটাস যে সভ্যতার লোক- গ্রিক সভ্যতা।
- হিট্টাইটদের ধর্মে প্রভাব ছিলো- হুরিয়ানদের।
- রোমান সভ্যতা গড়ে উঠেছিল- টাইবার নদীর তীরে।
- মায়া সভ্যতা গড়ে উঠেছিলো- মেক্সিকোতে।

Ans : B.

**52.** শিল্পী এস. এম সুলতানের কাজের অর্ন্তর্নিহিত তাৎপর্য কোনটি?

A. স্বদেশী আন্দোলন ও জাতীয়তাবাদ
B. প্রকৃতি এবং নারী জীবনের নান্দনিকতা
C. বাংলার মানুষ ও কৃষক সমাজের শক্তিমত্তা
D. নদীমাতৃক বাংলার মানুষ এবং তাদের আন্তঃসম্পর্ক

ব্যাখ্যা : শিল্পী এস.এম. সুলতান সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্ম-মৃত্যু- ১৯২৩ ও ১৯৯৪।
- পারিবারিক ডাকনাম- লাল মিয়া।
- বিখ্যাত চিত্রকর্ম- হত্যাযজ্ঞ, জমি কর্ষণ, প্রথম বৃক্ষরোপণ, চরদখল, মাছ কাটা, ধান মাড়াই।
- তাঁর চিত্রের অর্ন্তর্নিহিত তাৎপর্য- বাংলার মানুষ ও কৃষক সমাজের শক্তিমত্তা।
- তাঁর প্রতিষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিষ্ঠান- শিশুস্বর্গ ও চারুপীঠ।

Ans : C.

**53.** চিত্রটির জন্য কোনটি সঠিক?



A. ওয়ান পয়েন্ট পারস্পেকটিভ B. টু পয়েন্ট পারস্পেকটিভ
C. থ্রি পয়েন্ট পারস্পেকটিভ D. কোনোটিই নয়

ব্যাখ্যা : চিত্রে দেখা যাচ্ছে চারদিকে অনেকগুলো ভবন, আর মাঝ আকাশে একটি বিমান। ধরেই নেওয়া যায় যে, সবাই মাত্র একটি পয়েন্ট বিমানের দিকে তাকিয়ে আছে। সুতরাং এটি ওয়ান পয়েন্ট পার্সপেক্টিভ।
Ans : A.

**54.** বাংলাদেশের প্রথম আধুনিক নারী ভাস্কর কে ছিলেন?

A. শামীম শিকদার B. জাহানারা পারভীন
C. নভেরা আহমেদ D. ফেরদৌসী প্রিয়ভাষিণী

ব্যাখ্যা : নভেরা আহমেদ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বাংলাদেশের প্রথম মহিলা ভাস্কর- নভেরা আহমেদ।
- তাঁর জন্ম-মৃত্যু- ১৯৩৯ ও ২০১৫।
- উল্লেখযোগ্য ভাস্কর্য- চাইল্ড ফিলোসফার, ইকারুস, পরিবার, জেব্রা ক্রসিং, যুগল।
- নভেরা আহমেদ বিখ্যাত নারী শিল্পী হিসেবে আত্মপ্রকাশিত হন- পঞ্চাশের দশকে।

Ans : C.

**55.** কোনটি ছাপচিত্রের মাধ্যম নয়?


A. লিথোগ্রাফ B. এচিং
C. সেরিগ্রাফ D. টাইপোগ্রাফি

ব্যাখ্যা : ছাপচিত্র সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- কাগজের উপর মুদ্রণ প্রক্রিয়ায় শিল্পকর্ম তৈরির কৌশলকে বলে- প্রিন্টমেকিং বা ছাপচিত্র।
- ছাপচিত্র- দুই ধরনের।
- প্লেট বা উপকরণের উপরিভাগে লাগানো রঙের ব্যবহারে তৈরি ছবিকে বলে- উডকাট ও লিথোগ্রাফ।
- রেখার সমাহারে ফুটিয়ে তোলা ছবিকে বলে- ইনটাগলিও পদ্ধতি।
- ছাপচিত্র মাধ্যমের আবিষ্কারক- চীনারা।
- ছাপচিত্রের বিশেষ কিছু মাধ্যম- লিথোগ্রাফ, সেরিগ্রাফ ও এচিং।

Ans : D.

CS CamScanner

**56.** প্রশ্নটির জন্য কোন উত্তরটি সঠিক?




A. ক B. খ C. গ D. ঘ

**Ans : A.**

**57.** 'Chiaroscuro' শব্দটির অর্থ কি?

A. ভাস্কর্যে খোদাই করার পদ্ধতি
B. চিত্রকলায় আলো ও ছায়া তৈরির পদ্ধতি
C. ট্যাপেস্ট্রির বিশেষ বুনন পদ্ধতি
D. ওরিয়েন্টাল ওয়াশ পদ্ধতি

ব্যাখ্যা: • Chiaroscuro অর্থ- উজ্জ্বল ও অনুজ্জ্বল বর্ণের সমাবেশ/আলো-আঁধারি/চিত্রকলার আলো ও ছায়া তৈরির পদ্ধতি।

**Ans : B.**

**58.** 'শখের হাঁড়ি'র ওপর কোন ধরনের ছবি দেখা যায়?

A. ফুল, পাখি, লতা-পাতা B. কড়ি, শামুক, ঝিনুক
C. বাংলার জেলেদের মাছ ধরা D. ধর্মীয় বিষয়াদি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- শখের হাঁড়ি বলতে বোঝানো হয়- চিত্রিত মৃৎপাত্রকে।
- আকার-আকৃতির দিক থেকে শখের হাঁড়ি- সাধারণ হাঁড়ির মতো।
- উজ্জ্বল রঙ দিয়ে দৃষ্টি নন্দন চিত্র আঁকা হয়- শখের হাঁড়িতে।
- বাঙালি লোকজ এবং সামাজিক উৎসব-পার্বণে ব্যবহার হয়- শখের হাঁড়ি।
- শখের হাঁড়িতে থাকে- ফুল, পাতা, পদ্মফুল, মাছ, প্রজাপতি, পানপাতার নকশা।
- গড়ন ও ব্যবহার ভেদে শখের হাঁড়ি বিভিন্ন রকম হয়, যেমন- মঙ্গল হাঁড়ি, সাপুড়ে হাঁড়ি, বালির হাঁড়ি, ঝরা হাঁড়ি, ফুল হাঁড়ি, জাগরণ হাঁড়ি, গর্ভ হাঁড়ি, আইবুড়ো হাঁড়ি, বাকু হাঁড়ি ইত্যাদি।

**Ans : A.**

**59.** 'ট্যাপেস্ট্রি' চারুকলার কোন বিভাগের পঠিত বিষয়?

A. প্রাচ্যকলা B. চিত্রকলা C. কারুশিল্প D. ছাপচিত্র

ব্যাখ্যা : • তাপিশ্রী(Tapestry) মূলত- বস্ত্র শিল্পের একটি রূপ।
- ঐতিহ্যগতভাবে তাপিশ্রীকে (Tapestry) বোনা হয়ে থাকে- উল্লম্ব তাঁতে (সমতল তাঁতেও বোনা যেতে পারে)।
- এটা গঠিত হয়- বিজড়িত সুতার দুইটি সেটের সমন্বয়ে।
- এর সমান্তরালভাবে চলমান দৈর্ঘ্যকে বলে- টানা।
- এর সমান্তরালভাবে চলমান প্রস্থকে বলে- wef।
- তাপিশ্রী (Tapestry) বিষয় গঠিত হয়- কারুশিল্পে।

**Ans : C.**

**60.** গুহা চিত্রের সাথে সম্পর্কযুক্ত নয় কোনটি?

A. আলতামিরা B. অজন্তা C. লাসকো D. পার্থেনন

ব্যাখ্যা : • স্পেনের উত্তরে আলতামিরা গুহা আবিষ্কৃত হয়- ১৮৭৯ সালে।
- একটি বাইসনের ছবি সংবলিত গুহাচিত্র আঁকা আছে- আলতামিরা গুহায়।
- অজন্তা গুহাসমূহে পাওয়া ছবি ও ভাস্কর্য সম্পর্কিত- বৌদ্ধধর্মের সাথে।
- দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের দোরদোন অঞ্চলে প্রাপ্ত গুহাচিত্র- লাসকো।
- লাসকো গুহাচিত্রগুলো অঙ্কিত হয়েছিল- খ্রিস্টপূর্ব ১৭,০০০'র দিকে প্রাচীন প্রস্তরযুগে।
- প্রাক এথেন্সের আর্কোপলিস পাহাড়ের উপর দেবী অ্যাথিনাকে উৎসর্গ করে ডরিক রীতিতে নির্মিত মন্দির- পার্থেনন।

**Ans : D.**

**61.** 'দাদাইজম' কোন শতাব্দীর শিল্পকলা?

A. উনবিংশ শতাব্দীর ১ম ভাগ
B. উনবিংশ শতাব্দীর শেষ ভাগ
C. বিংশ শতাব্দীর ১ম ভাগ
D. বিংশ শতাব্দীর শেষ ভাগ

ব্যাখ্যা : 'দাদাইজম' সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- 'দাদা' ছিল একটি- শিল্প আন্দোলন।
- প্রথম বিশ্বযুদ্ধের সময়ে যুদ্ধের ভয়াবহতা এবং মূর্খতার নেতিবাচক প্রতিক্রিয়ায় গঠিত হয়েছিলো- দাদাইজম (জুরিখে)।
- দাদা শিল্পীদের দ্বারা নির্মিত শিল্প, কবিতা এবং অভিনয় ছিলো- প্রায়শই ব্যঙ্গাত্মক এবং অর্থহীন প্রকৃতির।
- দাদা শুরু হয়েছিলো- ১৯১৬ সালে (নিউইয়র্কে)।
- ১৯২০ সালে দাদা ফুলে ফেঁপে ওঠে- প্যারিসে।
- দাদাইজমের সময়কাল- ১৯১৬ থেকে ১৯২৩।

**Ans : C.**

**62.** 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২'- শিশু সাহিত্যে অবদানের জন্য পুরস্কার পেয়েছেন কে?

A. ধ্রুব এষ B. আলী ইমাম
C. জাফর ইকবাল D. মোহাম্মদ নাসির আলী

ব্যাখ্যা : বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২৩-
- কবিতায়- জনাব শামীম আজাদ।
- কথাসাহিত্যে- জনাব নুরুদ্দিন জাহাঙ্গীর ও জনাব সালমা বাণী।
- প্রবন্ধ/গবেষণায়- জনাব জুলফিকার মতিন।
- অনুবাদে- জনাব সালেহা চৌধুরী।
- নাটক ও নাট্যসাহিত্যে- জনাব মৃত্তিকা চাকমা ও জনাব মাসুদ পথিক।
- শিশুসাহিত্যে- জনাব তপংকর চক্রবর্তী।
- মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায়- জনাব আফরোজা পারভিন ও জনাব আসাদুজ্জামান আসাদ।
- বঙ্গবন্ধু বিষয়ক গবেষণায়- জনাব সাইফুল্লাহ মাহমুদ দুলাল ও জনাব মোহাম্মদ মজিবুর রহমান।
- বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞানে- জনাব ইনাম আল হক।
- আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনীতে- জনাব ইসহাক খান।
- ফোকলোরে- জনাব তপন বাগচী ও সুমন কুমার দাশ।

**Ans : A.**

**63.** আকাশকে নীল দেখা যায় আলোর কোন ধর্মের জন্য?

A. বিচ্ছুরণ B. বিক্ষেপণ
C. প্রতিসরণ D. প্রতিফলন

ব্যাখ্যা : • আকাশ নীল দেখায়- আলোর বিক্ষেপনের কারণে।
- কোন কণিকার ওপর আলো পড়লে সেই কণিকা আলোকে বিভিন্ন দিকে ছড়িয়ে দেয়, যাকে বলে- আলোর বিক্ষেপণ।
- আলোর তরঙ্গদৈর্ঘ্য যত কম, বিক্ষেপণ- তত বেশি।
- আলোর বিক্ষেপণ হলো এর তরঙ্গদৈর্ঘ্যের চতুর্ঘাতের- ব্যস্তানুপাতিক।
- বেগুনি ও নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য- সবচেয়ে কম।
- আকাশে বিক্ষেপণ বেশি হয়- নীল ও বেগুনি আলোর।
- আমাদের চোখ বেগুনি অপেক্ষা নীল বর্ণের আলোর প্রতি অধিক সংবেদনশীল হওয়ায়- আকাশ নীল দেখায়।

**Ans : B.**

CamScanner

**64. দিনাজপুরের কান্তজীর মন্দিরটি কোন মাধ্যমে অলংকরণ করা?**

A. মোজাইক B. ফ্রেস্কো
C. পোড়ামাটির ফলক D. মার্বেল খোদাই

ব্যাখ্যা : • কান্তজিউ বা কান্তজীর বা কান্তনগর মন্দির অবস্থিত- দিনাজপুরে।
• কান্তজিউ মন্দির হলো- মধ্যযুগীয় হিন্দু মন্দির।
• মন্দিরটি শ্রীকৃষ্ণ ও তাঁর স্ত্রী রুক্মিণীকে উৎসর্গ করে নির্মিত করেন- মহারাজা প্রাণ নাথ।
• মন্দিরটির নবরত্ন বা 'নয় শিখর' ধ্বংস হয়- ১৮৯৭ সালের ভূমিকম্পে।
• পৌরাণিক কাহিনীসমূহ দেয়ালের গায়ে ফুটিয়ে তোলা হয়েছে- পোড়ামাটির অলঙ্করণে।

**Ans : C.**

**65. 'পোর্টফোলিও' কি?**

A. কাজের বিবরণ B. কাজের সংগঠিত সংগ্রহ
C. কাজের পূর্ব পরিকল্পনা D. কোনোটিই নয়

ব্যাখ্যা : • পোর্টফোলিও হলো সিভিতে বর্ণিত কাজের/অভিজ্ঞতার তালিকা।
• সুতরাং বলা যায় পোর্টফোলিও হলো কাজের সংগঠিত সংগ্রহ।

**Ans : B.**

**66. লাল রং এর শেড নয় কোনটি?**

A. Scarlet B. Vermilion
C. Crimson D. Cobalt

ব্যাখ্যা : • স্কারলেট হলো একটি- উজ্জ্বল লাল রঙ।
• স্কারলেটকে কখনও কখনও দেখায়- হালকা কমলা রঙের মতো।
• অ্যারিজোনা এর ভারমিলিয়ন ক্লিফ এর লাল রঙ আসে- আয়রন সমৃদ্ধ খনিজ থাকে।
• রঙচক্রে কমলা রঙের চেয়ে বেগুনির দিকে কিছুটা বেশি সম্পর্কিত এবং নীল রঙের কাছাকাছি- ক্রিমসন।

**Ans : D.**

**67. ডলমেনস্ কি?**

A. প্রাচীন স্তূপ B. প্রাচীন মন্দির
C. প্রাচীন প্রাসাদ D. প্রাচীন সমাধি সৌধ

ব্যাখ্যা : 'ডলমেনস্' সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• নব্যপ্রস্তর যুগে সমাধির বেষ্টনী দেওয়া হতো- বড় বড় পাথর দিয়ে।
• ডলমেন হলো- প্রাচীন সমাধিসৌধ।
• ডলমেন দেখতে অনেকটা- টেবিলের মতো।
• সবচেয়ে বড় ডলমেনের অবস্থান- কোরিয়া উপদ্বীপে।
• রাশিয়ার উত্তর-পশ্চিমাঞ্চল ককেশাসে ডলমেন আছে- তিন হাজারের মতো।
• মধ্যপ্রাচ্যে সবচেয়ে বেশি ডলমেন আছে- ইসরাইলে
• বাংলাদেশে বেশ কিছু ডলমেন পাওয়া গেছে- সিলেটের জৈন্তাপুরে।

**Ans : D.**

**68. নিচের কোন ভাস্কর্যটির ভাস্কর মাইকেল এঞ্জেলোর নয়?**

A. David B. Pieta
C. Sistin Madonna D. Sleeping cupid

ব্যাখ্যা : মাইকেল এঞ্জেলো সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম-মৃত্যু- (মার্চ ৬, ১৪৭৫ ও ফেব্রুয়ারি ১৮, ১৫৬৪)।
• পরিচয়- রেনেসাঁস যুগের একজন ইতালীয় ভাস্কর, চিত্রকর, স্থপতি এবং কবি।
• অ্যাঞ্জেলোর উল্লেখযোগ্য ভাস্কর্য- ম্যাডোনা এন্ড চাইল্ড, নাইট, মোজেস, পিয়েটা, গ্রেইভ ইত্যাদি।
• বৈচিত্রময়তার ব্যাপ্তি এবং বিস্তৃতির কারণে মাইকেল এঞ্জেলোকে বলা হয়- রেনেসাঁ মানব।

**Ans : D.**

**69. চিত্রকর্মটির নাম কি?**



A. বিদ্রোহী B. সংগ্রাম C. মই দেওয়া D. গুনটানা

ব্যাখ্যা : জয়নুল আবেদিন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম-মৃত্যু- ২৯ ডিসেম্বর, ১৯১৪ ও ২৮ মে, ১৯৭৬।
• পরিচয়- বিংশ শতাব্দীর একজন বিখ্যাত বাঙালি চিত্রশিল্পী।
• উপাধি - শিল্পাচার্য।
• বিখ্যাত চিত্রকর্ম- দুর্ভিক্ষ-চিত্রমালা, মই দেয়া, সংগ্রাম, সাঁওতাল রমণী, ঝড়, কাক, বিদ্রোহী ইত্যাদি।
• পেশা- শিক্ষকতা, চিত্রশিল্পী।
• পুরস্কার- স্বাধীনতা পুরস্কার(১৯৭৭)।

**Ans : C.**

**70. কাইয়ুম চৌধুরী কোন প্রজন্মের শিল্পী?**

A. ১ম প্রজন্ম B. ২য় প্রজন্ম C. ৩য় প্রজন্ম D. সমকালীন

ব্যাখ্যা : কাইয়ুম চৌধুরী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• জন্ম-মৃত্যু- ৯ মার্চ, ১৯৩২ ও ৩০ নভেম্বর, ২০১৪ (বয়স ৮২)।
• শিক্ষার্জন- তেলচিত্র, রেখাচিত্র, জলরং, ছাপচিত্র।
• পরিচিতির কারণ- চিত্রশিল্পী, প্রচ্ছদশিল্পী (১ম প্রজন্মের)।
• উল্লেখযোগ্য কর্ম- ঘুড়ি হাতে বালক, আত্মপ্রকৃতি, বিড়াল।
• প্রাপ্ত পদক- সুফিয়া কামাল পদক, শহিদ আলতাফ মাহমুদ পদক।

**Ans : A.**

**71. ২৫তম জাতীয় চারুকলা প্রদর্শনী শুরু হয় কবে?**

A. ২৮ মে B. ২৯ মে C. ৩০ মে D. ৩১ মে

ব্যাখ্যা : • ২৫ তম জাতীয় চারুকলা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে- ২৮ মে থেকে ১৭ জুলাই ২০২৩।
• প্রদর্শনী হয়েছে- ৭ টি গ্যালারিতে।
• সভাপতি ছিলেন।- একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী।
• শ্রেষ্ঠ পুরস্কার দেওয়া হয়েছে- মোট ১১ টি।

**Ans : A.**

**72. ছয় দফা আন্দোলনের লোগো, পোস্টার, মঞ্চসজ্জা করেছিলেন-**

A. শিল্পী কামরুল হাসান B. শিল্পী শাহাবুদ্দিন আহমেদ
C. শিল্পী মোহাম্মদ কিবরিয়া D. শিল্পী হাশেম খান

ব্যাখ্যা : শিল্পী হাশেম খান-
• জন্ম: ১ জুলাই, ১৯৪১ (চাঁদপুর)।
• পরিচয়- চিত্রশিল্পী, প্রচ্ছদশিল্পী।
• শিক্ষার্জন- তেলচিত্র, রেখাচিত্র, জলরং, ছাপচিত্র।
• পুরস্কার- স্বাধীনতা পদক, একুশে পদক।
• ছয় দফার লোগো, পোস্টার ও মঞ্চসজ্জা করেন- শিল্পী হাশেম খান।

**Ans : D.**

**73. 'বাংলাদেশের লোক ও কারু শিল্প জাদুঘর'-এর প্রতিষ্ঠাতা কে?**

A. পটুয়া কামরুল হাসান B. শিল্পাচার্য জয়নুল আবেদীন
C. শিল্পী এস.এম সুলতান D. শিল্পী সফিউদ্দীন আহমেদ

ব্যাখ্যা : বাংলাদেশের লোক ও কারুশিল্প জাদুঘর সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
• অবস্থান- সোনারগাঁও, নারায়ণগঞ্জ। • ধরন- লোক ও কারুশিল্প।
• প্রতিষ্ঠাতা- জয়নুল আবেদিন। • প্রতিষ্ঠাকাল- ১২ মার্চ, ১৯৭৫।

**Ans : B.**

CS CamScanner

**74.** আকৃতির দিক থেকে 'পটচিত্র' কয় ধরনের?

A. দুই B. চার C. তিন D. পাঁচ

ব্যাখ্যা : 'পটচিত্র' সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- পট বা বস্ত্রের উপর আঁকা চিত্রকে বলে- পটচিত্র(লোকচিত্র)।
- পটশিল্প বাংলার শিল্পকলার ঐতিহ্যের বাহক ছিল- প্রাচীনকালে।
- যারা পটচিত্র অঙ্কন করেন তাদের বলা হয়- পটুয়া।
- পট শব্দের প্রকৃত অর্থ- কাপড়।
- পট মূলত ০২ প্রকার, যথা- জড়ানো পট ও চৌকা পট।

**Ans : A.**

**75.** 'মোনালিসা' চিত্রকর্মটির মাধ্যম কি ছিল?

A. কাঠের পাটাতনে তেলরং B. ক্যানভাসে প্যাস্টেল
C. ক্যানভাসে তেলরং D. ফ্রেস্কো

ব্যাখ্যা : মোনালিসা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- শিল্পী: লিওনার্দো দা ভিঞ্চি।
- বছর- ১৫০৪ থেকে ১৫০৬ খ্রিস্টাব্দ, হয়তো ১৫১৭ পর্যন্ত চলেছে।
- ধরন- পপলার প্যানেলে (পাইন কাঠের উপর তেলরঙ)।
- বিষয়- লিসা দেল জোকোন্দো।
- আয়তন- ৭৭ সেমি × ৫৩ সেমি(৩০ ইঞ্চি × ২১ ইঞ্চি)।
- অবস্থান- লুভর জাদুঘর, প্যারিস।

**Ans : A.**

**76.** চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার ছোট একটি গ্রাম টিকাইল। গ্রামটি কিসের জন্য বিশেষভাবে পরিচিতি পায়?

A. পটচিত্র B. আলপনা চিত্র
C. কাঠের পুতুল D. জামদানি শাড়ি

ব্যাখ্যা : টিকাইল গ্রাম সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- টিকাইল গ্রামের প্রতিটি দেয়াল- এক একটি ক্যানভাস।
- টিকাইল গ্রামের মানুষগুলো- আল্পনার কারিগর।
- টিকাইল গ্রামের আসল কারিগর- গৃহিণী ও মেয়েরা।
- টিকাইল গ্রামের আলপনা আঁকার দেয়ালগুলি- মাটির।

**Ans : B.**

নিম্নোক্ত চিত্রটি পর্যবেক্ষণ করে 77, 78 ও 79 নম্বর প্রশ্নের উত্তর দাও।



**77.** চিত্রকর্মটির নাম কি?

A. দ্যা ক্রিয়েশন অফ অ্যাডাম B. দ্যা স্কুল অফ এথেন্স
C. দ্যা লাস্ট জাজমেন্ট D. দ্যা লাস্ট সাপার

ব্যাখ্যা : • স্কুওলা দি আতেনে (The School Of Athens) হলো- রেনেসা যুগের চিত্রকর্ম।
- চিত্রকর্মটি করেছেন- রাফায়েল। • ধরন- ফ্রেসকো।
- অবস্থান- ভ্যাটিকান সিটি।
- চিত্রকর্মটি করা হয়েছে- ১৫১০ থেকে ১৫১১ খ্রিষ্টাব্দের মাঝামাঝি সময়ে।
- এটি সংরক্ষিত আছে- পোপের নিজ বাসভবনে।
- এটি ঝুলানো আছে- লা ডিসপোটার উল্টো দিকের দেয়ালে।
- রাফায়েল এই ক্যানভাসটি করেছিলেন- পোপ ২য় জুলিয়াসের নির্দেশে (তার আবাস কক্ষে)।

**Ans : B.**

**78.** চিত্রটি কোন শিল্পীর আঁকা?

A. পাবলো পিকাসো B. হেনরি মাতিস
C. লিওনার্দো দ্যা ভিঞ্চি D. রাফায়েল

ব্যাখ্যা : • স্কুওলা দি আতেনে (The School Of Athens) হলো- রেনেসা যুগের চিত্রকর্ম।
- চিত্রকর্মটি করেছেন- রাফায়েল।
- ধরন- ফ্রেসকো।
- অবস্থান- ভ্যাটিকান সিটি।
- চিত্রকর্মটি করা হয়েছে-১৫১০ থেকে ১৫১১ খ্রিষ্টাব্দের মাঝামাঝি সময়ে।
- এটি সংরক্ষিত করা আছে- পোপের নিজ বাসভবনে।
- এটি ঝুলানো আছে- লা ডিসপোটার উল্টো দিকের দেয়ালে।
- রাফায়েল এই ক্যানভাসটি করেছিলেন- পোপ ২য় জুলিয়াসের নির্দেশে (তার আবাস কক্ষে)।

**Ans : D.**

**79.** এটি কোন ধারার চিত্রকর্ম?

A. রেঁনেসা B. ব্যারোক C. রককো D. নিওক্ল্যাসিসিজম

ব্যাখ্যা : • স্কুওলা দি আতেনে (The School Of Athens) হলো- রেনেসা যুগের চিত্রকর্ম।
- চিত্রকর্মটি করেছেন- রাফায়েল।
- ধরন- ফ্রেসকো।
- অবস্থান- ভ্যাটিকান সিটি।
- চিত্রকর্মটি করা হয়েছে- ১৫১০ থেকে ১৫১১ খ্রিষ্টাব্দের মাঝামাঝি সময়ে।
- এটি সংরক্ষিত করা আছে- পোপের নিজ বাসভবনে।
- এটি ঝুলানো আছে- লা ডিসপোটার উল্টো দিকের দেয়ালে।
- রাফায়েল এই ক্যানভাসটি করেছিলেন- পোপ ২য় জুলিয়াসের নির্দেশে (তার আবাস কক্ষে)।

**Ans : A.**

**80.** শিল্পী এস.এম সুলতান কোন বিখ্যাত শিল্পীর সাথে প্রদর্শনী করেছিলেন?

A. অগুস্ত রদ্যাঁ B. পাবলো পিকাসো
C. ভিনসেন্ট ভ্যানগগ D. সালভাদর দালি

ব্যাখ্যা: এস এম সুলতান-
- জন্ম-মৃত্যু– ১০ আগস্ট, ১৯২৩ ও ১০ অক্টোবর, ১৯৯৪ (বয়স ৭১)।
- সমাধি- নড়াইল।
- মাতৃশিক্ষায়তন- কলকাতা আর্ট স্কুল।
- পেশা- চিত্রশিল্পী।
- অন্য পরিচয়- সুরসাধক ও বাঁশি বাজাতেন।
- কর্মজীবন- ১৯৪৬ থেকে ১৯৯৪।
- পুরস্কার- একুশে পদক, স্বাধীনতা দিবস পুরস্কার, ম্যান অব অ্যাচিভমেন্ট এবং ম্যান অব এশিয়া।
- তিনি ১৯৫৬ সালের যুক্তরাজ্যে যৌথ প্রদর্শনী করেন- পাবলো পিকাসো, সালভাদর দালি, জন ব্রাক, পল ক্লী প্রমুখের সাথে।

**Ans : B & D.**

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
◆ বিজ্ঞান - A Unit ◆ ব্যবসায় - C Unit
◆ মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) -B Unit
(বিগত ঢাবি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

CamScanner